সপ্তদশ সর্বভারতীয় গৃহপালিত প্রাণী
কৃষি যন্ত্রপাতি ও মৎস্য-সংক্রান্ত শুমারি
পশ্চিমবঙ্গ সরকার

ভিত্তি তারিখ : ১৫ই অক্টোবর, ২০০৩

পশ্চিমবঙ্গ রাজ্য প্রতিবেদন
৩য় খণ্ড
(প্রেসিডেন্সী বিভাগ)

প্রাণী সম্পদ ও প্রাণী স্বাস্থ্য অধিকার
পশ্চিমবঙ্গ সরকার

পশ্চিমবঙ্গ রাজ্য প্রতিবেদন

৩য় খণ্ড

(প্রেসিডেন্সী বিভাগ)

জেলাসমূহ

মুর্শিদাবাদ, নদীয়া, উত্তর ২৪ পরগনা

দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা এবং হাওড়া

পশ্চিমবঙ্গ রাজ্য প্রতিবেদন ৪টি খণ্ডে বিভক্ত

প্রতিটি জেলার প্রতিবেদন এক বা একাধিক খণ্ডে বিভক্ত

বিষয়বস্তু, সন্নিবেশ এবং বিশ্লেষণ
তুষার রঞ্জন নাথ
উপ রাজ্য প্রাণী শুমারি আধিকারিক

সহযোগিতায়
ডঃ অরিন্দম কুণ্ডু এবং সুপ্রিয়া রায়
প্রাণী সম্পদ ও প্রাণী স্বাস্থ্য অধিকার, পশ্চিমবঙ্গ সরকার

কম্পিউটার প্রযুক্তিতে
শিল্পবার্তা প্রিন্টিং প্রেস লিমিটেড
(পশ্চিমবঙ্গ সরকারের অধীনস্থ)
২৫ ও ২৭ ক্যানাল সাউথ রোড
ট্যাংরা ইণ্ডাস্ট্রিয়াল এস্টেট
কোলকাতা- ৭০০ ০১৫
পশ্চিমবঙ্গ

সপ্তদশ সর্বভারতীয় গৃহপালিত প্রাণী কৃষি যন্ত্রপাতি ও মৎস্য-সংক্রান্ত শুমারি

পশ্চিমবঙ্গ সরকার

ভিত্তি তারিখ : ১৫ই অক্টোবর, ২০০৩

প্রকাশক

অধিকর্তা, প্রাণী সম্পদ এবং প্রাণী স্বাস্থ্য অধিকার

প্রাণী সম্পদ বিকাশ বিভাগ

পশ্চিমবঙ্গ সরকার

মহাকরণ, ব্লক-এফ, ৫ম তল, কলকাতা-৭০০ ০০১

মুখ্যমন্ত্রী
পশ্চিমবঙ্গ

নং-৩৯৬-পি.সি.এম.
২১ জানুয়ারি, ২০০৮

সপ্তদশ সর্বভারতীয় গৃহপালিত প্রাণী শুমারির অঙ্গ হিসেবে পশ্চিমবঙ্গের গৃহপালিত প্রাণী, কৃষি-যন্ত্রপাতি ও মৎস্য সংক্রান্ত শুমারির ইংরেজি প্রতিবেদনের একটি বাংলা সংস্করণ শীঘ্রই প্রকাশিত হবে জেনে আনন্দিত হয়েছি। রাজ্য সরকারের প্রাণী সম্পদ বিকাশ বিভাগের এই উদ্যোগকে স্বাগত জানাই।

রাজ্যের প্রতিটি জেলার গ্রামাঞ্চল ও শহরাঞ্চলের যথাক্রমে মৌজা ও পাড়াভিত্তিক গৃহপালিত প্রাণীদের সম্পর্কে বিস্তারিত তথ্য-সংবলিত এই বইটি সংশ্লিষ্ট সকল পক্ষকে বিশেষভাবে সাহায্য করবে বলে আমি বিশ্বাস করি।

এই প্রকাশনাটির সঙ্গে যুক্ত সকলকে আন্তরিক শুভেচ্ছা জানাই।

(বুদ্ধদেব ভট্টাচার্য)

ANISUR RAHAMAN
MINISTER-IN-CHARGE
Deptt of Animal Resources Dev
Govt of West Bengal
Writers' Buildings
Kolkata- 700 001
Ph No (033) 2214-3664 (Off)
Fax No (033) 2214-5213

আনিসুর রহমান
মন্ত্রী
প্রাণী সম্পদ বিকাশ বিভাগ
পশ্চিমবঙ্গ সরকার
মহাকরণ
কলকাতা ৭০০ ০০১

অবতরণিকা

পশ্চিমবঙ্গ সরকারের প্রাণী সম্পদ ও প্রাণী স্বাস্থ্য অধিকার দ্বারা পরিচালিত সপ্তদশ সর্বভারতীয় গৃহপালিত প্রাণী, কৃষি যন্ত্রপাতি ও মৎস্য সংক্রান্ত শুমারি এ রাজ্যে যথাসময়ে সম্পন্ন হয়েছে, ১৫ই অক্টোবর ২০০৩ কে ভিত্তি তারিখ হিসেবে ধরে।

বর্তমান প্রতিবেদনটি (যার ইংরেজী সংস্করণ ও সি.ডি. প্রকাশিত হয়েছে গত ২৪.২.২০০৬ তারিখে) প্রতি জেলার গ্রামাঞ্চল / শহরাঞ্চল ও মৌজা / পাড়া ভিত্তিক বিশদ তথ্য সমৃদ্ধ। এই রিপোর্টটির আরেক উল্লেখযোগ্য বৈশিষ্ট হ'ল গ্রামাঞ্চলের ক্ষেত্রে মৌজা, গ্রাম পঞ্চায়েত, ব্লক, মহকুমা (গ্রামাঞ্চল) ও সর্বোপরি জেলা (গ্রামাঞ্চল) ভিত্তিক এবং শহরাঞ্চলের ক্ষেত্রে ওয়ার্ড, পৌর এলাকা, মহকুমা (শহরাঞ্চল) এবং জেলা (শহরাঞ্চল) ভিত্তিক প্রাণী সংক্রান্ত তথ্যের মানচিত্র সহ ভৌগোলিক তথ্য প্রযুক্তি ব্যবস্থার (GIS) প্রবর্তন - যা এ রাজ্যে এই প্রথম।

প্রাণী শুমারির এই কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য যারা প্রশংসনীয় উদ্যোগ নিয়েছেন তাদের মধ্যে বিশেষভাবে উল্লেখ্য যুগ্ম অধিকর্তা (পরিসংখ্যান) ও অতিরিক্ত রাজ্য প্রাণী শুমারি আধিকারিক ডঃ পি.কে. ভট্টাচার্য্য, পরিসংখ্যান আধিকারিক ও উপ-রাজ্য প্রাণী শুমারি আধিকারিক শ্রী তুষার রঞ্জন নাথ এবং প্রাণী সম্পদ বিকাশ বিভাগের অন্যান্য আধিকারিক ও কর্মচারী। সংশ্লিষ্ট সকলকে আমি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই।

তথ্য সমৃদ্ধ, প্রামাণ্য এই প্রতিবেদন প্রাণী পালন ক্ষেত্রে কর্মরত গবেষকদের কাজে ও এই ক্ষেত্রের পরিকল্পনা প্রণেতাদের উন্নয়নমূলক খসড়া তৈরিতে, বিশেষ করে ত্রিস্তর পঞ্চায়েতের কর্মকর্তা সহ সকল সদস্য / সদস্যাদের ও সর্বোপরি প্রাণী সম্পদ বিকাশ বিভাগ ও সংশ্লিষ্ট সকল বিভাগের কর্মী আধিকারিকদের বিশেষ সাহায্য করবে বলে আমি আশা রাখি।

কলকাতা
১৮ই ডিসেম্বর, ২০০৭

(আনিসুর রহমান)

দিলীপ কুমার চক্রবর্তী, আই.এ.এস.
প্রধান সচিব
প্রাণী সম্পদ বিকাশ বিভাগ
পশ্চিমবঙ্গ সরকার
মহাকরণ, কলকাতা ৭০০ ০০১
ফোন / ফ্যাক্স (০৩৩) ২২১৪ ৩৬৯০ / ২২১৪ ৫০০৬

DILIP KUMAR CHAKRABORTY, I.A.S.
Principal Secretary
Animal Resources Development Department
Government of West Bengal
Writers' Buildings, Kolkata 700 001
Tele/Fax (033) 2214 3690/2214 5006

এটি পশ্চিমবঙ্গ বাজ্যেব সপ্তদশ প্রাণী শুমাবিব (ভিত্তি তাবিখ ১৫.১০.২০০৩) পূর্ণাঙ্গ ও সম্পূর্ণ প্রতিবেদন । প্রতি জেলাব মৌজা / পাড়া স্তর পর্যন্ত গৃহপালিত প্রাণী ও মুবগিব সংখ্যা, কৃষি যন্ত্রপাতি, মৎস্য চাষ এবং প্রাণী পালন ও মৎস্য চাষেব পবিকাঠামো সম্পর্কিত প্রামাণ্য ও সাম্প্রতিক তথ্য সম্বলিত এই প্রতিবেদন প্রমাণ কবে যে শুমাবি পরিচালনা ও সংগৃহীত তথ্যাদি প্রকাশ কবা উভয় ক্ষেত্রেই উল্লেখযোগ্য পাবদর্শিতা ও তৎপবতাব প্রতিফলন ঘটেছে।

প্রাণী সম্পদ বিকাশ দপ্তবেব আধিকাবিক ও কর্মীদেব নিবন্তব সহযোগিতা ও কঠোব পবিশ্রম ছাড়া তথ্য সংগ্রহ ও প্রতিবেদন প্রকাশনাব কাজ যথাসময়ে সম্পন্ন কবা সম্ভব হত না। এই কাজে বিভাগেব যুগ্ম অধিকর্তা (পবিসংখ্যান) ও অতিবিক্ত বাজ্য প্রাণী শুমাবি আধিকারিক ডঃ পি.কে. ভট্টাচার্য এবং পবিসংখ্যান আধিকাবিক ও উপ-বাজ্য প্রাণী শুমারি আধিকাবিক শ্রী টি.আব. নাথেব আন্তরিক প্রচেষ্টাব কথা বিশেষ উল্লেখেব দাবী বাখে ।

প্রাণী শুমাবি সংক্রান্ত তথ্য যাদেব কাজেব ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ও প্রাসঙ্গিক, তাদেব কাজে এই বিপুল ও প্রামাণ্য তথ্যাবলীব উপযোগিতা অনস্বীকার্য হবে এই আশা বাখি ।

কলকাতা
ডিসেম্বব, ২০০৭

(দিলীপ কুমার চক্রবর্ত্তী)

ডাঃ দিলীপ কুমার দাস

অধিকর্তা

প্রাণী সম্পদ ও প্রাণী স্বাস্থ্য অধিকাব

পশ্চিমবঙ্গ সরকার

কার্য্যালয়

মহাকরণ, ব্লক-এফ (৫ম তল), কলকাতা-১ এবং

নব মহাকরণ (৪র্থ তল), ১, কে এস রায় রোড, কলকাতা ১

দূরভাষ (০৩৩)২২৪৮-৫৫৪৫/৬২৭১, ২২৪৩-৯২৮৪ সম্প্রসারণ ৩০৩৫

মোবাইল ৯৩৩১২৭৫৫১১

ফ্যাক্স (০৩৩) ২২৪৮ ৫৫৪৫/২২৪৩ ৯২৮৪

ই মেল ডিএএইচভিএসডাব্লুবি@রেডিফমেল কম

DR. DILIP KUMAR DAS

Director of Animal Husbandry & Veterinary Services, West Bengal

Government of West Bengal

Office :

Writers' Buildings, Block-F (4th Floor), Kolkata-1
and New Secretariat Buildings (3rd Floor)
1, K S Ray Road, Kolkata-1

Tel (033)2248-5545/6271,2243-9284 Ext 3035

Mobile 9331275511

Tele Fax : (033) 2248-5545/2243-9284

E-mail dahvswb@rediffmail.com

ভূমিকা

পশ্চিমবঙ্গে সপ্তদশ সর্বভারতীয় গৃহপালিত প্রাণী, কৃষি যন্ত্রপাতি ও মৎস্য সংক্রান্ত শুমারি পরিচালনা কবার সম্পূর্ণ দায়িত্ব প্রাণী সম্পদ ও প্রাণী স্বাস্থ্য অধিকাবেব। শুমারির অন্তর্ভূক্ত বিষয়গুলি হল সম্পূর্ণ গণনা, তদাবকি, গণনা ও ছক তৈবি, সম্পূর্ণ তথ্য কম্পিউটারে নথিভূক্ত কবা, এ সংক্রান্ত সফ্‌টওয়্যার তৈরি করা এবং যথাসময়ে প্রতিবেদন পেশা কবা। ভাবত সবকাব বাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল সমূহের কাজের মধ্যে সমন্বয় রক্ষা করে এবং তথ্য সংগ্রহ ও সংকলনের ক্ষেত্রে প্রয়োজনীয় পথ নির্দেশ কবে।

প্রাণী শুমাবির বিভিন্ন বিষয় সম্পর্কে পূর্ব ধারণা ও সংজ্ঞার কিছু কিছু সূক্ষ্ম পরিবর্তন হেতু প্রতি শুমারিতেই কাজেব সুযোগ ও পবিধি বৃদ্ধি পায়। এই বছরেও খরগোশ ও সংকব গরুর প্রজাতি ভিত্তিক তথ্য নতুন সংযোজন হয়েছে।

এই বিভাগের সেইসব কর্মচারী ও আধিকারিক, যারা বাড়তি দায়িত্ব নিয়ে প্রাণী শুমারির কাজ সুসম্পন্ন কবেছেন, তাদেব উদ্যোগ সর্বতোভাবে প্রশংসনীয়।

একথা উল্লেখ্য যে যুগ্ম অধিকর্তা, প্রাণী সম্পদ বিকাশ (পরিসংখ্যান) এবং অতিরিক্ত বাজ্য প্রাণী শুমাবি আধিকাবিক ডঃ পি.কে. ভট্টাচার্যের সঠিক পথ নির্দেশ এবং পরিসংখ্যান আধিকারিক ও উপ রাজ্য প্রাণী শুমাবি আধিকাবিক শ্রী টি.আর. নাথ ও অধিকারের অন্যান্য আধিকারিক ও কর্মীদের অক্লান্ত প্রচেষ্টা এই কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন কবতে সাহায্য করেছে।

নিঃসন্দেহে এই শুমারি লব্ধ তথ্যাবলী প্রাণী পালন, মুরগি পালন, কৃষি ও গ্রামোন্নয়ন ক্ষেত্রে গবেষণাবত অসংখ্য গবেষক ও পবিকল্পনা প্রণেতাদের কাজে লাগবে। পশ্চিমবঙ্গে মাইক্রো স্তরে উন্নয়ন পরিকল্পনা প্রস্তুতির ক্ষেত্রে এই প্রতিবেদনে প্রকাশিত তথ্যাদি কাজে লাগানো গেলে তবেই এই প্রকাশনাব উদ্দেশ্য ও প্রচেষ্টা সার্থক হবে।

(দিলীপ কুমার দাস)

প্রবীর কুমার ভট্টাচার্য্য
এম এস.সি. (পবিসংখ্যান), পি.এইচ.ডি.
যুগ্ম অধিকর্তা, প্রাণী পালন (পবিসংখ্যান)
প্রাণী সম্পদ ও প্রাণী স্বাস্থ্য অধিকাব
পশ্চিমবঙ্গ সবকাব
মহাকবণ, ব্লক- এফ, ৫ম তল, কলকাতা ১
দূবভাষ : (০৩৩) ২২৫৪-৪২৬৩

P.K. BHATTACHARJEE
M.Sc. (Statistics), Ph.D.
Joint Director of Animal Husbandry (Statistics)
Directorate of Animal Resources & Animal Health
Government of West Bengal
Writers' Buildings,
Block-F, 4th Floor, Kolkata-1
Phone (033) 2254-4263

সপ্তদশ প্রাণী শুমারির প্রযুক্তিগত দিক

গৃহপালিত প্রাণীব মোট সংখ্যা এবং এব নানা প্রজাতিগত ভিত্তি সম্বন্ধে সম্যক ধাবণা কবাব একমাত্র গুরুত্বপূর্ণ ও নির্ভবযোগ্য উৎস হল প্রাণী শুমাবি। ভিত্তি তাবিখ ১৫.১০.২০০৩ ধবে ভাবত সবকাবেব কৃষি মন্ত্রকেব অধীন প্রাণী পালন, দোহ ও মৎস্য বিভাগ ১৭তম এই প্রাণী শুমাবি পবিচালনা কবে।

বিভিন্ন বাজ্যে ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিতে সংশ্লিষ্ট সবকার এই শুমাবি সম্পাদনার দাযিত্বে থাকে। এটি মূলতঃ পবিসংখ্যান ভিত্তিক একটি ব্যাপক কর্মকাণ্ড। একই সঙ্গে প্রাণী সম্পদ উন্নযন মূলক বিবিধ কর্মসূচী রূপাযনেব জন্য বাজ্যেব ও দেশেব গৃহপালিত প্রাণীব সংখ্যাব গঠনগত বা কাঠামো সম্পর্কে ধাবণা কবাব ক্ষেত্রেও এই শুমাবি একান্ত অপবিহার্য। এই শুমাবি প্রাণী গণনা ছাড়াও মৎস্য ও কৃষি যন্ত্রপাতি বিষযেও তথ্য সংগ্রহ কবে।

১৯১৯-২০ সালে প্রথম প্রাণী শুমাবি শুরু হয এবং পববর্তী শুমাবি প্রতি ৫ বছব অন্তব কবা হয়ে থাকে। এ পর্যন্ত মোট ১৭টি প্রাণী শুমাবি সম্পন্ন হযেছে।

পশ্চিমবঙ্গে সংকব গরুব প্রজাতি ভিত্তিক তথ্য এবং খবগোশেব তথ্য সর্বপ্রথম সংগৃহীত হয সপ্তদশ প্রাণী শুমাবিতে। জার্সি, হলস্টিন ইত্যাদিব মত স্বীকৃত প্রজাতিব গবাদি প্রাণীব ক্ষেত্রে আগেব বাবেব মত বর্তমান বিপোর্টেও সংকব এবং দেশি গরুকে একত্র কবা হযেছে - যাতে অতীতেব অবস্থাব সাথে একটি তুলনামূলক বিশ্লেষণ কবা যায।

প্রতিটি বাড়িব জন্য যে প্রশ্নেব তালিকা তৈবী কবা হযেছে তা থেকে বাড়ি পিছু মোট ২৮৮টি বা আবো বেশি বিষযে তথ্য সংগ্রহ কবা সম্ভব হবে। এছাড়াও প্রতিটি মৌজা এবং ওযার্ড থেকে গবাদি প্রাণী এবং মৎস্য এই দুটি ক্ষেত্রেব পবিকাঠামো সম্বন্ধেও কিছু তথ্য পাওয়া সম্ভব হয। ফিল্ড ওযার্কাববা বাড়ি বাড়ি গণনাব মাধ্যমে বাড়ি ও প্রতিষ্ঠান, সংস্থাভিত্তিক গবাদি প্রাণী, কৃষি যন্ত্রপাতি, মাছ ধবাব সবঞ্জাম ও নৌকো ইত্যাদিব (সেই সঙ্গে মৎস্য চাষ ও সংশ্লিষ্ট ক্ষেত্রে মোট কতজন নিযুক্ত আছেন তাবও হিসেব পাওয়া যায) মোট সংখ্যা সুনিশ্চিত কবে।

বাড়ি বাড়ি ঘুরে তথ্য সংগ্রহের প্রাথমিক স্তবেব এই কাজ প্রধানত প্রাথমিক সমীক্ষা কর্মীবা কবে থাকেন। যাদেব নিযোগ কবা হয় প্রাণী সম্পদ বিকাশ বিভাগ এবং প্রাণীবন্ধুদেব মধ্য থেকে।

বাজ্যেব সবকটি জেলাতে নির্দেশিকা সম্বলিত পুস্তিকা পাঠানো হযেছে। ভাবত সবকারেব প্রাণী পালন, দোহ ও মৎস্য বিভাগেব অধিকর্তাব উপস্থিতিতে রাজ্য সদবে রাজ্য স্তবেব প্রশিক্ষক-প্রশিক্ষণ আয়োজিত হয়েছিল। বাজ্য স্তবেব প্রাণী শুমাবি আধিকাবিকগণ, হেড কোয়ার্টাবেব পবিসংখ্যান শাখার আধিকাবিকগণ প্রশিক্ষণ দেন ব্লক, পৌবসভা ও মহকুমা প্রাণী শুমারি আধিকাবিকদেব। একটি ট্যাবুলেশন পুস্তিকা প্রস্তুত কবা হয়েছে এবং সবকটি জেলায সেটি পাঠানো হয়েছে ট্যাবুলেটেড ফর্মে তথ্য সংগ্রহেব জন্য।

প্রাণী শুমারির চারটি স্তর আছে - গবাদি প্রাণী, হাঁস মুরগি, কৃষি যন্ত্রপাতি এবং মৎস্য সংক্রান্ত তথ্য। এই চারটি পর্যায়ে একত্রে প্রচুর তথ্য সংকলন করতে হয় বলে এই কাজের উপযোগী একটি কম্পিউটার সফ্টওয়্যার তৈরি করা হয়েছে (Livestock Census Mangement System)। পশ্চিমবঙ্গে সর্ব প্রথম এই শুমারির কাজে ব্যবহৃত হয়েছে GIS (ভৌগোলিক তথ্য ব্যবস্থা) প্রযুক্তি যার সাহায্যে রাজ্যের প্রতিটি জেলার প্রতিটি স্তরে গবাদি প্রাণী সংক্রান্ত তথ্যাদি ডিজিটাল মানচিত্রের মাধ্যমে সাজানো হয়েছে। সপ্তদশ সর্বভারতীয় গৃহপালিত প্রাণী, কৃষি যন্ত্রপাতি ও মৎস্য সংক্রান্ত শুমারিতে যাবতীয় তথ্য (মৌজা, পাড়া স্তর পর্যন্ত) প্রস্তুত করা হয়েছে। এছাড়াও জেলাভিত্তিক রঙিন গ্রাফ এবং বিভিন্ন প্রাসঙ্গিক লেখা রাজ্যের গবাদি প্রাণী সংক্রান্ত এক পূর্ণাঙ্গ চিত্র তুলে ধরবে।

রাজ্যের প্রাণী সম্পদ বিকাশ বিভাগের মাননীয় মন্ত্রী শ্রী আনিসুর রহমান, এই বিভাগের সচিব শ্রী এস.কে. দাস, আই.এ.এস., এবং ডাঃ এস কে. দাশগুপ্ত, অধিকর্তা-কে আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। এদের মূল্যবান পরামর্শ ছাড়া একাজ করা সম্ভব হত না।

ডাঃ দিলীপ কুমার দাস, মুখ্য কার্য নির্বাহী আধিকারিক, পশ্চিমবঙ্গ গো-সম্পদ বিকাশ সংস্থা-কেও ধন্যবাদ জানাই তথ্য সংগ্রহের কাজে প্রাণীবন্ধুদের নিয়োগে তার সহযোগিতা এবং উৎসাহের জন্য।

ডঃ এস. পান রীডার, পশ্চিমবঙ্গ প্রাণী ও মৎস্য বিজ্ঞান বিশ্ববিদ্যালয়, গবাদি প্রাণী প্রজাতিগুলির বিবরণ সম্বলিত একটি মূল্যবান লেখা, জেলাভিত্তিক গবাদি প্রাণীর বিন্যাস এবং অন্যান্য গবেষণামূলক লেখা দিয়ে অকুণ্ঠ সাহায্য করেছেন।

প্রকৃতপক্ষে রাজ্যের প্রাণী সম্পদ বিকাশ বিভাগের কর্মচারী ও আধিকারিকদের সম্মিলিত প্রয়াস ছাড়া এই তথ্য সংগ্রহ ও সংকলনের কাজ সম্ভব হত না।

শ্রী টি.আর. নাথ, পরিসংখ্যান আধিকারিক এবং উপ-রাজ্য প্রাণী শুমারি আধিকারিক অত্যন্ত নিষ্ঠা ও দৃঢ়তার সাথে সপ্তদশ শুমারির পূর্ণাঙ্গ প্রতিবেদন সম্বলিত বইগুলি ন্যূনতম সম্ভাব্য সময়ে প্রকাশ করার লক্ষ্যে অবিচল থেকেছেন। উনি কম্পিউটারের মাধ্যমে তথ্য সংকলনের কাজ, ডিজিটাল মানচিত্র তৈরি, বিশ্লেষণমূলক গ্রাফ, চার্ট, সারণি ইত্যাদি প্রস্তুত করেছেন। তিনি ডঃ অরিন্দম কুণ্ডু, সিনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (পরিসংখ্যান) ও শ্রীমতি সুপ্রিয়া রায়, বাংলা অনুবাদক-এর সহযোগিতায় প্রতিটি জেলার পরিচিতি তৈরি করেছেন। শ্রীমতি সুপ্রিয়া রায় সার্বিকভাবে পশ্চিমবঙ্গ রাজ্যের এবং পৃথকভাবে ১৯টি জেলার প্রতিটির তথ্য সমৃদ্ধ বিশদ ভূমিকা বা পরিচয়লিপি তৈরি করে এক গুরু দায়িত্ব পালন করেছেন। সেই সঙ্গে এই বিভাগের অন্যান্য আধিকারিক ও কর্মীদেরও জানাই আন্তরিক ধন্যবাদ, কারণ তাদের অক্লান্ত সহযোগিতা ছাড়া স্বল্প সময়ে এই বিপুল কাজ সম্পন্ন করা সম্ভব হত না।

বই ছাপানো, কম্পিউটারাইজড ট্যাবুলেশন ইত্যাদি কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য শিল্পবার্তা প্রিন্টিং প্রেসকেও ধন্যবাদ জানাই।

আশা রাখি, প্রাণী শুমারির প্রতিবেদনে প্রকাশিত বিপুল ও বহুবিধ তথ্য সম্ভার সংশ্লিষ্ট ক্ষেত্রের বিজ্ঞানী, গবেষক, তথ্য সংগ্রহকারী ও সরকারি নীতি নির্ধারকদের গুরুত্বপূর্ণ কাজে বিশেষভাবে সাহায্য করবে।

প্রবীর কুমার ভট্টাচার্য
(প্রবীর কুমার ভট্টাচার্য)

যুগ্ম অধিকর্তা, প্রাণী পালন (পরিসংখ্যান)
এবং
অতিরিক্ত রাজ্য প্রাণী শুমারি আধিকারিক,
সপ্তদশ প্রাণী শুমারি, পশ্চিমবঙ্গ

কলকাতা
ডিসেম্বর, ২০০৭

সূচীপত্র

পৃষ্ঠা সংখ্যা

সূচীপত্র (ক্রমশঃ)

পৃষ্ঠা সংখ্যা

সূচীপত্র (ক্রমশঃ)

সূচীপত্র (ক্রমশঃ)

পৃষ্ঠা সংখ্যা

মুর্শিদাবাদ জেলা

স্বীকৃতি

মুর্শিদাবাদ একটি কৃষিভিত্তিক জেলা। বহুদিন থেকে এর জনসংখ্যার ৮০ শতাংশ কৃষি ও প্রাণী পালনের কাজের ওপর নির্ভর করে। জমির ওপর অত্যাধিক চাপের ফলে কৃষিজাত পণ্যে ক্রমক্ষীয়মাণ প্রত্যর্পণ শুরু হয়ে গেছে। কাজেই জেলার লোকেরা প্রাণী পালনের কাজে অধিকতর নিযুক্ত হচ্ছে।

দেশী প্রজাতির গবাদিপ্রাণী, হাঁস-মুরগি উল্লেখযোগ্য সংখ্যায় এ জেলাতে আছে। কম উৎপাদন ক্ষমতা সম্পন্ন স্থানীয় প্রজাতিব উন্নতিকল্পে প্রাণী সম্পদ বিকাশ বিভাগ গ্রাম পঞ্চায়েতের তৃণমূল স্তর পর্যন্ত সব রকম বৈজ্ঞানিক পদক্ষেপ আগেই নিয়েছে। উন্নততব চিকিৎসার সুযোগ সম্প্রসারণের জন্য বহরমপুরে একটি পশু চিকিৎসা পলিক্লিনিক এবং কৃত্রিম প্রজননের জন্য প্রয়োজনীয় ষ্ট্র উৎপাদনেব জন্য একটি হিমায়িত বীর্য ও ষাঁড় সংবক্ষণ কেন্দ্র স্থাপিত হয়েছে এবং দুটিই সাফল্যেব সঙ্গে জেলাতে কাজ করছে।

এখানকার ভাগীরথী সমবায় দুগ্ধ উৎপাদক সমিতিতে ৫৪,৯৪৫ জন সভ্য সহ ৫২৬টি প্রাথমিক সমিতি আছে। এছাড়াও এখানে অনেক কুটির ও পশম শিল্প আছে যেখানে কার্পেট, কম্বল, আসন ইত্যাদি ঐতিহ্যগত প্রক্রিয়ায় তৈরী হয়। এখানে পশম সমবায় সমিতি ও পশু পালন সমবায় সমিতিও আছে।

মুর্শিদাবাদে সপ্তদশ সর্বভারতীয় গৃহপালিত প্রাণী শুমারি, কৃষি যন্ত্রপাতি ও মৎস্য চাষ পরিসংখ্যান সদ্য সম্পন্ন হয়েছে। এতে প্রাণীর সংখ্যা, সংশ্লিষ্ট নানা প্রাসঙ্গিক তথ্য যেমন কৃত্রিম প্রজনন, প্রাণী স্বাস্থ্য, প্রাণী খাদ্য, সবকাবী কেন্দ্র সমূহ, সরকাবী প্রাণী ও হাঁস মুবগির খামার, প্রাণীর বাজাব এবং কৃষি ও মৎস্য চাষের পবিকাঠামো ইত্যাদি অন্তর্ভূক্ত করা হযেছে।

আমি জেলা, মহকুমা, ব্লক প্রশাসন, ত্রিস্তর পঞ্চায়েত ও পৌরসভাগুলি যারা আন্তবিকতার সাথে এই শুমাবির কাজ সম্পন্ন করতে সহযোগিতা কবেছেন তাঁদের প্রতি কৃতজ্ঞ।

আমি জেলাতে আমার সহকর্মী, আধিকারিক, কর্মী ও প্রাণীবন্ধুদের ও বিভাগীয় আধিকারিকদের, বিশেষ করে অধিকারের সদরের পরিসংখ্যান বিভাগকে এই শুমারির কাজ সময়সীমার মধ্যে সম্পূর্ণ করার লক্ষ্যে তাঁদেব নিরলস প্রচেষ্টার জন্য আমার আন্তরিক ধন্যবাদ জানাই।

এম.সি. দাস
উপ-অধিকর্তা
প্রাণী সম্পদ বিকাশ ও পরিষদ আধিকারিক
এবং
জেলা প্রাণী শুমারি আধিকারিক, সপ্তদশ প্রাণী শুমারি
মুর্শিদাবাদ

৩০শে জানুয়ারি, ২০০৬

মুর্শিদাবাদ
উঃ
পঃ
পূঃ
দঃ
ধুলিয়ান পৌরসভা
জঙ্গীপুর পৌরসভা
বাংলাদেশ
ঝাড়খণ্ড
জিয়াগঞ্জ-আজিমগঞ্জ
পৌরসভা
মুর্শিদাবাদ
পৌরসভা
বীরভূম
বহরমপুর পৌরসভা
কান্দি পৌরসভা
বেলডাঙ্গা পৌরসভা
নদীয়া
বর্ধমান

মুর্শিদাবাদ

মুর্শিদাবাদ জেলার অর্ন্তগত গ্রাম পঞ্চায়েত সমূহ

বহরমপুর ব্লক
০১ ভাকুড়ি-১
০২ ভাকুড়ি-২
০৩ ছাইঘবি
০৪ দৌলতাবাদ
০৫ গুরুদাসপুব
০৬ হাবিদাসমাটি
০৭ হাতিনগর
০৮ মদনপুব
০৯ মনীন্দ্রনগব
১০ নিয়াল্লিশপাড়া-গোয়ালজান
১১ নওদাপানুব
১২ বাধাঘাট-১
১৩ বাধাঘাট-২
১৪ বাজধবপাড়া
১৫ বাঙ্গামাটি-চাঁদপাড়া
১৬ সাহাজাদপুব
১৭ সাতুই-চৌবিগাছা

বেলডাঙা-১ ব্লক
০১ বেগুনবাড়ী
০২ ভাবতা-১
০৩ ভাবতা-২
০৪ চৈতন্যপুব-১
০৫ চৈতন্যপুব-২
০৬ দেবকুণ্ড
০৭ কাপাসডাঙা
০৮ মাড়ড়া
০৯ মহুলা-১
১০ মহুলা-২
১১ মির্জাপুব-১
১২ মির্জাপুব-২
১৩ সুজাপুব-কুমাবপুব

বেলডাঙা-২ ব্লক
০১ আন্দুলবেড়িয়া-১
০২ আন্দুলবেড়িয়া-২
০৩ কামনগব
০৪ দাদপুর
০৫ কাশীপুব
০৬ বামনগর-বাছরা.
০৭ বামপাড়া-১
০৮ বামপাড়া-২
০৯ শক্তিপুর
১০ সোমপাড়া-১
১১ সোমপাড়া-২

ডোমকল ব্লক
০১ আমিজগঞ্জগোলা
০২ ভগীবথপুর
০৩ ধূলাউবি
০৪ ডোমকল
০৫ গবাইমাবি
০৬ গরীবপুর
০৭ ঘোড়ামাবা
০৮ জিতপুর
০৯ জুগিনদা

ডোমকল ব্লক
১০ জুড়ানপুব
১১ মধুবকুল
১২ বাযপুব
১৩ সাবঙ্গপুর

হরিহরপাড়া ব্লক
০১ বেহাবিযা
০২ চোযা
০৩ ধবমপুব
০৪ হবিহবপাড়া
০৫ হুমাইপুব
০৬ খিদিবপুব
০৭ মালোপাড়া
০৮ বাইপুব
০৯ রুকুনপুব
১০ স্বরূপপুব

জলঙ্গী ব্লক
০১ চোযাপাড়া
০২ দেবীপুব
০৩ ফবিদপুব
০৪ ঘোষপাড়া
০৫ জলঙ্গী
০৬ কাঁটাবাড়ি
০৭ খয়বামারি
০৮ সাদিখানদিয়াব
০৯ সাগবপাড়া
১০ সাহেবনগব

নওদা ব্লক
০১ বালি-১
০২ বালি-২
০৩ চাঁদপুর
০৪ কেদাবচাঁদপুব-১
০৫ কেদারচাঁদপুর-২
০৬ মধুপুব
০৭ নওদা
০৮ পাটিকাবাড়ি
০৯ বাযপুব
১০ সর্বাঙ্গপুব

ফারাক্কা ব্লক
০১ অর্জুনপুর
০২ বাহাদুবপুব
০৩ বেনিয়াগ্রাম
০৪ বেওয়া-১
০৫ বেওয়া-২
০৬ ইমামনগর
০৭ মহাদেব নগর
০৮ মহেশপুর
০৯ নয়নসুখ

রঘুনাথগঞ্জ-১ ব্লক
০১ দফবপুব
০২ জামুযাব
০৩ জাকুর
০৪ কানুপুব
০৫ মির্জাপুব

রঘুনাথগঞ্জ-১ ব্লক
০৬ বাণিনগব

রঘুনাথগঞ্জ-২ ব্লক
০১ বড়শিমুল-দয়াবামপুব
০২ গিবিয়া
০৩ জোতকমল
০৪ কাশিয়াডাঙ্গা
০৫ লক্ষ্মীজোলা
০৬ মিঠিপুব
০৭ সাকেন্দ্রা
০৮ সম্মতিনগর
০৯ শোকালিপুব
১০ তেঘড়ি-১

সাগরদিঘি ব্লক
০১ বালিয়া
০২ বান্নেশ্বব
০৩ বাবালা
০৪ বোখবা-১
০৫ বোখবা-২
০৬ গোবর্ধনডাঙ্গা
০৭ কাবিলপুব
০৮ মনিগ্রাম
০৯ মোবগ্রাম
১০ পাটকেলডাঙ্গা
১১ সাগবদিঘি

সামসেরগঞ্জ ব্লক
০১ ভাসাইপাইকাব
০২ বোগদাদনগব
০৩ চাচন্ড
০৪ দোগাছি নপাড়া
০৫ গাজীনগব-মালঞ্চ
০৬ কাঞ্চনতলা
০৭ নিমতিতা
০৮ প্রতাপগঞ্জ
০৯ তিনপুকুবিয়া

সুতি-১ ব্লক
০১ আহিবণ
০২ বহুতালি
০৩ বংশবাটি
০৪ হারোয়া
০৫ নূরপুব
০৬ সাদিকপুব

সুতি-২ ব্লক
০১ আওবঙ্গাবাদ-১
০২ আওবঙ্গাবাদ-২
০৩ বাজিতপুর
০৪ জগতাই-১
০৫ জগতাই-২
০৬ কাশিমনগব
০৭ লক্ষ্মীপুর
০৮ মহেশাইল-১
০৯ মহেশাইল-২
১০ উমাপুর

বড়োঞা ব্লক
০১ বড়োঞা-১

মুর্শিদাবাদ জেলার অন্তর্গত গ্রাম পঞ্চায়েত সমূহ

বড়োঞা ব্লক
০২ বড়োঞা-২
০৩ বিপ্রশেখর
০৪ কল্যাণপুর-১
০৫ কল্যাণপুর-২
০৬ খরজুনা
০৭ কুলি
০৮ কুরুননুরুন
০৯ পাঁচথুপি
১০ শাবলদহ
১১ শাবলপুর
১২ সাহরা
১৩ সুন্দরপুর

ভরতপুর-১ ব্লক
০১ আলুগ্রাম
০২ আমলাই
০৩ ভরতপুর
০৪ গড্ডা
০৫ গুন্দোরিয়া
০৬ জজান
০৭ সিজাগ্রাম
০৮ তালগ্রাম

ভরতপুর-২ ব্লক
০১ কাগ্রাম
০২ মালিহাটি
০৩ সালার
০৪ শালু
০৫ শিমুলিয়া
০৬ তালিবপুর
০৭ টেনিয়া-বৈদ্যপুর

কান্দি ব্লক
০১ আন্দুলিয়া
০২ গোকর্ণ-১
০৩ গোকর্ণ-২
০৪ হিজল
০৫ কুমারষণ্ড
০৬ মহালন্দী-১
০৭ মহালন্দী-২
০৮ পুরন্দরপুর
০৯ যশোহরি-আনুখা-১
১০ যশোহরি-অনুখা-২

খড়গ্রাম ব্লক
০১ এরোয়ালি
০২ বালিয়া
০৩ ইন্দ্রানী
০৪ ঝিল্লি
০৫ জয়পুর
০৬ খড়গ্রাম
০৭ কীর্তিপুর
০৮ মহিসর
০৯ মারগ্রাম
১০ পদমকান্দি
১১ পারুলিয়া
১২ সাদল

ভগবানগোলা-১ ব্লক
০১ ভগবানগোলা
০২ কান্তনগর
০৩ হবসপুর
০৪ হনুমন্তনগর
০৫ কুঠিরামপুর
০৬ মহম্মদপুর
০৭ মহিষাস্থলি
০৮ সুন্দরপুর

ভগবানগোলা-২ ব্লক
০১ আখেরিগঞ্জ
০২ আমডহরা
০৩ বালীগ্রাম
০৪ খড়িবোনা
০৫ নশীপুর
০৬ সবলপুর

লালগোলা ব্লক
০১ আইরমারি কৃষ্ণপুর
০২ বাহাদুরপুর
০৩ বিলবোরা-কোপরা
০৪ দেওয়ান সরাই
০৫ কালমেঘা
০৬ লালগোলা
০৭ মানিকচক্
০৮ ময়া
০৯ নশীপুর
১০ পাইকপাড়া
১১ রামচন্দ্রপুর
১২ যশাইতলা

মুর্শিদাবাদ-জিয়াগঞ্জ ব্লক
০১ বাহাদুরপুর
০২ ডাহাপাড়া
০৩ ডাঙ্গাপাড়া
০৪ কাপাসডাঙ্গা
০৫ মুকুন্দবাগ
০৬ নূতনগ্রাম
০৭ প্রসাদপুর
০৮ তেঁতুলিয়া

নবগ্রাম ব্লক
০১ অমরকুণ্ডু
০২ গুড়াপাশলা
০৩ হাজবিবিডাঙ্গা
০৪ কিরীটেশ্বরী
০৫ মাহরুল
০৬ নবগ্রাম
০৭ নারায়ণপুর
০৮ পাঁচগ্রাম
০৯ রসুলপুর
১০ শিবপুর

রানিনগর-১ ব্লক
০১ হেরামপুর
০২ হুরসি
০৩ ইসলামপুর চক্
০৪ লোচনপুর
০৫ পাহাড়পুর
০৬ টেকারাইপুর-বালুমাটি

রানিনগর-২ ব্লক
০১ কালীনগর-১
০২ কাতলামারি-১
০৩ কাতলামারি-২
০৪ মালিবাড়ি-১
০৫ মালিবাড়ি-২
০৬ রাজাপুর
০৭ কালীনগর-২
০৮ রানিনগর-১
০৯ রানিনগর-২

মুর্শিদাবাদ জেলার পরিচিতি

ভূমিকা ঃ

স্বাধীন বাংলাব শেষ রাজধানী শহব এই মুর্শিদাবাদ। বাংলা, বিহার, উড়িষ্যার দেওয়ান মূর্শিদ কুলি খাঁ-এর নামাঙ্কিত। ভাগীরথীর তীরে অবস্থিত জাঁকজমকপূর্ণ এবং রেশমের জন্য খ্যাত এই শহর বাংলাব রাজধানী হয় ১৭১৭ সালে। পরে ইংরেজরা কোলকাতায় রাজধানীর স্থানান্তর করেন ১৭৭৩ সালে। ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর লর্ড ক্লাইভ আর নবাব সিরাজ-উদ-দৌলার মধ্যে যে ঐতিহাসিক যুদ্ধ হয়েছিল ১৭৫৭ সালে পলাশীতে - তার দূরত্ব এই মুর্শিদাবাদ থেকে মাত্র চল্লিশ কি.মি. দক্ষিণে।

অবস্থান ঃ

নিম্ন গাঙ্গেয় উপত্যকার কেন্দ্রস্থলে পশ্চিমবঙ্গের উত্তর-পূর্ব সীমান্তে প্রেসিডেন্সি বিভাগের সর্বাপেক্ষা উত্তরভাগে এই জেলার অবস্থান। উত্তরদিকে গঙ্গা জেলাকে মালদা জেলা থেকে বিচ্ছিন্ন করেছে। নাশপাতির মত আকারের এই জেলাকে অনেকটা সমদ্বিবাহু ত্রিভুজের মত লাগে, ত্রিভূজের চূড়াটা যেন উত্তর-পশ্চিমে থাকা ফরাক্কা থানা। জেলার উত্তবে মালদা, পশ্চিমে বীবভূম, দক্ষিণে বর্ধমান আব নদীয়া। পূর্ব দিকে বাংলাদেশ। জেলার উত্তর আর পূর্বের সীমানা জুড়ে বেশ কিছু দূর পর্যন্ত গঙ্গা নদী আব দক্ষিণ সীমানা বরাবর জলঙ্গী অনেক দূর পর্যন্ত গিয়ে মুর্শিদাবাদ আর নদীয়া জেলাব দক্ষিণ সীমানাকে চিহ্নিত করেছে।

উৎপত্তি ঃ

১৭০৪ সালে খাজনা বা মাসুল সংগ্রহ করার প্রাদেশিক মুখ্য কার্যালয় ঢাকা থেকে এখানে স্থানান্তরিত করেছিলেন বাংলার দেওয়ান মুর্শিদকুলি খান (জাফর খান)। তিনিই মুর্শিদাবাদের পুরোন নাম মুখসুসাবাদ অথবা মুখসুদাবাদ নামে 'নির্বাচিত শহর' বদল করে নিজের নামের সাথে মিল রেখে মুর্শিদাবাদ নামকরণ কবেন। কথিত আছে কোন একজন অভিজাত ব্যক্তির স্ত্রী শহরের প্রথম নামকরণ কবেছিলেন 'মাসুমাবাজার' বা 'বাজার শহর' হিসাবে। মাসুমা শব্দের অর্থ একজন পবিত্র নারী। সেবাস্তিয়ান মানবিক (খ্রীষ্টাব্দ ১৬২৯-৪৩) লিখেছিলেন 'মাসুমাবাজার শহরটি স্রোতস্বিনী গঙ্গাব পাশেই। বালিঘাটা শহরটিকে মাসুমাবাজার থেকে আলাদা করে রেখেছিল এই নদী। আমি বাজারে সবকিছুরই প্রাচুর্য লক্ষ করলাম। বিশেষ করে খাদ্যদ্রব্য এবং অন্যান্য পারিবারিক প্রয়োজনের জিনিস ছাড়াও তুলো, ওষুধ, তামাক, আফিম ইত্যাদি।' এটা অবশ্য জানা গেছে যে সপ্তম শতাব্দীর প্রথমার্ধে রেশম তৈরীর জন্য এই অঞ্চলটি প্রসিদ্ধি লাভ করে এবং দ্বিতীয়ার্ধে মুঘল জমানার এক শাসক-আবাস হিসেবে। ট্যাভারনিয়ের ১৬৬৬ সালে এই অঞ্চল পরিভ্রমণ করেন এবং জায়গাটিকে 'মাড়েসৌবাজারকি' (Madesoubazarki) নামে বর্ণনা করেন এবং জানান যে এটি একটি বেশ বড়সড় জায়গা এবং সেই সঙ্গে এটি নবাব সায়েস্তা খানের রিসিভার-জেনারেলের (অর্থাৎ দেওয়ান) আবাস স্থল। ট্যাভারনিয়ের-এর ভ্রমণ কাহিনীতে (১৬৫৫-৬৫) 'মাসুমাবাজারকি' নামটি বিকৃত হ'য়ে 'মাড়ে সৌ বাজারকি' হ'য়েছে নাসিকাবর্ণ 'ম'-টিকে বাদ দিয়ে। ১৬৫৯ সালে মীর জুমলা নবাবপুত্র শাহ সুজাকে ধাওয়া করে এখানেই একটি উঁচু জায়গায় শিবির গেড়েছিলেন যেটাকে তাঁর পারসিক ঐতিহাসিক স্পষ্ট উল্লেখ করেছেন 'মাসুমা' বাজার হিসাবে। অবশেষে প্রচণ্ড যুদ্ধের পব সুজাকে তিনি পবাজিত করেন কাছেই বেলাঘাটা-তে।

রিয়াজু-স সালটিন বলেন যে মাখসুস খান নামে এক সওদাগর এখানে একটা সরাইখানা তৈরী করেছিলেন এবং তার নাম অনুযায়ী জায়গাটিকে বলা হত মাখসুসাবাদ। মতান্তরে একজন অভিজাত ব্যাক্তি এ-জায়গাটির পত্তন

করেছিলেন যাঁর নাম আইন-ই-আকবরিতে উল্লেখ আছে। ইনি সঈদখান নামে আকবর জমানার (১৫৮৭-৯৫) একজন প্রশাসক যিনি বাংলা ও বিহার-এ নিযুক্ত ছিলেন। তাঁর ভাই রেমণ্ড, যিনি শিইর-উল-মুখতারিন (মোটামুটি ১৭৮৬ খ্রীষ্টাব্দ নাগাদ) অনুবাদ করেছিলেন, ওঁর মতে প্রথমে স্থানটির নাম ছিল ''কোলাবিয়া'' পরে ''মকসুদাবাদ'' এবং পরিশেষে ''মূর-সিদাবাদ''।

১৬৯৭ সালে, সাধারণত যা সুভা সিং-এর বিদ্রোহ হিসাবে পরিচিত, আফগান দস্যুরা এই স্থানটির দখল নিয়ে এখানে লুঠতরাজ চালায়। এবং ১৭০৪ সালে বাংলার দেওয়ান মুরসিদ কুলি খাঁ এখানেই তার দেওয়ানীর প্রশাসনিক দপ্তর ঢাকা থেকে তুলে নিয়ে আসেন। যে কথা আগেই বলা হ'য়েছে। ইতিমধ্যে মুরসিদ কুলি খাঁ উপ-নাজিম নিযুক্ত হ'য়ে তাঁর ক্ষমতা বেশ সংহত করে নিয়েছেন। বছর তিনেক পরে নিজের নাম অনুযায়ী তিনি স্থানটির নামকরণ করেন মুর্শিদাবাদ এবং এটি বাংলার রাজধানী হিসাবে স্বীকৃতি পায়। ১৭০৪ সালের ২৮শে ডিসেম্বর সর্বপ্রথম একটি এক টাকার মুদ্রার ওপরে মুর্শিদাবাদ নামের উল্লেখ হয়।

ঐতিহাসিক যদুনাথ সরকার অবশ্য বলেন ''মনে আছে অতি বৃদ্ধ একজন মুসলিম -যিনি ফেলে আসা মুসলিম প্রশাসনিক যুগেরই একজন প্রতিভূ সমান - তাঁর কাছে শুনেছিলেন, স্থানটির নাম নাকি ছিল 'মকসুদাবাদ' অথবা 'কাঙ্খিত শহর', দুটি নামের ধ্বনিগত মিল তো খুবই বেশি কিন্তু পারস্য ভাষার বানানে বিস্তর ফারাক। কিন্তু এই দুটি নামের কোনটিরই কিন্তু খোঁজ মেলেনা কোন পারসি ভাষার নথিপত্রে বা ১৬৮০ সালের পূর্বের কোন ইয়োরোপিও ভ্রমণ কাহিনীতে। আমার তাই অনুমান যে শায়েস্তা খান যখন দ্বিতীয়বারের জন্য আমাদের প্রদেশের জন্য রাজপ্রতিনিধি নিযুক্ত হয়ে প্রশাসনের দায়িত্বভার নেন, তখনই স্থানটির নাম হয় মুর্শিদাবাদ''।

জেলার ইতিহাস ঃ সম্রাট আকবরের শুল্ক মন্ত্রী রাজা টোডরমল (খ্রীষ্টাব্দ ১৫৮২)-এর বিখ্যাত খাজনা-তালিকায় বাংলা-কে মোট ৬৮২টি মহল নিয়ে ১৯টি 'সরকার'-এ ভাগ করা হয়েছিল দেখা যায়। এরমধ্যে চারটি 'সরকার'-এ মুর্শিদাবাদের উল্লেখ পাওয়া যায়।

১৬৫৮ সালে শাহ সুজার নতুন অর্জিত ভূ-সম্পত্তিগুলিকে অন্তর্ভুক্ত করে সরকার আর পরগনার সংখ্যা বৃদ্ধি করে খাজনা-তালিকার সংশোধন করা হয়। কাশিমবাজারে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী যখন ১৬৫২ সালে তাদের কারখানা স্থাপন করল সেই সময়ে বাণিজ্যকেন্দ্র হিসাবে মকসুদাবাদের গুরুত্ব বেশ বেড়ে গিয়েছিল। ওলন্দাজ আর ফরাসীরা অবশ্য তাদের সোনা এবং রূপার ব্যবসা চালিয়েই যাচ্ছিল আগের মতন। ১৭০২-০৪ সালে মুরশিদ কুলি খানও ঢাকা থেকে তাঁর রাজধানী এখানে স্থানান্তরিত করেন। অর্থনৈতিক সংস্কারের জন্য মুরসিদ কুলি খাঁ বাংলাকে যে তেরটি চাকলা-য় ভাগ করেছিলেন, মুর্শিদাবাদকেও উনি তার একটি করার কথা ভেবেছিলেন। মুর্শিদাবাদের পুরোনো চাকলায় সম্পূর্ণ রাজশাহী, বগুড়া, পাবনা, মুর্শিদাবাদ ছাড়াও মালদা, বীরভূম আর নদীয়ার বেশির ভাগ অঞ্চলই অন্তর্ভুক্ত ছিল। পলাশী যুদ্ধের (১৭৫৭) ফলশ্রুতি হিসাবে বাংলায় উল্লেখযোগ্য প্রশাসনিক পরিবর্তন সহ বিভিন্ন জেলার সীমানার পুনর্নির্ধারণও করা হয়। ১৭৬৫ সালে দেওয়ানী অধিকার পেয়ে সম্পূর্ণ বঙ্গের খাজনা আদায়ের অধিকার ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর হস্তগত হয়। প্রথমে জেলা ভিত্তিক খাজনা প্রশাসনের দায়িত্ব ছিল মুসলিম কর্মচারীদের উপর। শুধুমাত্র একজন আবাসিক (Resident) নবাবের দরবারে নিযুক্ত ছিলেন, অর্থ-সংক্রান্ত ব্যাপার-এর অধিকারী হ'য়ে।

১৭৬৯ থেকে ১৭৭৪ সালের মধ্যে সময়ে সময়ে বিভিন্ন সমিতি, পরিষদ আর আপিস তৈরী হয়। ১৭৬৯ সালের ১৬ই আগষ্ট পরিচালন-সমিতির কার্যসভায় সুপারভাইজার বা প্রতিটি প্রদেশ বা জেলায় একজন কর্মচারীকে সুপারভাইজার বা অধীক্ষক হিসাবে নিয়োগ করার সিদ্ধান্ত নেওয়া হয়।

কোম্পানীর কাজে নিয়োজিত ইয়োরোপিও কর্মচারীদের তাই কালেক্টর বা সমাহর্তা করা হলো সুপারভাইজারের পরিবর্তে। খাজনা আদায়ের কাজকর্মে এঁদের সাহায্য করতেন একজন দেশীয় দেওয়ান।

স্যামুয়েল মিড্‌লটন নামে ১৭৭২ থেকে ১৭৭৪-র মধ্যে দববারে একজন আবাসিক কর্মচারী (Resident) ছিলেন যাঁর হাতে জেলাসমূহের খাজনা আদায়ের দায়িত্ব নাস্ত ছিল- যদিও মুর্শিদাবাদ থেকে এসবের নিয়ন্ত্রণ যথারীতি চলতই, ক্ষমতা বিচারে একজন কমিশনার বা মহাধ্যক্ষ হয়ে উঠেছিলেন। চুণাখালি, লস্করপুর, রুকুনপুর, রাজমহল, পূর্ণিয়া, দিনাজপুব এবং জাহাঙ্গিরপুরের সংশ্লিষ্ট জেলা-কালেক্টরেরা এঁর মাধ্যমেই প্রধান কর্মকেন্দ্র বা হেডকোয়াটার্সের সঙ্গে যোগাযোগ রক্ষা করতেন। ১৭৭৩ সালের ২৩শে নভেম্বর পরিচালন সমিতির নির্দেশ অনুযায়ী ডাকা শেষ সভায় ইয়োরোপিও অধীক্ষকদেব (Collector) ফিরিয়ে নেওয়া হয়। পরিবর্তে এ-দেশীয় একজন দেওয়ান বা আধিকারি (Aumil) নিয়োগ করা হয় খাজনা আদায় এবং পবিচালন অধিকার স্থাপন করার জন্য। এঁরা আবার এক একটি মহাবিভাগেব (Grand Division) শুল্ক অধিকর্তাব কাছে দাযবদ্ধ ছিলেন। বাংলা-কে যে পাঁচটি মহা-বিভাগে ভাগ করা হয়েছিল, মুর্শিদাবাদ তাব একটি ছিল। মুর্শিদাবাদ বিভাগে যে সাতটি জেলা ছিল যেমন পূর্ব এবং পশ্চিম রাজশাহী, বকুনপুব, চুণাখালি (মুর্শিদাবাদ), লস্করপুর (বাজশাহী), জাহাঙ্গিরপুর এবং খাস তালুক (রাজমহল, বোগলেপুর ইত্যাদি)।

প্রাদেশিক সমিতিব কার্যকালে কেবল একটাই উল্লেখ্য পরিবর্তন হয়। মুর্শিদাবাদ থেকে সুলতানাবাদ পরগনা আর আম্মার, ১৭৮০ সালের ১৯শে ডিসেম্বরের নির্দেশ অনুযায়ী, বোগলেপুরের সঙ্গে যুক্ত হয়।

১৭৮১ সালে প্রাদেশিক সমিতির জায়গায় একটি শুল্ক কমিটি করা হয়। এবং তখন থেকেই কিছু কিছু কালেক্টরের পদের অবলুপ্তি হয়। এই শুল্ক কমিটি ১৮ই এপ্রিল, ১৭৮৬ সালে হওয়া একটি সভায় স্থির করেন যে কোলকাতা আর মুর্শিদাবাদ ডিভিশনকে ভেঙ্গে এগারোটি সমাহর্তার (কালেক্টরেট) সৃষ্টি করা হবে যেমন মুর্শিদাবাদ, রাজশাহী, নদীয়া, ফতেসিং, মহমুদশাহী, শিলবেবিস, লস্করপুব, যশোর, হুগলি, ২৪ পরগণা এবং কোলকাতা শহর। এই প্রস্তাব গভর্নর জেনারেল সাহেব সমিতিব ১৭৮৬ সালের ২৫শে এপ্রিলের সভায় অনুমোদন করেন। জেলা হিসাবে মুর্শিদাবাদেব অস্তিত্ব সেই তখন থেকে। শুল্ক কমিটি পরিশেষে শুল্ক অধিকার হিসাবে পরিবর্তিত হয় ১৭৮৬ সাল থেকে।

এই ১৭৮৬ সালেই মুর্শিদাবাদ কালেক্টর-এর এক্তিয়ারে আসে বীরভূম আর বিষ্ণুপুরের জমিদারি (বর্তমান বীরভূম আর বাঁকুড়া জেলা)। লর্ড কর্ণওয়ালিশ উপলব্ধি করেছিলেন যে মুর্শিদাবাদের দূর-নিয়ন্ত্রণে থাকলে বীরভূমকে পাহাড়ি লুটেরাদের হাত থেকে কখনই মুক্ত করা যাবেনা। তাই ১৭৮৭ সালেব ২৯শে মার্চ বীরভূমকে বিষ্ণুপুরের সঙ্গে সংযোগ করা হয়।

১৭৯৩ সালে স্থায়ী নিষ্পত্তিকরণের সময়ে জেলার বর্তমান সীমানার একমাত্র উত্তর-পশ্চিমের একাংশ এবং বীরভূম (রামপুরহাট মহকুমা এবং সদরের একাংশ) ছাড়া সবটাই ছিল।

১৭৯৪-৯৭-র মধ্যে সীমানা সুবিনস্ত করার লক্ষ্যে বর্ধমান আর নদীয়া এবং বীরভূমের মধ্যে সামান্য কিছু অঞ্চল স্থানান্তরিত হয়েছিল। মুর্শিদাবাদের আগের গৌরব ততদিনে এতোটাই বিস্মৃত যে আলাদা কালেক্টরেট হিসাবে মুর্শিদাবাদকে তুলে দেবার কথাও আলোচিত হয়েছিল ১৮০৬ সালে।

১৮৫২ থেকে ১৮৫৫ সালে মাশুল জরীপ হবার সময়ে জেলায় মোট উনিশটি থানা ছিল যেমন শামশেরগঞ্জ, সূতি, পলাশী, মির্জাপুর, কামরা (এখন রঘুনাথগঞ্জ), দেওয়ান সুরাই (এখন লালগোলা), রানী তলাশ, গোয়াশ (এখন রানীনগর), জেল্লিংঘি, নওয়াদা, বুরওয়া, হুরীপাড়া, দৌলতবাজার, উত্তর নগর থানা (এখন কান্দি), দক্ষিণ নগর থানা (এখন বেলডাঙ্গা), কাঈনডাঙ্গা, কুলিউনগঞ্জ, বুদ্রেহাট (এখন সাগরদিঘী), গোকর্ন, খুরগাঁও এবং ভরতপুর।

১৮৭২ সালে মুর্শিদাবাদ আর বীরভূমের সঠিক সীমানির্ধারনের জন্য বেশ কিছু জরুরী সংশোধন করে জটিলতা অনেকটাই দূর করা হয়। ১৮৭৫ সালের ১১ই ফেব্রুয়ারীর সরকারী বিজ্ঞপ্তি অনুযায়ী উত্তর-পূর্ব, পূর্ব এবং দক্ষিণ-পূর্বের সীমানা ধার্য করা হয় গঙ্গা, পদ্মা বা জলঙ্গীর তীব বরাবর। মালদা জেলার যেসব গ্রাম জলঙ্গীর দক্ষিণ তীরে ছিল সেগুলিকে হস্তান্তর করা হয মুর্শিদাবাদ জেলায়। দক্ষিণ দিকের সীমানাও অনেক সহজবোধ্য করা হয়েছিল। পশ্চিম দিকের সীমানার পরিবর্তন তুলনায় অনেক ব্যাপক ছিল। বীরভূম থেকে ৩৯টি এবং সাঁওতাল পরগণা থেকে ৭টি গ্রাম মুর্শিদাবাদে স্থানান্তর করা হয়েছিল। পরে ঐ একই বছবে (১৮৭৫) মুর্শিদাবাদ থেকে ১৭০টি গ্রাম আবার বীরভূম জেলার মধ্যে আনা হয়। ১৮৭৯ সালে বীরভূমের ১০৮ বর্গ কি.মি. আয়তনের বারোয়ান থানা মুর্শিদাবাদে আসে। আবার মুর্শিদাবাদের লালবাগ মহকুমার রামপুরহাট আর নলহাটি থানা (বর্তমানের মুরারই থানা এলাকা সহ) বীরভূমে জুড়ে দেওয়া হয়।

১৮৭৯ সালের মুর্শিদাবাদ জেলা যে সমস্ত থানা নিয়ে ছিল সেগুলো হ'লো সামশেরগঞ্জ, সূতি, রঘুনাথগঞ্জ, লালগোলা, ভগবানগোলা, রানীনগর, বেলডাঙ্গা, ডোমকল, নওয়াদা, জলঙ্গী, নবগ্রাম, কান্দি, খরগ্রাম, ভবতপুর এবং বারোয়ান। সেই ১৮৭৯ সাল থেকেই জেলার আকৃতি মোটামুটি একইরকম আছে। এরপর একমাত্র পরিবর্তন হয়েছিল যখন পদ্মা তার গতিপথ বদল করায় বাজশাহী জেলা থেকে চারটি গ্রাম মুর্শিদাবাদে যুক্ত করা হয়েছিল। ১৬সেপ্টেম্বর, ১৯২৫ তারিখে এই নিয়ে একটি সবকারি বিজ্ঞপ্তি ৩৫১৪ পি.এল. জারী করা হয়। থানা এবং মহকুমার আভ্যন্তরীন সমন্বয় অবশ্য ১৯৩১ সাল পর্যন্তও হয়েছে। মহকুমাগুলির বর্তমান আকৃতি ও সীমানা সেই ১৯০১ সাল থেকে মোটামুটি একই রকম আছে। আগষ্ট ১৯৪৭ সালে দেশভাগের সময় মুর্শিদাবাদ কয়েকদিনের জন্য পূর্ব পাকিস্থানে-র সঙ্গে যুক্ত হয়েছিল। পরে অবশ্য পশ্চিমবঙ্গে স্থানান্তরিত করা হয়।

ভূ-প্রকৃতি ঃ

নিম্ন গাঙ্গেয় উপত্যকার কেন্দ্রস্থলে অবস্থিত এই জেলার বহিরাকৃতি ছবির মত সুন্দর। জেলার পশ্চিমদিকে কিছুদূর পর্যন্ত বিস্তৃত নিম্ন বনাঞ্চল। ভাগীরথীর পশ্চিমদিকের সব অঞ্চলটাই তো আসলে একটু উঁচুতে। আর এই ঢালু অঞ্চল জুড়ে ছড়িয়ে আছে রাজমহল পর্বতমালা। পূর্ব দিকের সীমানা সহজেই বোঝা যায় খাড়া উঁচু পাহাড় আব ছোট ছোট পাহাড়ী এলাকা দেখে। কিছু কিছু ছোট পাহাড় আবার ছোট শাল আর মহুয়া গাছ দিয়ে ঢাকা। নীচের দিকে পাথুরে জমি জুড়ে ছড়ানো জংলা ভূমি। সে এক দারুন সুন্দব নিসর্গ। এই ধরনেরই একটা ছোট পাহাড় হল ঢুলি পাহাড়ী। ঢেউ খেলানো জমির ভিতর দিয়ে বিক্ষিপ্ত ভাবে বয়ে যায় কিছু নদী। বর্ষার সময় এই নদীগুলিই পাহাড়ের ওপর থেকে হঠাৎ করে নেমে আসা জলপ্রবাহকে সামাল দেয়।

জেলার পশ্চিমের এই অঞ্চলেব দুটি প্রান্তীয় চরিত্র জেলার অন্য এলাকা থেকে ভিন্ন। উত্তরদিকে প্রায় ১৫০ বর্গমাইল এলাকা জুড়ে নীচু জমি, বর্ষার সময় যেটা একটা বিশাল হ্রদ হয়ে যায় এবং গ্রামগুলিকে মনে হয় দ্বীপ। দক্ষিণে

মোর আর দ্বারকা নদীর সঙ্গমের কাছে প্রায় ৫০ বর্গমাইল এলাকা জুড়ে বৃক্ষহীন সমতলভূমি। যেটা হিজল নামে পরিচিত। শীতের সময় শুকনো কিন্তু বর্ষার সময় প্লাবিত এই অঞ্চল যেন একটা খাত। চতুর্দিকেব জল এখানেই এসে জমা হয়। চারণভূমি হিসাবে এই অঞ্চলটির ব্যবহার বহুল। নাম থেকেই বোঝা যায় যে এখানে প্রচুর হিজল গাছ মেলে।

পূর্বদিকের অঞ্চলের মধ্যে দিয়ে গেছে ভাগীরথী, গঙ্গা, জলঙ্গী এবং এদেরই অসংখ্য শাখা-প্রশাখা। বাংলার অন্য অঞ্চলেব পাললিক সমতলভূমিব সঙ্গে তার কোন তফাৎ নেই। পুরো অঞ্চলটিই নিম্নভূমি। ফলে বর্ষার সময়ে প্লাবিত হয়ে অনেক সময় মানুষজনেব দুর্গতির কারণ হয়ে ওঠে।

প্রাকৃতিক বিভাজন ঃ

উত্তর থেকে দক্ষিণে বহমান ভাগীবথী নদী বয়ে চলে জেলাকে প্রায় সমান দুটো ভাগে ভাগ করে। আশ্চর্য্যের কথা এই দুটি দিক কি ভূতত্ত্বে, কি প্রাকৃতিক বৈশিষ্টে, কি কৃষিতে অথবা দু'পারের মানুষের ধর্মীয় বিশ্বাসে সম্পূর্ণ বিপরী৩। নদীর পশ্চিমেব ভূভাগকে স্থানীয়ভাবে বলা হয় 'রাঢ়' আর পূর্বেব ভূ-ভাগটিকে 'বাগরি'। এই দুটি নাম মনে পড়িয়ে দেয় পরম্পরাগত ভাবে বাংলার ভূ-ভাগকে চারটি ভাগে ভাগ করা হত। গঙ্গার দক্ষিণ এবং ভাগীরথীর পশ্চিম ভূভাগ ছিল রাঢ়, গঙ্গার উত্তরে এবং মহানন্দা আর করতোয়া নদীর মধ্যের ভূভাগটি ছিল 'বরেন্দ্র' বাগরি অথবা দক্ষিণ বঙ্গ এবং বঙ্গ অথবা পূর্ববঙ্গ। ভাগীরথীর পূর্বদিকের ভূভাগ নিম্নভূমি এবং পাললিক। আবহাওয়া আর্দ্র এবং জমি উর্বর। ভাগীবথী এবং অন্যান্য নদীর উপচে পড়া জলে এই নিম্নভূমিতে বন্যা প্রায় নিয়মিত। পশ্চিমদিকেব ভূভাগ উঁচু এবং ঢেউ খেলানো, জমি বেশ শক্ত যাতে শীতকালে ধান ভালই হয়। আবহাওয়া পূর্বদিবে . তুলনায় শুষ্ক।

পশ্চিমেব অঞ্চল বা রাঢ় মূলত: বিন্ধ্যাচলেরই বিস্তৃতি। লাল বা হলুদ এবং পাথুরে মাটি। আগেই বলা হয়েছে এখানকার জমি উঁচু এবং অল্প ঢেউ খেলানো। মধ্যে মধ্যে জলাভূমি এবং পুরোনো নদী-গর্ভ। বীরভূম সীমানার দিকে পশ্চিম প্রান্তে ভূভাগ সবথেকে উঁচু। কিন্তু কিছু জায়গা আছে যেদিকে পূর্ব সীমানার এই কাদা কাদা মাটি, উঁচু উঁচু টিবি বা পাহাড় দিয়ে চেনা যায় - যেগুলো এমনকি পনেব থেকে কুড়ি ফুট উঁচুও হয়।

বহরমপুর থেকে ছয় মাইল দক্ষিণে ভাগীবথী পারে রাঙ্গামাটিতে যে খাড়া উঁচু পাহাড় সেগুলো নদীর থেকে প্রায় চল্লিশ বা পঞ্চাশ ফুট উঁচু। মাটির বং হয় ধূসর বা লালচে, চুন অথবা মরচে পড়া লোহা মেশানো; চুনাপাথরের অজস্র ছোট ছোট টুকরো এদিক ওদিক ছড়ানো। পাহাড়ি প্রবাহ যেহেতু এই নদীগুলির উৎস কাজেই হঠাৎ হঠাৎ হড়কা বানের সম্ভাবনা থাকে। কিন্তু তাতে করে প্লাবন কখনই দীর্ঘস্থায়ী হয় না এবং ব-দ্বীপ সদৃশ এই ভূভাগের আশাতীত উর্বরতার কারন সম্ভবত: এটাই। রাঢ় অঞ্চলের কেন্দ্র এবং উঁচু জায়গাগুলির মূল চাষ হলো শীতকালে বোনা ধান যেটার জন্য শিগ্নীব বৃষ্টির দরকার হয় না। কিন্তু জুলাই থেকে সেপ্টেম্বর পর্যন্ত ধারাবাহিক বৃষ্টির দরকার।

উত্তরে সূতি, শামসেরগঞ্জ এবং ফরাক্কা থানা এলাকায় এবং দক্ষিণে যেটাকে লোকে 'জিজল' বলে এই সব এলাকায় প্রাকৃতিক বৈশিষ্ট আলাদা। জেলার এই অঞ্চল উর্বরতার দিক দিয়ে অন্য কোন অঞ্চলের চেয়ে কম নয়। বন্যাপ্রবণ অঞ্চলেব লাগোয়া এলাকায়, যেটা তেমন গভীর নয়, দুটো ফসল হয়। তাড়াতাড়ি হয় এমন ধান এছাড়া শীতকালীন ফসল গম আর ছোলা ছাড়াও অল্পকিছু তৈলবীজ এবং কড়াইশুঁটির চাষও হয় এই অঞ্চলে।

জেলার দক্ষিণ-পশ্চিম দিকে মোর এবং দ্বারকা নদীর সঙ্গম এলাকায় যে পঞ্চাশ বর্গমাইল এলাকা 'হিজল' নামে পরিচিত সেটির চরিত্র একেবারে ভিন্ন। চারদিক আরও বেশি খোলা-মেলা আর ধান ক্ষেতের জায়গায় বিশাল এলাকা জুড়ে নিবিড় ঘাস। গাছপালা প্রায় নেই বললেই চলে। বর্ষার সময় হিজল প্লাবিত হয় পুরোপুরি। গভীরতা কোথাও কুড়ি ফুট আর কোথাও মাত্র ফুট তিনেক - নৌকোও অচল হয়ে পড়ে অগভীর জলে কখনও বা। শীতের সময় সম্পূর্ণ এলাকাটাই আবার শুকনো। এবং এব অনেকটাতেই, মাপে প্রতিবছরই বেড়ে চলেছে যেটা, শীতকালীন চাষ বাস হয়। যেমন গম, ছোলা, সরষে বা তিল। অনেকটা এলাকাই গোচারণ ভূমি হিসেবে কাজে লাগে। তাছাড়া নিবিড় ঘাস শুধু যে পরিমাণে বেশি হয় তাই নয় বেশ শক্ত মানের এবং দীর্ঘস্থায়ী।

ভাগীরথীর পূর্ব দিকের এলাকাটিই 'বাগরি' । ভৌগোলিক ভাবে এলাকাটিকে পাঁচ ভাগে ভাগ করা যায়। পৌর এলাকা, ভাগীরথীর নদী সম্বন্ধীয় এলাকা, ভাণ্ডারদহ আব ভৈরব-এর মধ্যের কেন্দ্রীয় এলাকা, ভৈরব আর জলঙ্গীর মধ্যে পূর্বদিকের এলাকা আর কালান্তর।

এখন যেখানে আছে নদী তার পাঁচ থেকে দশ মাইলের মধ্যেই ভাগীরথীর অববাহিকাটি। বিভিন্ন বাঁধ, টিবি ইতাদির জন্য নদীব সঙ্গে এলাকাটি প্রায় বিচ্ছিন্ন। এখানে অনেক বিল, পুকুর আছে। মাটি ভেজা ভেজা এবং উর্বর। উত্তরের দিকে বাঁশের চাষ হয় আর দক্ষিণে তুঁতগাছ।

মধ্যবর্তী এলাকাটি দু'পারের চেয়ে একটু উঁচু। ফলে নদীর পলিমাটি পড়ে উর্বরতা বাড়ানোর কোন সুযোগই নেই। কিছু এলাকার মাটির মান ভাল নয়, সম্ভবত: চাষ বাসও বন্ধ কবে দিতে হবে। জঙ্গল সামান্যই। দক্ষিণের দিকটা ক্রমশ: মিলে যায় উর্বর কালান্তরের সঙ্গে।

পূবদিকের এলাকা হুড়শী (রানিনগর) আর ডোমকল থানার মধ্যে পড়ে। এদিকটা নীচু, বিশেষ কবে দক্ষিণেব অংশ, যেদিক অনেক পুকুর, বিল আছে। একসময়ে নীল আর রেশম চাষের রমরমা ছিল। বেশ কিছু ভাল ধানি জমি আছে এ অঞ্চলে।

জেলার দক্ষিণ দিক বরাবর কালান্তর কিন্তু বেশ নীচু । জেলার প্রায় পঞ্চাশ মাইল জুড়ে এই কালান্তর। লাগোয়া সীমানাও প্রায় এতটা এলাকা নিয়ে। একসময়ে যেহেতু এলাকাটা অ-চাষযোগ্য জলাভূমি ছিল, অনেকে বলেন কালান্তর-এর অর্থ ''মৃত্যু-দেবতার এলাকা ছাড়িয়ে'' যার ভীষণ অ-চাষযোগ্য এলাকায় যাবার দরকারই পড়েনি। সম্ভাব্য অর্থ বোধ হয় 'বাসযোগ্য এলাকার বাইরে' যেহেতু এলাকাটা মোটামুটি একটা জলাভূমিই ছিল।

জেলার উত্তর-পূর্ব দিকে, ভাগীরথীর পূর্বদিকের নীচু অঞ্চলটি বাগরি নামে পরিচিত। প্লাবন এই অঞ্চলে নিয়মিত। মাটি পাললিক এবং উর্বর। আউশ, ধান, পাট আর রবিশস্য চাষের জন্য অতি উৎকৃষ্ট। এই অঞ্চলটিরই নীচে অর্থাৎ জেলার দক্ষিণ-পূর্ব দিকে কালান্তর এলাকাটি। এটাও নীচু এলাকা । মুর্শিদাবাদ জেলার ভিতব থেকে শুরু হয়ে ভাগীরথী আর জলঙ্গীর মাঝ বরাবর নদীয়ায় প্রবেশ এবং দক্ষিণ-পূর্ব দিকে আরও প্রায় পনের মাইল লম্বা এবং আট মাইল চওড়া এলাকা জুড়ে এর বিস্তার।

ভাগীরথীর পশ্চিম জুড়ে অঞ্চলটিই রাঢ়। এদিকটায় অনেক খাল, বিল এবং পুরোনো নদীর গতিপথ। শক্ত কাদামাটি। আমন ধান আর আখচাষের জন্য বেশ ভাল। তুঁতগাছ-ও ভাল হয়। তাই রেশমগুটির চাষেরও বিকাশ ঘটেছে।

জেলায় অনেক বকমের মৃত্তিকা মেলে। মাখাল বা মেথেল হলো কাদামাটি। শুকনো মরশুমে ভঙ্গুর কিন্তু সিক্ত অবস্থায় যথেষ্ট আঠালো, কাদাকাদা। কাদামাটির মধ্যে মেথেল হলো কালো, বাঘা-মেথেল বাদামী আর রঙ্গা-মেথেল লালচে। বাঢ় অঞ্চলে পাওয়া যায় রঙ্গা-মেথেল।

পচা ঘাস পাতা ইত্যাদি মিশে থাকা মাটিকে দোআঁশ মাটি বলে। দোআঁশ মাটির মধ্যে পালি হলো হালকা বাদামী, শ্যাম-পালি ছাইবঙা আর দোমার বঙ কালচে লাল। প্রতিটি মাটিই বেশ উর্বর এবং শস্য উৎপাদনেব জন্য উৎকৃষ্ট। বালি-বালি মাটিকে মেটে বালি বলা হয়। বালির অংশ যদি বেশি থাকে তো সেটা হলো দোমা-বালি।

মৃত্তিকা ঃ

ভূতত্ত্ব ঃ জেলার ভূবিদ্যাগত গঠন এরকম ঃ

সাম্প্রতিক	ঃ	পাললিক
প্লিসটোসিন-সাম্প্রতিক	ঃ	পুরোনো পাললিক এবং লাল বা হলুদ জাতীয় মাটি।
জুরাসিক	ঃ	রাজমহল খাদ।

আবহাওয়া ঃ

গ্রীষ্মকালের অসহ্য গরম, সারা বছর জুড়ে ভীষণ আর্দ্রতা আর দক্ষিণ-পশ্চিম বর্ষার সময় প্রায় সমান মাত্রায় বৃষ্টি, এই জেলার আবহাওযার বিশেষত্ব। বছরকে মোটামুটি চার ভাগে ভাগ করা যায়। নভেম্বরের মাঝামাঝি থেকে ফেব্রুয়াবির শেষ অবধি শীতকাল। মার্চ থেকে মে মাস গ্রীষ্ম। জুন মাসের গোড়া থেকে শুরু হয়ে সেপ্টেম্বরের শেষ অবধি দক্ষিণ-পশ্চিম বর্ষা। অক্টোবর থেকে নভেম্বরের মাঝামাঝি এই সময়টাকে বর্ষা-উত্তর মরশুম বলা চলে।

আর্দ্রতা ঃ

সাবা বছব জুড়েই বেশি আর্দ্রতা কিন্তু গরমের সময় মার্চ এবং এপ্রিলে আর্দ্রতা তুলনায় একটু কম। মে মাস থেকে আর্দ্রতা আবার বাড়তে শুরু কবে।

জল সম্পদ ঃ

নদী ব্যবস্থা ঃ

গঙ্গা আর তার শাখানদী নিয়েই এই জেলার নদী ব্যবস্থা। শাখানদীগুলির মধ্যে ভাগীরথী, জলঙ্গী আর ভৈরব হলো মুখ্য। আগে যেগুলি স্রোতস্বিনী কল্লোলিনী ছিল, এখন শুধুই মুখ্য নদীর ধারা। বর্ষার সময়ে বন্যার জলও আংশিক ভাবে বহন করে। কিন্তু অন্যান্য সময়ে স্রোত নেই বললেই চলে। জলধারা যে বিপুল পরিমান পলি বয়ে আনে, সেগুলো বহন করার মত গতি বা স্রোত না থাকায় জল ক্রমেই অগভীর হয়ে নাব্যতা হারায়। জেলার পূর্বদিকের নদীগুলি শুকনো মরশুমে তবু গঙ্গার অনুপ্রবেশ মারফত কিছু জলধারা পায়। নদী যেখানে প্রশস্ত মাঝে মাঝেই সেখানে চর বা দ্বীপ গজিয়ে ওঠে। ফলে অভিমুখী জলধারা বাধা পেয়ে বালির ওপর আছড়ে পরে।

গঙ্গা বা পদ্মা ঃ

গঙ্গা বা পদ্মা যে নামে নদী পবিচিত এই ভূভাগে, প্রথমে স্পর্শ করে মুর্শিদাবাদকে গভীর উত্তর প্রান্তে। তারপর দক্ষিণ-পূর্বে বয়ে চলে সৃষ্টি কবে জেলাব পূর্ব সীমানা, মালদা এবং রাজশাহীকে ভাগ করে।

ভাগীরথী ঃ

ফরাক্কাব প্রায় পঁচিশ মাইল নীচে নুরপুরের কাছে গঙ্গা থেকে ভিন্ন হয় ভাগীরথী। তারপর সূতির কাছে বিশ্বনাথপুর পর্যন্ত প্রায় দু'মাইল পথ সমান্তবাল ভাবে বযে চলে। মধ্যের লম্বা অপ্রশস্ত এলাকাটি চবভূমি। আগেই বলা হয়েছে ভাগীবথী জেলাকে প্রায় সমান দুভাগে ভাগ কবেছে। পূর্বে বা বামদিকের তীরেই জেলার ঐতিহাসিক এবং সম্পন্ন জনপদগুলির অবস্থান। জঙ্গিপুরের একটু উঁচুতে, পশ্চিম দিক থেকে, বাঁশলোই আর পাগলা নদীব মিলিত জলধারা এসে পড়ে ভাগীরথীতে। শক্তিপুবের কাছে দ্বারকাব একটা অন্যতম শাখানদী চোবা ডেকবা, সে-ও পশ্চিম দিক থেকেই. এসে মেলে।

জলঙ্গী ঃ

গঙ্গা থেকে জলঙ্গী যেখানে আলাদা হয়ে যায় সেই এলাকাটি এখন মজে গেছে। যাইহোক ভৌগোলিক দিক থেকে মুর্শিদাবাদ জেলার জলঙ্গী থানা এলাকা থেকেই এই নদীব উৎপত্তি। হাঙ্গবডোবা (বা মাথাভাঙ্গা) নামে অন্য একটি নদীর উৎপত্তিও পদ্মাব কাছে জলঙ্গীর মুখ থেকে। জলঙ্গীরও একটা গৌরবময় অতীত ছিল যখন গঙ্গা থেকে বেশ ভাল পরিমান জল এর মধ্য দিয়েই বয়ে যেত। জলঙ্গী যেখানে ভৈরব-এর সঙ্গে মিশেছে তার উত্তর দিকের অংশটুকু শুকিয়েই গিয়েছে। একমাত্র বর্ষার সময়ে পদ্মাব কিছু জল এখনও আসে। শিয়ালমাবি নদীটিও মজে গেছে। একমাত্র বর্ষাব সময় জননী পদ্মার কিছু জল এখনও পায়। একসময় এই নদীগুলি তীর ভাসিয়ে বন্যার সৃষ্টি করত। কিন্তু কোথায় এখন সেই সামর্থ্য বা শক্তি ?

ভৈরব ঃ

ভৈরব নদী অনেক পুরোনো। অনেকদিন হলো এই নদীর গতিপথ হারিয়ে গেছে। সামান্য কিছু অংশ খুঁজে এখনও পাওয়া যায়। তার কিছুটা অংশ বাংলাদেশে পড়ে। জেলায় লালগোলা থানা এলাকায় মহানন্দা যেখানে গঙ্গায় এসে মেশে, তার উল্টোদিকে গঙ্গা থেকেই এর যাত্রা শুরু।

বাঁশলোই ঃ

ভাগীরথীর একটা অন্যতম শাখানদী এই বাঁশলোই। বীরভূম থেকে এসে এই নদী জেলায় ঢুকেছে হোসেনপুর গ্রামের সামনে দিয়ে। জঙ্গীপুরের সামান্য উত্তরে ভাগীরথীতে এসে মেশা পর্যন্ত নদীর গতিপথ মোটামুটি পূর্ব ঘেঁষা।

দ্বারকা বা বাবলা ঃ

দ্বারকা বা বাবলা একটি মাঝারি মাপের জলধারা যেটি অন্যান্য শাখানদী এবং শাখাপ্রবাহেব সঙ্গে মিশে, এক এক জায়গায় এক এক নামে পবিচিত হয়ে দক্ষিণ-পশ্চিম বরাবর আগাগোড়া বয়ে চলেছে।

অন্যান্য নদীসমূহ ঃ

অপ্রধান নদীগুলির মধ্যে উল্লেখ করা চলে ব্রাহ্মনী, মোর (অথবা ময়ুরাক্ষী বা কানা) এবং কুইয়া-র। এগুলি পশ্চিম দিক থেকে দ্বারকায় এসে মেশে। বর্ষার সময়ে আংশিক ভাবে নাব্য হয়।

ফরাক্কা বাঁধ প্রকল্প ঃ

১৮৫৩ সালে স্যার আর্থার কটন ভাগীরথী-হুগলী জলপ্রবাহ রক্ষা করার জন্য গঙ্গার মাঝে একটি বাঁধ নির্মানের ইঙ্গিত দেন। তখন থেকে অন্যান্য অনেক ইঞ্জিনিয়াররা-বিদেশী ও ভারতীয়, মোটামুটি একই মতবাদ প্রকাশ করেছেন। ফরাক্কা বাঁধ প্রকল্পের রূপরেখা তৈরী ছিল, ১৯৫৭ সালে ডাঃ হেনসেন, একজন জার্মান কুশলী এই প্রকল্পের গুরুত্ব নির্দেশ করেন ও কাজ তাড়াতাড়ি হাতে নেওয়ার ইঙ্গিত দেন। ১৯৬০ সালে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার সময় ভারত সরকার এর কাজ শুরু করেন। এর উদ্দেশ্য ছিল কলকাতা বন্দর রক্ষা ও এর রক্ষণাবেক্ষণ করা ও হুগলী-ভাগীরথীর নাব্যতা রক্ষা করা। এটা করার ফলে নাব্যতার ও নৌচালনার সুবিধা যথেষ্ট বৃদ্ধি পাবে, নিকাশী, স্বাস্থ্যব্যবস্থা ও জল সরবরাহের ফলে কলকাতা ও তার পারিপার্শ্বিক শিল্প এলাকাতে যথেষ্ট উন্নতি হবে। গঙ্গার উপরিভাগে ক্রমাগত জলসরবরাহ কমতে থাকার ফলে হুগলী নদীতে বিভিন্ন জায়গায় চরের ও বারের সৃষ্টি হয়েছে। এর ফলে জলের স্তর নীচে নেমে যাওয়াতে কলকাতা বন্দরে জাহাজের আসার অসুবিধা সৃষ্টি হয়েছে। টাটকা জলের প্রবাহ কমে যাওয়াতে হুগলী নদীতে খুব দ্রুত নুনের পরিমান বৃদ্ধি পেয়েছে।

ফরাক্কা ব্যারেজ প্রোজেক্ট ঃ

ফবাক্কা বাঁধ (barrage) প্রকল্পে যে সব কাজ হয়েছে ঃ

(১) ফবাক্কার কাছে গঙ্গার ওপর রেল এবং সড়ক পরিবহণ যোগ্য সেতু।

(২) জঙ্গীপুরের কাছে ভাগীরথীর ওপর সেতু যেখানে শাখাপ্রবাহ থেকে জল এসে পড়ে।

(৩) ফরাক্কা সেতুর ডান দিক থেকে ২৬ মাইল লম্বা একটি তৈরী-জলপথ যা দিয়ে উজানমুখী ফরাক্কার জল এসে নীচের দিকে জঙ্গীপুর সেতুর কাছে ভাগীরথীতে পড়ে।

এই প্রকল্পের কাজকে মোটামুটি দুটি পর্বে ভাগ করা হয়েছে ঃ

(১) কোলকাতা বন্দরের আশু উন্নতির জন্য জলধারা ঘুরিয়ে দেবার প্রয়োজনীয় কাজ।

(২) জল পরিবহনের জন্য প্রয়োজনীয় কাজ।

উদ্ভিদ ও প্রানী ঃ

উদ্ভিদ ঃ

পশ্চিমবঙ্গের ব-দ্বীপ অঞ্চলের গাছপালার সঙ্গে এই অঞ্চলের গাছপালার সাদৃশ্য আছে। একমাত্র অত্যন্ত উত্তরের দিকে কিছু গাছপালা আছে যা শুকনো আবহাওয়াতে বেশি বেড়ে ওঠে। জলা জায়গায় অসংখ্য জলাটে প্রজাতি পাওয়া যায়। যেমন পুকুরে বিলে পাওয়া যায় ডুবো এবং ভাসমান অনেকরকম গাছপালা। সারা জেলা জুড়েই বাঁশ মেলে, যেমন মেলে আম আর কাঁঠালও। করাতকলের হাত থেকে এদের বাঁচানো প্রয়োজন। নিজস্ব জমিতে সেগুন আর শিশু ছাড়াও বাবলা, শিমূল, পিটালি, চতিওয়ান আর তেঁতুলগাছ দেখা যায়। পুরোনো রাস্তার ধার ঘেঁষে বট আর অশ্বত্থ গাছের দেখা মেলে। উত্তরে লালমাটির অঞ্চলে শাল, মহুয়া সঙ্গে কেন্দু আর পালা পাওয়া যায়। জঙ্গীপুর মহকুমায় কুল, বিশেষ করে চাষ করার প্রজাতি, পাওয়া যায়। পালা-চাষের চেষ্টাও এদিকে হয়েছে। যেসব অঞ্চল গুটিপোকার চাষের জন্য খ্যাত, যেমন- বহরমপুর, ইসলামপুর এবং বেলডাঙ্গায় প্রচুর তুঁত গাছের চাষ হয়।

পশ্চিমবাংলার যেসব অঞ্চল চাল উৎপাদনের জন্য বিশেষ খ্যাত, এই জেলাও সেরকমই একটি অঞ্চল। অসংখ্য ধানক্ষেত এই জেলা জুড়ে। আগে যখন নীল চাষ হতো, ইনডিগোফেরা টিঙ্কটোরিয়াল (Indigofera tinctorial)-এর চাষ জেলা জুড়েই হতো। রাসায়নিক ভাবে নীল প্রস্তুত হতে শুরু হওয়ার পর থেকে এই চাষ বন্ধ হয়ে যায়। কিন্তু এখনও কোন কোন এলাকায় যুথবদ্ধভাবে এই গাছ দেখা যায়।

গঙ্গারই একটি শাখানদী ভাগীরথী শীতকালে স্থির বা নিশ্চল হয়ে পড়ে। তখনই প্রাচুর্যময় জলজ উদ্ভিদ জন্মাবার উপযোগী সময়। ছোট পুকুর, বিল, ডোবা, ঝিল জুড়ে বিচিত্র সুন্দর জলজ গাছপালা গজিয়ে ওঠে।

প্রাণী ঃ

বড় ধবনের বন্যপ্রানী এখন অবলুপ্ত। কৃষ্ণসার এবং হরিণ একসময দেখা যেত, এখন সম্পূর্ণ নিরুদ্দেশ। ১৮৫৭ সালে মাশুল পরিদর্শকেব প্রতিবেদন ছিল যে তিনি বাঘ, গণ্ডার এবং কিছু বুনো মোষ দেখতে পেয়েছিলেন কিন্তু এখন আর সেসব নেই।

গুরুত্বপূর্ণ স্থানসমূহ ঃ

হাজারদুয়ারী প্রাসাদ ঃ হাজাবদুয়ারী প্রাসাদ বা এক হাজারটি দরজাওয়ালা প্রাসাদ মুর্শিদাবাদের অন্যতম ভ্রমণ আকর্ষণ। মীরজাফরের বংশধব নবাব নাজিম হুমায়ুন জাহ্-ব জন্য এই তিনতলা প্রাসাদ তৈরী করেছিলেন ডানকান ম্যাকলয়েড, ১৮৩৭ সালে। ইয়োরোপীয় স্থাপত্যশৈলী অনুযায়ী তৈরী এই প্রাসাদে এক হাজারটি দরজা। এর মধ্যে হাজারদুয়ারী প্রাসাদের মোট এলাকা ৪১ একর। এখন এটি একটি যাদুঘর (Museum) এবং চমৎকার সব সংগ্রহের মধ্যে আছে বিবিধ অস্ত্রশস্ত্র, ললিত চিত্রকলা, নবাবদেব চমৎকার সব প্রতিকৃতি, অন্যান্য চারুকলা সহ চীনা (ইয়োরোপীও ঘরানা) হাতির দাঁতের কাজ (মুর্শিদাবাদ ঘরানা) এবং রকমাবী অমূল্য সব সৃষ্টি। অস্ত্রাগারের সংগৃহীত ২৭০০ রকমের অস্ত্রেব মধ্যে মাত্র কয়েকটিই রাখা হয়েছে প্রদর্শনের জন্য। সিরাজ-উদ-দৌল্লা এবং তাঁর পিতামহ নবাব আলিবর্দী খানের ব্যবহৃত তরবারী দেখতে পাওয়া যায়। এই একই তলায় দেখা যায় পুরোনো সব গাড়ি, ফিটন গাড়ি, নবাব এবং তাঁদের পবিবারের লোকজনের ব্যবহার করা। পাঠাগারেব অমূল্য সব সংগ্রহ বিশেষ অনুমতি না পেলে দেখা সম্ভব নয়। ৪২৪ ফুট লম্বা, ২০০ ফুট চওড়া আর উচ্চতায় ৮০ ফুট বাড়িটি একটি আয়তক্ষেত্রের মত। প্রাসাদটি ব্যবহার করা হত 'দরবার' বা সভা এবং নবাবদের সরকারী কাজের জন্য। এছাড়া উচ্চ পদাধিকারি ইংরেজ আমলাদেব বাসস্থান হিসেবে।

হাজারদুয়ারী

মদিনা ঃ প্রাসাদ আর ইমামবাড়ার মধ্যে একটি ছোট মসজিদ 'মদিনা'। সঙ্গে রঙীন টালি দিয়ে সাজানো বারান্দা। মসজিদটিতে মদিনা-র হজরত মহম্মদের সমাধির একটি অলঙ্কৃত প্রতিকৃতি রাখা আছে।

মদিনা মসজিদ

ওয়াসেফ মঞ্জিল ঃ প্রাসাদটি তৈরী করিয়েছিলেন মুর্শিদাবাদের নবাব স্যার ওয়াসেফ আলি মির্জা। নবাবের বাসস্থান-ও ছিল এই প্রাসাদটি। হাজারদুয়ারীর দক্ষিণ দিকের দরজার কাছেই এই প্রাসাদটি। মার্বেল পাথরে তৈরী প্রাসাদের সিঁড়ি ছাড়াও অন্যান্য সব প্রাকৃতিক, সৌন্দর্য দেখবার মত। প্রবেশ মূল্য এক টাকা (ভারতীয় নাগরিকদের জন্য)।

ইমামবাড়া

ইমামবাড়া ঃ হাজারদুয়ারি প্রাসাদের উত্তর পার্শ্বে সমান্তরাল ভাবে অবস্থিত নিজামত ইমামবাড়া তৈরী হয়েছিল ১৮৪৭ খ্রীষ্টাব্দে। সিরাজ-উদ-দৌলার তৈরী ইমামবাড়া আগুনে ধ্বংস হয়ে যাবার পর হুমায়ুন জাহ-র পুত্র নবাব নাজিম মনসুর আলি খান ফেরাদুন জাহ ছ'লক্ষ টাকারও বেশি ব্যয় করে এটি তৈরী করান। মাত্র এগার মাসের মধ্যেই এটি নির্মিত হয়েছিল। এই ইমামবাড়াটি, বাংলার মধ্যে সবচেয়ে বড়, সম্ভবত ভারতের মধ্যেও।

কাটরা মসজিদ ঃ মুর্শিদাবাদ রেল স্টেশন থেকে দেড় কি মি দূরত্বে বহরমপুর লালগোলা রোডের ওপর এই কাটরা মসজিদ। এই জবরদস্ত নির্মানকার্যটি করিয়েছিলেন নবাব মুর্শিদ কুলি খাঁ ১৭২৩-২৫ সালে। এবং এটি একটি অন্যতম ভ্রমণ-আকর্ষণ। বিশাল গম্বুজ আর উঁচু আজান-বারান্দা সহ এই জমকালো অট্টালিকার সামনের সিঁড়ির নীচেই নবাবের সহজ সরল সমাধিক্ষেত্রটি।

কাটরা মসজিদ

জাফরগঞ্জ সমাধিক্ষেত্র

জাফরগঞ্জ সমাধিক্ষেত্র ঃ হাজারদুয়ারি প্রাসাদ থেকে আন্দাজ আধমাইল দূরত্বে মীরজাফরের ধ্বংসপ্রাপ্ত প্রাসাদ এই জাফরগঞ্জ। সমাধিক্ষেত্রে যাঁদের সমাধিস্তম্ভ আছে তাঁরা হলেন নবাবের নাজিম, মীরজাফর থেকে হুমায়ুন জাহ, মীরজাফরের পিতা সৈয়দ আহমেদ নাজাফি, আলিবর্দি খানের বোন শাহখানুম, মীরজাফরের বেগম-মুন্নি বেগম আর বাব্বু বেগম, মীরজাফরের ভাই মহম্মদ আলি খান আর দুই জামাই ইসমাইল আলি খান আর আসরফ আলি খান। ৩.৫১ একর জুড়ে এই সমাধিক্ষেত্রটি তৈরী করিয়েছিলেন মীরজাফর।

জাহানকোষা কামান ঃ কাটরা মসজিদ থেকে প্রায় এক কি মি দূরে এই সুবিশাল কামান জাহানকোষা। সতেরশ শতাব্দীর শুরুর দিকে ঢাকার এক কারিগর জনার্দন কর্মকার এটি বানিয়েছিলেন। জাহানকোষার কাছেই রয়েছে শরিফ নামে একটা সুন্দর মসজিদ। শোনা যায় মহাপুরুষ হজরত মহম্মদের পায়ের একটি আসল প্রতিরূপ রাখা আছে। কামানটি লম্বায় ১৭.৫ ফুট আর ওজন ১৬,৮৮০ পাউন্ড। ... (touch hole) এর দিকে বেড়ে এটি ৫ ফুট। নজ্‌ল ঘেরাটির ব্যাসার্ধ দেড় ফুট আর মুখটি ৬ ইঞ্চি।

খোশবাগ

খোশবাগ ঃ ভাগীবথীব উল্টো তীবে খোশবাগ। নবাব আলিবর্দী খাঁ, আলিবর্দীব মা, সিবাজ উদ দৌলা এবং তাব বেগম লুৎফুন্নেসা এবং পবিবাবেব অন্যান্যদেব সমাধি এখানেই হয়েছিল। ৭.৬৫ একবেবও বেশি এলাকা জুড়ে এই সমাধিক্ষেত্র।

কাঠগোলা ঃ নসীপুব প্রাসাদ থেকে মোটামুটি আধ কি.মি. দূবে মহিমাপুব। জগৎ শেঠেব প্রাসাদ আব একদা খ্যাত পবেশনাথ মন্দিবেব ধ্বংসাবশেষ এখানেই। বাজা ধনপৎ সিং দুগাব এবং লক্ষ্মীপৎ দুগাবেব প্রাসাদ-উদ্যান এই কাঠগোলা। এঁদেব সুবিখ্যাত আদিনাথ মন্দিব ১৮৭৩ সালে তৈবী কবেছিলেন হবেক চাঁদ। এই মন্দিবেব দেওয়ালগুলিব নকশাও বেশ জটিল। আদর্শ জৈন পদ্ধতিব বিচিত্রসুন্দব অলংকবণ এই মন্দিবটিতে একটি ভিন্ন মাত্রা যোগ কবেছে।। মহিমপুব থেকে দক্ষিণ-পূর্বে আনুমানিক আধ কি মি. দূবে এই মন্দিবটি। যদিও পুবোন গৌবব আজ কিছুটা লুপ্ত তবু ভ্রমণার্থীদেব কাছে এই সুন্দব মন্দিবটি আব তাব চুনবালিব কাজ আজও বিশেষ আকর্ষণ।

নসীপুর প্রাসাদ ঃ দেবী সিং-এব বংশধব কীর্তিচাঁদ এই প্রাসাদটি নির্মাণ কবিয়ে ছিলেন। পাঞ্জাবেব মানুষ দেবী সিং ইষ্টইন্ডিয়া কোম্পানীব শুরুর দিকে একজন খাজনা আদায়কাবী ছিলেন। প্রাসাদ চত্বরে আছে বামচন্দ্র মন্দিব, জেলাব একটি অন্যতম বড় মন্দিব। এটিবই লাগোয়া আব একটি প্রাসাদোপম মন্দিব লক্ষীনাবায়ণ মন্দিব, ঝুলনযাত্রা উৎসব উদ্‌যাপনেব জন্য বিখ্যাত। মূল দ্বিতল বাজবাড়িটিব সোপানগুলি চমৎকাব এবং একটা ভাবগম্ভীব চেহাবাব। বর্তমান বাজবাড়িটি তৈবী কবিয়েছিলেন রাজা কীর্তিচাঁদ বাহাদুব। এই পবিবাবেব যিনি প্রতিষ্ঠাতা সেই দেবী সিং বোখাবা বেল ষ্টেশনেব কাছে একটি গ্রামে এসে স্থায়ী হয়েছিলেন, যেখানে তাঁব ঠাকুববাড়িটি আজও আছে।

নসীপুর প্রাসাদ

ফুটি মসজিদ

ফুটি মসজিদ ঃ নবাব সবফবাজ খানেব অসমাপ্ত একটি উদ্যোগ এই ফুটি মসজিদ। যদিও সেবকম পবিচিতি নেই কিন্তু অনবদ্য স্থাপত্যশৈলীব জন্য এটি দেখা সার্থক। হাজাবদুয়াবি প্রাসাদ থেকে এক মাইলেব তিনভাগ দূবত্বে কুমড়াপুবে এই ফুটি মসজিদ। কথিত আছে যে মাত্র এক বাত্রিব মধ্যে সবফবাজ খান এটিব নির্মান কবিয়েছিলেন।

নিমকহারাম দেওরি ঃ (বিশ্বাসঘাতকেব দবওযাজা) মীবজাফবেব জাফবগঞ্জ প্রাসাদের মূল দবজাটিই এই নিমকহাবাম দেওবি বা বিশ্বাসঘাতকেব দবওযাজা। হাজারদুয়ারি থেকে এক কি.মি. উত্তরে। এই প্রাসাদেব অভ্যন্তবেই সিরাজ-উদ-দৌলা নিহত হন একটি ঘৃণ্য বিশ্বাসঘাতকতাব পবিনামে। বাস্তাব বিপবীত দিকে মীবজাফব এবং তাব বংশধবদেব সমাধিক্ষেত্র।

মতি ঝিল ঃ লালবাগের এক কি.মি. দক্ষিণে এই মতি ঝিল। স্বনামখ্যাতা ঘসেটি বেগমের স্বামী নওয়াজেশ মহম্মদ সুন্দর এই ঘোড়ার খুরের মত আকৃতির দিঘীটি খনন করিয়েছিলেন। লাগোয়া প্রাসাদটিতে (এখন শুধুই ধ্বংসাবশেষ) ১৭৬৫ সালে লর্ড ক্লাইভ সুবে-বাংলার (বাংলা, বিহার আর উড়িষ্যা) দেওয়ানী পাওয়ার আনন্দ উৎসব পালন করেছিলেন। নবাব নাজিম (১৭৭১-৭৩ খ্রীষ্টাব্দ) র দরবারে তার রাজনৈতিক উপদেষ্টা নির্বাচিত হবার পর ওয়ারেন হেষ্টিংস এই মতি ঝিল প্রাসাদেই বাস করতেন। স্যার জন শোর যিনি পরে লর্ড টিংনমাউথ উপাধি পান, এখানেই বাস করতেন। ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর দখলে থাকায় মতি ঝিল 'কোম্পানী বাগ' হিসাবেও পরিচিত। পুরানো আমলের বলতে একমাত্র শহমত জং-এর মসজিদটিই এখনও আছে। নওয়াজেশ মহম্মদের মসজিদটির পূর্বদিকে একটি ছোট চত্বরে চারটি সমাধিস্তম্ভ আছে। এবং পূর্বদিকে এবং চত্বরের বাইরে একটি মাত্র সমাধিস্তম্ভ আছে। এখানেই চিরনিদ্রায় শায়িত আছেন শহমত জং বা নওয়াজেশ মহম্মদ, সিরাজ উদ দৌলার ছোট ভাই ইকরম-উদ-দৌলা, ইকরম উদ দৌলার শিক্ষক এবং নওয়াজেশ মহম্মদের সেনাধ্যক্ষ শামসের-ই-আলাম আর ইকরম উদ দৌলার পরিবেষিকা।

মতি ঝিল

অন্যান্য আকর্ষন

জঙ্গীপুর অঞ্চল ঃ জেলার উত্তরদিকে এই জঙ্গীপুর। মালদা থেকে জাতীয় সড়ক ৩৪ ধরেও পৌঁছনো যায়। মালদার সঙ্গে একসঙ্গেই বেড়াতে যাবার পরিকল্পনা করা যায়। বহরমপুর থেকেও সহজে যাওয়া যায়। ভাগীরথীর দু'দিকে ছড়ানো রঘুনাথগঞ্জ-জঙ্গীপুর একটি মহকুমা শহর, একটি সেতু দিয়ে যুক্ত। শহরটিতে মন্দির ছাড়াও একটি রেশম কুঠীর ভগ্নাবশেষ আছে। সুতায় গিয়ে একটি [illegible] অবশ্যই দেখা উচিত। রঘুনাথগঞ্জ থেকে দেড় কি.মি. দূরে চবকা গ্রামে পীর [illegible] শাহ আর জামাল খানের সমাধি আছে। এখানে মহরম উৎসব বেশ খ্যাত। রঘুনাথগঞ্জ থেকে ৮ কি.মি. দূরে [illegible] বিল অনেক পক্ষীপ্রেমী ভ্রমণার্থীকে টানে। বিড়ি শিল্পের জন্য ঔরঙ্গাবাদ তো রীতিমত বিখ্যাত। সত্যজিৎ রায় যে নিমতিতা জমিদার প্রাসাদে জলসাঘর ছায়াছবিটির চলচ্চিত্রায়ন করেছিলেন সেটিও এখানেই। পৃথিবীর মধ্যে সববৃহৎ নদী বাঁধ ফরাক্কা প্রকল্পও অনেক ভ্রমণ বিলাসীকে টানে। এই বাঁধ-এলাকায় অনেক রকম অজানা পাখী দেখতে পাওয়া যায়।

আসলে জেলার নাম হওয়া উচিত ছিল ২৪ মহল। কাবণ প্রতিটি অঞ্চলকে মহল হিসেবেই ধরা হ'তো। কয়েকটি পুরোপুরি পরগনা ছিল, অন্যগুলি পরগনার অংশবিশেষ আর একটি ছিল মালঙ্গ মহল। সম্ভবত: ২৪টি ''অংশত-পরগনা'' নাম ব্যবহার করা শক্ত ছিল বলে 'অংশত ' ছোট করে শুধু ২৪ পরগনা করা হয়।

১৭৫৭-র চুক্তিটি কোম্পানীকে যে জমিদারী স্বত্ব দিয়েছিল সেখানে নবাবকে জমির খাজনা দেবার দায়বদ্ধতার কথাও ছিল। ১৭৫৯ সালে একটি সনদ জারী করে রবার্ট ক্লাইভকে এই ২৪ পরগনা জাগীর হিসেবে দেওয়া হয়েছিল অর্থাৎ নতুন নবাবকে সাহায্য করার জন্য এই এলাকার খাজনা স্বত্বের ওপরও অধিকার। ঐ সময় এই ভূভাগ অজ্ঞাত, অগম্য, ঘন জঙ্গল ভরা পঙ্কিল জলাভূমি এবং অসংখ্য শাখানদীর যেন একটি গোলকধাঁধা।

কিন্তু খাজনা এবং প্রশাসনিক এক্তিয়ারের কোন সমন্বয় ছিলনা অনেক দিন ধরে। কারণ ১৭৮৭ সালের দশবর্ষীয় ব্যবস্থার সময় এই ভূভাগের জমিব মালিকানা ছিল বর্ধমান, নদীয়া আর যশোরের রাজার। প্রথমে মোট ৪৪৪টি বিষয় বা ভূসম্পত্তি নিয়ে ছিল এই জেলা। কিন্তু ১৮১৬ সালে যখন বর্ধমান থেকে কিছু 'বিষয়' স্থানান্তর হলো তখন সংখ্যা গিয়ে দাঁড়ালো ৫৬৪। এই 'বিষয়'গুলি আবার ১৮৬২ সালে বর্ধমানে ফিরিয়ে দেওয়া হ'লো।

যশোরের বিচারক এবং শাসক টিলম্যান হেঙ্কেলই প্রথম উদ্যোগ নেন ১৭৮০ সালে সুন্দরবনের জলাভূমির সংস্কার এবং উন্নয়নের। ছোটনাগপুর মালভূমি থেকে অনেক উপজাতির মানুষ এবং আশেপাশের জেলা থেকে চাষীদের

এনে এখানে বসতি স্থাপন করানো হয়। হেঙ্কেল সাহেবের পরিকল্পনা ছিল সোজাসুজি সরকারী নিয়ন্ত্রণে এখানে চাষীদের জমির স্বত্ব এবং মালিকানা দেওয়া। ধীরে ধীরে বনাঞ্চল পরিবর্তিত হলো উর্বর ধান চাষের কৃষিজমিতে। এই সীমান্তবর্তী ভূ-বাসনে বিভিন্ন প্রজাতি এবং জীবনযাত্রার সংমিশ্রণে জমির স্বত্বাধিকারীদের মধ্যে একটি নিজস্ব সংস্কৃতি এবং ব্যক্তিত্ব গড়ে উঠেছে।

১৮১৬ সালের ১৪ নং প্রবিধান অনুযায়ী ২৪ পরগনাকে দুটি জেলায় ভাগ করা হয়। একটিতে কোলকাতার উপকণ্ঠ (চিৎপুর, মানিকতলা, তাজেরহাট, নৌহাজারী এবং সালকিয়া থানাগুলি) আর বাকি সব নিয়ে অন্যটি। ১৮৩২ সালের ৮ নং প্রবিধান আবার এই দুটি জেলাকে এক করে দেয়। বেশ কিছুদিন এই জেলাটি আলিপুর আর বারাসাত এই দুটি ভাগে বিভক্ত ছিল। কোম্পানীকে সর্বপ্রথম যে এলাকার অধিকার দেওয়া হয়েছিল সেটি নিয়ে ছিল আলিপুর আর ১৮৩৪ সালে নদীয়া আর যশোর থেকে যে এলাকাগুলি স্থানান্তর হয়েছিল সেগুলি নিয়ে বারাসাত।

১৮৬১ সালে যুগ্ম শাসনকর্তার পদ বিলুপ্ত হয় এবং জেলাকে ৮টি মহকুমায় ভাগ করা হয়। হুগলীর পশ্চিমদিকের সব গ্রামগুলিকে বাদ দিয়ে এবং উত্তরের সীমা প্রসারণ ছাড়াও যশোর জেলা থেকে কবাডক এবং ইছামতি নদীর অন্তবর্তী অঞ্চলকে যোগ করে। কবাডক ঘোষিত হয় জেলার পূর্ব সীমানা হিসেবে। ১৮৮২ সালে খুলনা জেলা প্রতিষ্ঠার সময়ে সাতক্ষীরা মহকুমাকে খুলনার সঙ্গে সংযুক্ত করা হয়। বারুইপুর মহকুমা হয়েছিল ১৮৯৩ সালে। বারুইপুরকে আবার পুনর্গঠন করা হয় ১৯০৪ সালে সদর (আলিপুর) এবং বারাসাত মহকুমার অংশবিশেষ নিয়ে। ১৯৪৭ সাল পর্যন্ত সীমানার মুখ্য কোন পুনর্গঠন আর করা হয়নি কিন্তু ছোটখাট পরিবর্তন (যেমন আলিপুর কেন্দ্রীয় কারাগার-এর অধিকার কোলকাতা উচ্চ আদালতের হাতে ১৯১৩ সালে প্রত্যর্পণ) কিছু করা হয়েছিল। ফলে জেলার সীমানা নির্ধারণ বেশ জটিল হয়ে দাঁড়িয়েছে।

১৮১৬ সালের বিধি নং ৯ অনুযায়ী জেলার প্রশাসন পরিচালিত হয়েছে। এই বিধিতে সুন্দরবনের জন্য জমির খাজনা আদায়ের অধিকার দিয়ে একজন কমিশনার নিয়োগের বিধান ছিল। এই বিধানের প্রয়োজন হয়েছিল কেননা এই বিস্তৃত ভূ-ভাগ ছিল অগম্য এবং জঙ্গলে ভরা। এলাকার সম্পদ বৃদ্ধির কাজটা আশেপাশের জেলা সমাহর্তাদের দ্বারা সম্ভব ছিলনা। কিন্তু এই বন্দোবস্ত ১৯০৫ সালে শেষ হয়েছিল। কেননা ইতিমধ্যে সুন্দরবনের মানচিত্র এবং সম্পদ তালিকা তৈরী করা মোটামুটি ভাবে শেষ হয়েছিল। ভাবা হয়েছিল যে জেলা-প্রশাসনের সঙ্গে এই এলাকার প্রশাসনিক কাজকর্মের সমন্বয় ঘটানোর সময় হয়েছে। ফলে সুন্দরবন বিধি (১৯০৫ সালের বাংলা বিধি-১) অনুযায়ী সুন্দরবন কমিশনারের দায়-দায়িত্ব অর্পণ করা হয় তিনটি জেলার সমাহর্তাদের (Collector)। ২৪ পরগনা, খুলনা আর বাকেরগঞ্জ জেলা অন্তর্গত ছিল এই সুন্দরবন।

ভারত বিভাজনের সঙ্গে সঙ্গে ২৪ পরগনা একটি সীমান্ত জেলা হয়ে গেল এবং জেলার গুরুত্ব আর পরিসীমাও বাড়ল। ২৩.০২.১৯৪৮ সালের বিজ্ঞপ্তি সংখ্যা ৫৪৫ জি.এ. অনুসারে আশেপাশের জেলার কিছু অংশ জুড়ে বনগাঁ মহকুমা সৃষ্টি হলো। ২৮.০২.১৯৮৬ পর্যন্ত জেলায় এই ছটি মহকুমা ছিল (১) বনগাঁ (২) বসিরহাট (৩) বারাসাত (৪) বারাকপুর (৫) ডায়মণ্ডহারবার (৬) আলিপুর।

কোলকাতার বিপরীতে ২৪ পরগনা জেলার সীমা অধিকার এবং কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণ অধীন কিছু সংরক্ষিত অঞ্চল বেশ জটিল। বিভিন্ন প্রয়োজনে বিভিন্নভাবে ২৪ পরগনা জেলার সীমা অঞ্চল কোলকাতার থেকে

আলাদা করা হয়েছে। অন্যান্য জেলার যেরকম সুনির্দিষ্ট সীমা আছে, ২৪ পরগনার তা নেই। পৌর প্রশাসনের জন্য কোলকাতার সীমাকেই ধরা হয়। তাছাড়া পুলিশ প্রশাসন, দেওয়ানী এবং ফৌজদারী বিচারকার্য্য সংক্রান্ত প্রশাসনিক, জমির খাজনা, ডাক সেবা এবং পূর্ত্ত দপ্তরের অধীন বিভিন্ন দপ্তরের জন্যও একই সীমা অধিকার। তাছাড়াও এমন অনেক সীমা অধিকার আছে যেখানে একটি অন্যটির ওপর চেপে আছে (overlapping)। অনেক এলাকাতেই কোলকাতা আর ২৪ পরগনার সমান অধিকার। ২৪ পরগনার অনেক মহকুমাতেও এই সম-অধিকারের দৃষ্টান্ত আছে।

শুরু থেকেই কোলকাতা আর ২৪ পরগনা জেলার মধ্যে এই সম-অধিকারের ব্যাপারটা চলে আসছে। ও'ম্যালির ১৯১৪ সালের বাংলা জেলার ভৌগোলিক অভিধানও কোলকাতার শহরতলীকে তখনকার পাঁচটি মহকুমা (আলিপুর, বারাকপুর, বারাসাত, বসিরহাট এবং ডায়মণ্ডহারবার)-র থেকে আলাদা ভাবে চিহ্নিত করেছিল। ''যে এলাকাটি কোলকাতার শহরতলী হিসেবে পরিচিত যেমন কাশীপুর-চিৎপুর, মানিকতলা আব গার্ডেনরীচ, ভৌগোলিক দিক থেকে আলিপুর বা সদর মহকুমার মধ্যে পড়ে কিন্তু এলাকাটিকে ভিন্ন ভাবে গণ্য করা হয় লোকগণনার জন্য এবং এই এলাকার প্রশাসন জেলার অন্যান্য অঞ্চলের থেকে অনেকদিক দিয়েই আলাদা''।

কিছু প্রশাসনিক প্রয়োজনে কোলকাতার এই সংযুক্ত-এলাকাকে জেলার একটি অংশই ধরা হয়। এই এলাকাটি, বলা ভাল, কোলকাতার সেই অংশ যেটি পুরোন কোলকাতার পূর্বে এবং দক্ষিণে (সারকুলার রে'ড এবং হুগলীর মধ্যে) এবং সারকুলাব বোডটিই এলাকাটিকে আলাদা ভাবে চিহ্নিত করে।

''দেওয়ানী এবং ফৌজদারী বিষয়ের জন্য এই 'সংযুক্ত অঞ্চল' টি ২৪ পরগনার মধ্যেই ধরা হয়। এর পরিসীমার মধ্যে যে সব ফৌজদারী মামলা হয় সেগুলির বিচার হয় শিয়ালদা এবং আলিপুরের দায়রা আদালতে, কিন্তু পৌর এবং পুলিশি প্রশাসনিক কাজের জন্য এলাকাটি কোলকাতারই অবিচ্ছেদ্য অঙ্গ।''

১৯৪৭ সালের পর কোলকাতার পুলিশ কমিশনার-এর অধীন এলাকায় কোন পরিবর্তন হয়নি। ফলে কোলকাতা পৌরসভায় যে সব এলাকা নতুন ভাবে যোগ করা হয়েছে (ওয়ার্ড নং ৭০,৯৪,৯৫,৯৬,৯৭,৯৮,৯৯ এবং ১০০), বালীগঞ্জ থেকে গড়িয়া পর্যন্ত একটি ত্রিকোনাকৃতি এলাকা এখনও ২৪ পরগনা জেলারই অধিকারে এবং কোলকাতা পুলিশের অধিকাবের বাইরে।

ভূ-প্রকৃতি ঃ

গঙ্গা-বদ্বীপের মৃতকল্প বা বিলুপ্ত প্রায়, পরিণত এবং সজীব অংশ ঘিরেই এই উত্তর ২৪ পরগনা জেলা। মূল নদীধারার থেকে বিচ্ছিন্ন অনেকগুলি শাখা প্রবাহ এই জেলার বৈশিষ্ট। নদীর বাঁধ এলাকা বা সবথেকে উঁচু অঞ্চল জুড়ে সরল ঘন বসতি। সব থেকে নীচু অঞ্চলগুলি অগভীর জলাশয় বা জলাভূমি। এগুলো অভ্যন্তরের নিকাশী অববাহিকা হিসেবে কাজ করে। আর অবশিষ্ট এলাকায় চাষবাস হয়। যেসব নদীর সঙ্গে বর্তমানে মূল নদীধারার কোন যোগ নেই তারা এমনকি বন্যার সময়েও যথেষ্ট জলপ্রবাহ এবং পলিমাটি বহন করেনা। উঁচু বাঁধ এলাকায় আবদ্ধ বলে এদের দ্বারা ভূখণ্ডকে প্লাবিত করাও সম্ভব হয়না। ফলে নতুন করে ভূখণ্ড তৈরী হয়না, আর এই বদ্বীপ বিলুপ্তপ্রায় হয়ে এসেছে। হুগলী নদী বরাবর উঁচু পাড়ই সবথেকে উঁচু জমি। এখানে বসতিও খুবই ঘন। হুগলীর তীরবর্তি এলাকা অনেক বেশী ঢালু ভিতরের এলাকার তুলনায়। কাজেই নিকাশীও তুলনায় ভাল। এটা বেশ কৌতূহলের ব্যাপার যে হুগলীর ঘন

শিল্পাঞ্চলের নিকাশী কিন্তু পশ্চিমের লাগোয়া হুগলী নদীতে এসে পড়েনা বরং অনেক দূরের মথুরা বিল, বিরাটি বিল এবং পূর্ব দিকের ছোট ছোট জলাভূমিতে এসে মেশে।

আরও পূর্বে আনুমানিক আট কি.মি. দূরত্বে সুন্তি নদী বরাবর হরিণঘাটা থেকে দত্তপুকুর অবধি প্রশস্ত উঁচু জমি আছে। পূর্বে সুন্তির সমতল ভূমির সঙ্গে মিশেছে যমুনা, পদ্মা (এই নামের মূল নদীগুলির থেকে পৃথক) এবং ইছামতীর সমতল ভূমি। প্রত্যেকটি সমতল ভূমিতেই কিছু কিছু রেকাবি আকৃতির (Saucer Shaped) নিম্নভূমি এবং অসংখ্য অর্ধচন্দ্রাকার হ্রদ। এছাড়া প্রশস্ত নদীগর্ভে সরু সরু খাত। নদীর পাড় এবং নদীগর্ভ কিন্তু সন্নিহিত সমতল ভূমির থেকে উঁচুতে। এই বিলুপ্তপ্রায় ভূভাগের দক্ষিণ প্রান্তে পদ্মার অসংখ্য পরিত্যক্ত ফাঁস (Loop), হাবরা-বনগাঁ রেললাইনের ঠিক দক্ষিণে।

জেলার পূর্ব সীমানা বরাবর হুগলীর একটি পুরোন জলধারা, দুদিকে উঁচু পাড় সমেত, আদিগঙ্গা নামে পরিচিত। দুদিকের স্বাভাবিক উঁচু পাড় বরাবর ঘন জনবসতি দেখে এটিকে এখনও শনাক্ত করা যায়। এলাকাটিকে বলা হয় বারুইপুর-জয়নগর সমতল ভূমি।

উত্তর এবং দক্ষিণ প্রান্তে উদ্ধার করা সমতল ভূমিকে তিন ভাগে ভাগ করা যায়। পূর্বে হাসনাবাদ সমতলভূমি, মাঝখানে হাড়োয়া সমতল ভূমি আর পশ্চিমে ভাঙ্গড়-রাজারহাট সমতলভূমি। সুন্দরবনের উত্তরের সমতলভূমিতে জনবসতি এতো আগে থেকেই হয়েছে যে এখন আর তেমন বোঝার উপায় নেই যে এই সমতল ভূমিও আসলে উদ্ধারকৃত। যাইহোক এই উদ্ধার করা সমতলভূমিতে যে সব গ্রাম আছে, সুরক্ষার জন্য সেগুলো বাঁধ দিয়ে রক্ষা করা এলাকার ভিতরে এবং মিষ্টি জলের যোগানের কাছাকাছি। জেলার অন্যান্য অঞ্চলের সঙ্গে তুলনায় এখানকার বসতিগুলো অনেক বেশি ছড়ানো।

মৃত্তিকা ঃ

পশ্চিমবঙ্গের যত বদ্বীপ জেলা আছে, উত্তর ২৪ পরগনা তার মধ্যে কনিষ্ঠতম। এই জেলার উত্তরে বিলুপ্ত প্রায় বদ্বীপ, কিছু অংশ মধ্যেকার প্রাকৃতিক বদ্বীপ এবং সবটাই পুরোন বা সাম্প্রতিক কালের পলিমাটি আবৃত। দক্ষিণে সজীব এবং পরিণত বদ্বীপের মধ্যে কিছুটা লোনাজলের নিম্নভূমি। বাংলার সম্পূর্ণ বদ্বীপ অঞ্চলটাই এককালে বঙ্গোপসাগরের নীচে ছিল। গৌড়ের কাছাকাছি একেবারে চূড়ার কাছে গিয়ে গঙ্গা সাগরকে ছুঁতো। এই জায়গা থেকেই অসংখ্য ধারা এবং উপধারা পরবর্তী বিভিন্ন উপ-জলস্তরের সুশৃঙ্খল বিস্তার ঘটিয়েছে (১) সর্বনিম্ন স্তর (২) সম্মুখভাগের স্তর (৩) একেবারে উপরের স্তর। এই সব নিয়েই এই বদ্বীপ।

এই বদ্বীপ বাংলার অববাহিকার একটা অংশ মাত্র (আরও সঠিকভাবে বলা যায় দক্ষিণ বাংলার অববাহিকার একাংশ)। সাম্প্রতিক বা তত সাম্প্রতিক কালে নয়, এবকম পলিমাটি দিয়ে আবৃত। তৃতীয় স্তর পলিমাটির ঘনত্ব থেকে ইঙ্গিত মেলে যে ভূগঠনের সময় ভূত্বকের বসে যাওয়া এলাকার (tectonic trough) ওপর জমেই এই সৃষ্টি। অর্থাৎ সমস্ত পলি-ই অগভীর জলের তলায় জমেছিল কিন্তু ওপর থেকে ক্রমবর্দ্ধমান চাপ এবং তলায় নিমজ্জনের জন্য ক্রমে এইগুলি নীচে চলে যায়। এই নিমজ্জন কিন্তু স্থানে বা সময়ে একই রকম ছিল না।

আপার ক্রেটাশিয়স (upper cretaceous) বা ইয়োসিন (Eocene) যুগের শুরুর দিকে বঙ্গোপসাগর আসাম পর্যন্ত বিস্তৃত ছিল আসাম উপসাগর হিসেবে। এই তথ্য এখন প্রমাণিত বিবিধ সামুদ্রিক, মোহানা, লোনাজল এবং মহাদেশ সম্বন্ধীয় উদ্ধার করা অবক্ষেপ (deposits) থেকে। পলির ঘনত্ব এবং গঠণগত চরিত্র অনুধাবন করে দক্ষিণ বঙ্গের অববাহিকাকে তিনভাগে ভাগ করা যায়। (১) প্রান্তিক অঞ্চল (২) স্থায়ী চড়া অঞ্চল (৩) গভীর অববাহিকা অঞ্চল। শেষের দুটি দিয়েই ২৪ পরগনার অবতল।

তৈল অনুসন্ধান এবং ভূস্তরের জলের সমীক্ষা থেকে প্রাপ্ত তথ্য এছাড়া ভূকম্পন সম্বন্ধীয় নিরীক্ষা এবং অন্যান্য দূর-নিয়ন্ত্রিত কলাকৌশলের সাহায্যে কৃত গবেষণা থেকে টারশিয়ারি (tertiary) এবং মেসোজইক (mesozoic) ভূস্তরের পরিগঠনের অস্তিত্ব প্রকাশ পেয়েছে। গভীরতা স্থায়ী-চড়া (stable shelf) স্তরে ৩৫০ মিটার থেকে গভীরতর অববাহিকায় ৪০০০ মিটার পর্যন্ত কমা-বাড়া করছে।

আবহাওয়া ঃ

গ্রীষ্মের সময় দুঃসহ গরম, প্রায় সারা বছর জুড়েই অত্যধিক আর্দ্রতা আর বর্ষায় সারা জেলা জুড়েই সমানুপাতিক বৃষ্টি - এই হলো জেলার বৈশিষ্ট। নভেম্বরের মাঝামাঝি সময় থেকে ফেব্রুয়ারীর শেষ পর্যন্ত ঠাণ্ডা আবহাওয়ার পরেই মার্চ থেকে মে মাস পর্যন্ত গরম। দক্ষিণ-পশ্চিম বর্ষাকাল থাকে জুন থেকে সেপ্টেম্বর। অক্টোবর আর নভেম্বরের আধাআধি জুড়ে বর্ষা-উত্তর মরসুম।

দক্ষিণ-পূর্ব দিক থেকে উত্তর-পূর্বে যতই আসা যায়, বৃষ্টিপাতও ততোই কমে। জেলার দক্ষিণ-পশ্চিম কোনে সাগরদ্বীপে গড় বৃষ্টিপাত ১৮০২.৭ মি.মি. (৭০.৯৭″)। সুন্দরবনের দক্ষিণ-পূর্ব প্রান্তে বৃষ্টিপাতের পরিমাণ সাগরদ্বীপের থেকেও বেশি হতে পারে। জেলার উত্তর-পশ্চিম অংশে বারাসাত-এ গড় বৃষ্টিপাতের পরিমাণ ১৫০৮.২ মি.মি. (৫৯.৩৭″)। জুন থেকে সেপ্টেম্বর অবধি দক্ষিণ-পশ্চিম বর্ষার সময় বর্ষার পরিমাণ বার্ষিক বৃষ্টিপাতের ৭৪ শতাংশ। গ্রীষ্মের শেষ দিকে আর অক্টোবর মাসেও কিছু বৃষ্টিপাত হয়, অনেকটাই বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির মাধ্যমে। বছর থেকে বছরে বৃষ্টিপাতের খুব একটা তারতম্য হয়না। ১৯০১ থেকে ১৯৫০ পর্যন্ত এই পঞ্চাশ বছরে স্বাভাবিকের তুলনায় বেশি অর্থাৎ ১৩৩% বৃষ্টিপাত হয়েছিল ১৯৩৩ সালে। ১৯৩৫ সালেই সব থেকে কম অর্থাৎ ৬২ শতাংশ বৃষ্টি হয়েছিল। পরপর দুবছরে, এই ৫০ বছর সময়সীমার মধ্যে, কখনই অতিবৃষ্টি বা অনাবৃষ্টি হয়নি। কিন্তু জেলার কোন কোন অঞ্চলে দুই বা তিন বছর পরপর ৮০ শতাংশের কম বৃষ্টিপাতের নজির আছে। একমাত্র বারাসাতে পরপর চার বছর ১৯৩৪ থেকে ১৯৩৭ সালে, স্বাভাবিকের চেয়ে কম বৃষ্টিপাত হয়েছিল।

উত্তর ২৪ পরগণার সুন্দরবন অঞ্চল যেখানে বিল, জলাভূমি, অসংখ্য জোয়ার-ভাঁটা হয় এমন প্রবাহ, নদী, খাঁড়ি আর দ্বীপ-এর এক জটিল সমন্বয় সেখানকার তাপমাত্রা আর আর্দ্রতা উত্তরের আভ্যন্তরীন এলাকার থেকে তুলনায় সামান্য আলাদা। আলিপুরের আবহাওয়া দপ্তরের তথ্যে উত্তরের দ্বীপ অঞ্চলের অবস্থাই বেশি মেলে। যেমন সুন্দরবন অঞ্চলের আবহাওয়ার প্রতিফলন মেলে সাগরদ্বীপে রাখা তথ্যাদিতে। সুন্দরবন অঞ্চলে সাধারণ ভাবে তাপমাত্রা কিছুটা কম কিন্তু আর্দ্রতা বেশি। জেলার অবশিষ্ট অংশের সঙ্গে এটাই তফাৎ।•

জলসম্পদ ঃ

এই জেলার নদীগুলি বেশির ভাগই মূল জলধারা থেকে বিচ্ছিন্ন গঙ্গার শাখাপ্রবাহ। ফরাক্কা বাঁধ তৈরী হওয়ার পর থেকেই গঙ্গা থেকে অনেক বেশি পরিমাণে জল ভাগীরথী-হুগলী ধারায় আসছে। কিন্তু এতে আরও পূর্বে গঙ্গার

শাখাপ্রবাহগুলির জল পাওয়া ব্যাহত হচ্ছে। এমনকি বদ্বীপ তৈরী করে যেসব নদী যেমন দুর্জয়, জলঙ্গী, মাথাভাঙ্গা আর ইছামতীও একমাত্র বন্যার সীমিত সময়টুকু ছাড়া অন্য সময়ে গঙ্গা থেকে কোন জলই পায়না। এইসব নদীগুলো এখন শুধু স্থানীয় নিকাশ বহন করে নিয়ে জোয়ার-ভাঁটা হয় এমন প্রবাহে ফেলে। এগুলির অনেকগুলি এখন চিরজীবি থেকে অ-চিরজীবি জলপ্রবাহে পরিণত হয়েছে। একমাত্র বর্ষাকালেই যেগুলি বহতা থাকে এবং সেখানেও জলের পরিমাণ ভীষণই কমে গেছে। মূল নদীগুলো হলো হুগলী, বিদ্যাধরী, পিয়ালী আর যমুনা। আসলে এই প্রত্যেকটি নদীই আবার অনেকগুলি শাখা-প্রশাখা সহ কিছু প্রবাহ-ব্যবস্থার কেন্দ্রবিন্দু।

হুগলী ঃ

গঙ্গাব সর্ব পশ্চিমেব শাখানদী হুগলী দক্ষিণ দিক বরাবব গরিফা, নৈহাটি, ভাটপাড়া, কাঁকিনাড়া, জগদ্দল, শ্যামনগর, ইছাপুর, বারাকপুর, টিটাগড়, খড়দহ, সুখচর, পানিহাটি, আগবপাড়া, কামাবহাটি, দক্ষিণেশ্বব, ববাহনগব এবং কোলকাতা দিয়ে বয়ে চলে। কোলকাতার উত্তরদিকে চক্রখাল (Circular Canal) এবং দক্ষিণে টালিব নালা হুগলী থেকে শুরু হয়ে দক্ষিণ-পূর্ব দিকে বহমান। পবে হুগলীব জলধারা পশ্চিমদিকে ঘুরে গেছে। অনেকের ধাবণা অববাহিকার এই অংশটি কৃত্রিম ভাবে খনন করে তৈরী কবা। এই দিকেই জলধাবা বয়ে চলে যতক্ষণ না ডানদিকেব তীবের দিক থেকে আসা সরস্বতী নদীর ধারার সঙ্গে মেশে (হাওড়া জেলায সাঁকবাইল থানা এলাকা)। তারপব প্রায় দক্ষিণমুখো বযে চলে বাটানগব, বজবজ, বিড়লাপুব আর ফলতা ছাড়িয়ে। ফলতা বিন্দুব বিপবীত দিকে দামোদরেব সঙ্গে এবং হুগলী বিন্দুব বিপবীতে রূপনারায়ণ-এব সঙ্গে মিলন হয়। উত্তব চব্বিশ পরগনা থেকে দক্ষিণ দিকে এসে হাওডায় সবস্বতীব সঙ্গে মিলিত হযে ফলতার কাছে দক্ষিণ চবিবশ পবগনায প্রবেশ কবে।

ইছামতী ঃ

উত্তর দিক থেকে যে অঞ্চল দিয়ে ইছামতী জেলায় ঢোকে সেই অঞ্চলটিই বাংলাদেশ, নদীয়া আব উত্তর চবিবশ পবগনা জেলাব ত্রি-সন্ধিস্থান। এই বিন্দু থেকেই ইছামতী কয়েক কিলোমিটাব অবধি নদীয়া আর উত্তর চবিবশ পরগনা জেলাব সীমান্ত হিসেবে কাজ করে। তারপর আড়াআড়িভাবে বাগদা আর বনগাঁ থানা এলাকাকে ঘিরে এঁকে বেঁকে বয়ে যায় উত্তর-পশ্চিম থেকে দক্ষিণ-পূর্ব দিকে। তারপব আবারও বাংলাদেশ আর গাইঘাটা থানা এলাকার আন্তর্জাতিক সীমানা হিসেবে কাজ করে। তারপব গাইঘাটা থেকে দক্ষিণ দিকে বয়ে চলে স্বরূপনগর, বাদুড়িয়া আব বসিরহাট থানা এলাকার ভিতর দিয়ে। বসিরহাট শহরের উত্তর সীমানা চিহ্নিত করাব পর আবাব আন্তর্জাতিক সীমানা চিহ্নিত করে বাংলাদেশ আব হাসনাবাদ এবং হিঙ্গলগঞ্জ থানা এলাকাব। হিঙ্গলগঞ্জ থেকে অনেকগুলি শাখানদীর সৃষ্টি, যেগুলিতে জোয়ার-ভাঁটা খেলে। এগুলিব মধ্যে প্রধান হলো বাযমঙ্গল, বিদ্যা, ঝিল্লা, কালিন্দী আর যমুনা। সবশেষে এই জলধারা সুন্দরবনের বনাঞ্চলের মধ্য দিয়ে মোহানায় এসে পড়ে।

বিদ্যাধরী ঃ

বিদ্যাধরীর গতিপথ খুব বেশি ঘোবালো এবং জোয়ার-ভাঁটা খেলে। শুরু হয় একটা নিকাশ খাল হিসেবে, নোনা গাং নামে, দোগাছিয়ার একটু উত্তব-পূর্বে। সুন্তি আর পদ্মার মধ্যে থাকা একটি নীচু আন্তপ্রবাহ এর দখলে। যশোর রোড আর বারাসাত-বসিরহাট রেললাইন বরাবর এটি বয়ে চলে দক্ষিণ দিকে। এই রেললাইনের ঠিক দক্ষিণে হারুয়াগঞ্জের সাথে নোনার সাক্ষাত হয় ডানদিক জুড়ে এবং এই মিলিত জলধারাই বিদ্যাধরী নামে পরিচিত। হারুয়া আবার রাজারহাট-বিষ্ণুপুরকে (২২°৩৭´ উত্তর এবং ৪৪°৩০´ পূর্ব) ঘিরে যে ধাপা বিল তার পূর্বদিকের বিস্তৃত জলাভূমির

নিকাশ হিসেবেও কাজ করে। মানচিত্রে হারুয়াকে দেখা যায় এই বিলের মধ্যে দিয়ে প্রবাহিত উত্তর থেকে দক্ষিণে বহমান সুন্তি নদীরই বিস্তৃতি হিসেবে। আরও দক্ষিণে (আনুমানিক ২০ কি.মি.) এটা গিয়ে মেলে ভাঙ্গড় কাটা খাল (যেটা পূর্ব কোলকাতার লবন হ্রদের জল নিকাশ করে)-এর সঙ্গে দক্ষিণতীবে আব দক্ষিণ তীরে কুলটি (অথবা চামুহা গাঙ)-র সঙ্গে বাঁদিকের তীরে। ঠিক এই সঙ্গমস্থলের নীচেই বিদ্যাধরী বয়ে যায় দক্ষিণমুখী, জোয়ার-ভাঁটা হওয়া কুমারজোল গাঙ হিসেবে। ভাঙ্গড় কাটা খাল আবার যুক্ত হয় কৃষ্ণপুর খাল, চক্র খাল আর নতুনভাবে কাটা খালের সঙ্গে কোলকাতার উত্তর-পূর্ব প্রান্তে। বিদ্যাধবীর একটি শাখা আবার বামনঘাটার (৮৮°২৯´ পূর্ব এবং ২২°৩১´ উত্তর) দক্ষিণে বযে যায় এবং এই শাখানদীটির গভীব দিকটির অনেকটাই পলিমাটির কবলে। এটি দক্ষিণ-পূর্বে প্রবাহিত হয, পূর্বে টালীব নালার সঙ্গে মিলিত হয়ে। ক্রমশ: দক্ষিণে, এর ডানদিকের তীর থেকে, জোয়ার-ভাঁটা হওয়া পিয়ালী নদী চলে যায়, ক্যানিং বন্দরে পৌঁছনোর আগে। এখানেই এটি মিলিত হয় কুমারজোল গাঙের সঙ্গে, আরও একটি শাখানদী যাব কথা আমরা আগেই আলোচনা করেছি। এই দক্ষিণ-বহতা শাখাটির আরও অনেক নাম আছে ক্ষুত্রি, কাবাতস, কুবিয়াভাঙ্গা আব করতোয়া। মাতলা নদী - ববং বলা উচিত মোহানা থেকে সম্মিলিত ধারা গুলি ক্যানিং পর্যন্ত নাব্য।

পিয়ালী ঃ

বামনঘাটার ১৫ কি.মি. নীচে পিয়ালী। নদী বিদ্যাধবী থেকে আলাদা হয়ে দক্ষিণ এবং দক্ষিণ-পশ্চিম দিকে বয়ে যায এবং শেষে ক্যানিং-এর ৩২ কি.মি. নীচে মাতলাব সঙ্গে মিলিত হয় কুলতলা গাঙের ভিতর দিয়ে প্রবাহিত হয়ে এসে।

উদ্ভিদ ও প্রাণী ঃ

উত্তব ২৪ পবগনা জেলাব গাছপালাকে শ্রেণীভাগ করা চলে বদ্বীপের চবিত্র অনুযায়ী (বিলুপ্তপ্রায়, পরিণত এবং সজীব), মাটির ধরণ এবং তার মধ্যে কতটা জল আছে তাছাড়া অন্যান্য উদ্ভিদসংক্রান্ত গুণনীয়ক দিয়ে। প্রধান শ্রেণীবিভাগ গুলি হলো ঃ

(১) বিলুপ্তপ্রায় এবং পরিণত বদ্বীপ অঞ্চলে চাষযোগ্য জমিতে গাছপালার ধবণ

(২) টাটকা জল, পুকুব এবং নদীতে গাছপালার ধবণ এবং

(৩) সজীব বদ্বীপ অঞ্চলে গাছপালার ধবণ

পবিণত এবং বিলুপ্তপ্রায় বদ্বীপ অঞ্চলে উৎপাদিত শস্য প্রাকৃতিক আচ্ছাদনকে প্রতিস্থাপন করেছে। এই অঞ্চলে বিবিধ সবজি, শস্যদানা, ডাল, আঁশবিশিষ্ট উদ্ভিদ, তৈলবীজ এবং অন্যান্য আনুষঙ্গিক খাদ্যবস্তুর চাষ হয়। ধান হচ্ছে অন্যতম এবং সবথেকে গুরুত্বপূর্ণ শস্যদানা। ধানক্ষেতে অনেক রকমের আগাছা জন্মায়। নীচু জমিতে অনেকরকম শ্যাওলা জাতীয় উদ্ভিদও জন্মায়। বসতির চারদিকে এবং রাস্তা বরাবর বেশ কিছু স্থানীয় এবং বিচিত্র সুন্দর ফলগাছ, বাঁশঝাড়, বাগানে লাগানোর মত কিছু ফুল গাছ এবং বিভিন্ন উদ্ভিদ চাষ করা জমির প্রেক্ষিতে নজর কেড়ে নেয়। পরিস্কাব জল, পুকুর এবং নদীতে প্রচুর Pteridophytes এবং angiosperm জন্মায়।

জেলাতে একটি অভয়ারণ্য আছে। বনগাঁর কাছে পারমাদান ডিয়ার পার্ক। ইছামতী পরিবৃত জঙ্গলের মধ্যে হঠাৎ কখনো দেখতে পাবেন ছুটন্ত ছিটিওয়ালা হরিণকে জঙ্গল পেরিয়ে যেতে, লম্বা রূপোলী, লেজঝোলা

ফ্লাইক্যাচারকে নদীতে ঝাঁপিয়ে পড়তে। শিস্ দেওয়া বালি হাঁসের শিস-ও শুনবেন হয়ত বা। অভয়ারণ্যে ৭৫টি হরিণ আছে। হরিণের খাবার মত ঘাস যেহেতু নেই, হরিণকে নির্ভর করতে হয় গাছের পাতা, কেওড়া ফল এবং পল্লবের ওপর।

বড় স্তন্যপায়ী জীব যেমন চিতা, বাঘ, ছিটিওয়ালা হরিণ এবং বুনো শুয়োর নিজেদের সুন্দরবন অঞ্চলের মধ্যে সীমাবদ্ধ রাখে। রয়েল বেঙ্গল টাইগারকে সুন্দরবনে সাধারণত: দেখা যায়। আসলে সংরক্ষিত বনাঞ্চলে এমন কোন জায়গাই নেই যেখানে বাঘের পায়ের ছাপ পাওয়া যাবেনা। পুরুষ বাঘদের গড় দৈর্ঘ্য ৩ মিটার আর স্ত্রী বাঘেদের ২.৮ মিটার। অল্পবয়সী বাঘরা তুলনায় দেখতে ভাল, এদের গায়ের রঙও উজ্জ্বল, গায়ের ডোরাগুলিও বেশ ঘন এবং অনেক কাছাকাছি। সমুদ্রমুখের বালিয়াড়িতে যে সব বাঘ ঘন ঘন আসা যাওয়া করে তারাও অদ্ভুত ভাবে মানিয়ে নিয়েছে পরিবেশের সঙ্গে। এই সব বালিয়াড়ি লম্বা, ধূসর তীরের ফলার মত লম্বা ঘাস দিয়ে ঢাকা। এগুলোর লাগোয়া সবুজ তৃণাঞ্চল। হরিণ এ-সবই খায় আর এই সবুজ তৃণাঞ্চলেই শুয়োরও ঘুরে বেড়ায়। এই পরিবেশে বাঘের উপস্থিতি খুব সহজেই চোখে পড়ার কথা ঘন ডোরা কাটা হলুদ আর কালো দাগ থেকে কিন্তু মজার কথা বালিয়াড়িতে ঘোরা ফেরা করা বাঘের ডোরা কাটা দাগ প্রায় নেই। বাঘরা সাধারণত: দলবদ্ধ ভাবে থাকেনা। খুব কমই একসঙ্গে দুটির বেশি বাঘকে দেখা যায়। হতে পারে একই এলাকা দিয়ে হয়ত ঘোরাফেরা করে দিনের বেলা কিন্তু রাত্রে শিকারের খোঁজে থাকার সময় প্রায় নিশ্চিত ভাবেই এরা আলাদা আলাদা হয়ে পড়ে। সুন্দরবনের বাঘ অনেক সময়ই কাঠ বা অন্যান্য বন-উৎপাদন নিয়ে চলে যায়। কিছু মানুষখেকোর ভয়ে বনের পরিষ্কার করা এলাকায় অনেক সময় কাজকর্মও বন্ধ হয়ে যায়। বন বেশি বেশি করে কেটে ফেলার দরুণ বাঘের সংখ্যা অনেক কমে গেছে। ডিসেম্বর থেকে জুন মাস পর্যন্ত বাঘের প্রজননের সময়। গর্ভধারণকাল ১৪ থেকে ১৫ সপ্তাহ। বাঘের সংখ্যাবৃদ্ধির জন্য এখন অনেক প্রয়াস নেওয়া হয়। অথচ ও'ম্যালি সাহেবের সময় ব্যাপারটা ছিল বিপরীত। ''এই জেলার বনাঞ্চলে হাতিকে কাজে লাগানোই যায়না। খেজুর আর বেতও এতো বেশি হয় যে ঝোপ পিটোনোও (beat) অসম্ভব। বাঘ মারার একমাত্র উপায় বাঘের শিকার করা প্রাণীর কাছাকাছি লুকিয়ে অপেক্ষা করা অথবা টোপ ফেলে অপেক্ষায় থাকা। সুন্দরবনের অন্যান্য পশু ও প্রানীর মত বাঘ-ও নদী আব খাঁড়ির লোনা জলই খায়। কাছেই জল আছে এমন কোন জায়গায় বাঘের জন্য অপেক্ষা করাও যায়। সংবক্ষিত বনে বাঘ মারার জন্য সরকারী পুরস্কার ছিল ৫০ টাকা আর অন্যান্য জায়গায় ২৫ টাকা।''

বনাঞ্চল, তৃণ ও জলাভূমির জায়গায় যে-ভাবে কৃষিজাত শিল্পউদ্যোগ গড়ে উঠছে, পরিবেশের ওপর তার প্রভাবে পক্ষী এবং প্রাণীজাতি ভীষণ ভাবে ক্ষতিগ্রস্ত। যাইহোক নতুন ভাবে গড়ে ওঠা পল্লীগ্রামে কোন কোন প্রাণীর নতুন আবাস হয়েছে। স্থানীয় পাখপাখালি ছাড়াও শীতকালে অনেক পরীযায়ী পাখীও আসে। পক্ষী ও প্রাণীসম্পদের মধ্যে কিছু কিছু ভারত-চীন এবং ইথিওপিয়া অঞ্চলের প্রজাতিও আছে। অনেকে আশঙ্কা করেন যে শিল্প আবর্জনা এবং জলের লাবণিক মাত্রায় পরিবর্তনের দরুন এছাড়া হুগলী নদীর জলের পরিমাণ কমে যাওয়ায় পরিবেশ দূষণ বেড়ে গিয়েছে। ফলে শুধু যে খাদ্য-শৃঙ্খল ব্যাহত হচ্ছে তাই-ই নয়, কিছু কিছু প্রজাতির প্রাণীকূলও অবলোপের পথে।

জেলায় দু'টি প্রজাতির কুমীর পাওয়া যায়। মোহানার (Crocodilus Poroxes) আর জলাভূমির (C. Palustris)। প্রথমটি মানুষখেকো এবং বদ্বীপ খালের নীচের দিকে তাছাড়া নতুন করে গজিয়ে ওঠা দ্বীপের কাছেই সীমাবদ্ধ। জলাভূমির কুমীরের তুলনায় এটির মাথাটি সরু, মাথায় খুলির ওপরের দুটো উঁচু মতন জায়গা লম্বা মুখের কাছে গিয়ে মিলেছে। পূর্ণবয়স্ক হলে ওপরের পাটিতে চারটির জায়গায় পাঁচটি দাঁত, মধ্যমা থেকে খাঁজ পর্যন্ত। জলাভূমির প্রজাতির

যে মানুষে-অরুচি তা নয় যদিও সাধারণত: এরা মাছ এবং অন্যান্য পশু-টশু খেয়েই বাঁচে। নবখাদক যেহেতু, এরা এমনকি মৃত স্বজনকেও খেতে দ্বিধা করবেনা। ওপরের দিকের জোয়ার-ভাঁটা হওয়া খাঁড়ি, বিল আর অন্যান্য স্রোতহীন জলাশয়েও এদের দেখা মেলে। দুটি প্রজাতিই ভাঁটার সময় নদীর পাড়ে এবং বালুতটে রোদ পোহাতে ভাল বাসে। বিশেষ করে শীতকালে মুখ হাঁ করে খুলে রোদ পোহাতে দেখা যায় এদের। এটা কিন্তু একটা রহস্যই অন্যান্য সময়ে কেন এরা মুখ খুলে শোয় না। "Crocodile Porosus প্রজাতিটি অনেক লম্বা হয়। বৃটিশ যাদুঘরে ৩৩ ফুট লম্বা একটি নিদর্শন রাখা আছে। কিছু কিছু প্রিয় নদীতেই এরা ডিম পাড়ে। একগুচ্ছ লতাপাতার মধ্যে এরা ডিম পাড়ে। লতাপাতার গেঁজে যাবার প্রক্রিয়াই এই ডিম ফুটতে সাহায্য করে। উদাহরণ হিসেবে বলা যায় ফুলডোবি খাঁড়ি জানুয়ারী আর ফেব্রুয়ারী মাসে ছোট ছোট কুমীরছানায় ভর্তি থাকে। যেহেতু এরা একই জায়গায় বছরের পর বছর এসে ডিম পাড়ে, ইচ্ছে করলেই এদের ক্যামেরা-বন্দী করা যায়। কুমীরের কান্না হলো একটা প্রলম্বিত চীৎকার। ভোঁতা-নাকওয়ালা কুমীর (ভুল করে অনেকে এ্যালিগেটর বা আমেরিকার কুম্ভীরসদৃশ জীব বিশেষ বলে ডাকে) প্রচুর দেখা যায় নদীর বা অন্যান্য জলপ্রবাহের তীর বরাবর, বিশেষ করে শীতকালে। এইসব কুমীরদের সুখ্যাতি আছে স্রোত-বহ নৌকোকে গুঁতো মেরে উলটে দেবার যাতে মনুষ্য শিকার সহজ হয়। এরা এতটাই সাহসী যে অনেকসময় রাত্রিবেলা চুপিসাড়ে ঘরে ঢুকে যাকে প্রথমে পায় তাকে নিয়ে চম্পট দেয়। মাঠে ঘাটে তো দিনের বেলাতেই গরু ছাগল মেরে তুলে নিয়ে যায়। অসম্ভব হিংস্র স্বভাবের এই কুমীর অনেক জীবনহানি ঘটায়। গ্রামের মানুষেরা তো অনেক সময় নৌকো করে নদী, বিলে গিয়ে বল্লম দিয়ে কুমীর শিকার করে গ্রামে নিয়ে আসে। সারা গ্রামই উল্লাস করে এসব ঘটলে। কিন্তু এই দুটি প্রজাতিই এখন অবলুপ্তির পথে, দেখা মেলে খুবই কম। তৃতীয় একটি প্রজাতি ঘড়িয়াল (Gavilis gangeticus) একসময় গঙ্গা নদী প্রবাহে প্রচুর সংখ্যায় দেখা যেত কিন্তু এই প্রজাতিটিও এখন প্রায় অবলুপ্ত এবং বিপন্ন আর বিরল শ্রেণীভুক্ত।

গুরুত্বপূর্ণ স্থানসমূহ ঃ

বারাকপুর ঃ ভারতবর্ষের ইতিহাসে ১৮৫৭ সালের সিপাহী বিদ্রোহের জন্য বারাকপুরকে আমরা স্মরণ করি। এখানেই মঙ্গল পাণ্ডে ইংরেজদের বিরুদ্ধে প্রথম অস্ত্র তুলে নিয়েছিলেন। পরিনতিতে তাঁকে ফাঁসিতে ঝোলানো হয়েছিল এখানেই লাটবাগান এ। এখন জায়গাটা সশস্ত্র পুলিশের ব্যারাক। বি.টি. রোডের ধারে, ধোবিঘাটে, শহিদ বেদি আছে।

প্রশাসনিক কার্যালয়, বারাকপুর

কোলকাতা থেকে মাত্র ২৫ কি.মি. দূরে বারাকপুর, বাস আর রেলসেবা ঘন ঘনই পাওয়া যায়। রিভারসাইড রোডে গান্ধীঘাট আছে যেখানে গান্ধীজির বিষয়ে লেখা ৭০০০ বই আর ৬টি প্রদর্শনী ঘর আছে। এখানে ধীরেন্দ্রনাথ ব্রহ্ম-র আঁকা ১০০ ফুট লম্বা একটি ফ্রেসকো চিত্রকলা আছে যেটির মাধ্যমে গান্ধীজির জীবনী বিধৃত। এছাড়াও গান্ধীজির লেখা অসংখ্য চিঠি, ছবি, গান্ধীজির ব্যবহার করা আসবাবপত্র ইত্যাদিও

গান্ধীঘাট

প্রদর্শিত। বুধবাব ছাড়া অন্য দিনগুলোয সকাল ১১ টা থেকে বিকেল ৫টা পর্যন্ত এই যাদুঘর খোলা থাকে। কাছেই বানী রাসমনি প্রতিষ্ঠিত কালী মন্দিরও আছে। স্বাধীনতা সংগ্রামের অন্যতম সেনানী শ্রী সুরেন্দ্রনাথ বন্দোপাধ্যায়-এব জন্মস্থান এই বাবাকপুব। কোলকাতা এবং হাওড়া বেলষ্টেশনে যাতায়াতেব জন্য অনেক বাস-ও আছে (এল-২০,এস-১১, এল-২০এ, এম-৬, ৭৮, এস-৩২)। শিয়ালদা বেল ষ্টেশন থেকে যাতাযাতেব জন্য ঘন ঘন বেল পবিষেবা আছে।

উত্তর ২৪ পরগনা জিলা পরিষদ

চন্দ্রকেতুর গড় : কোলকাতা থেকে ২৮ কি.মি. দূবে উত্তব ২৪ পবগনা জেলাব প্রধান কর্মক্ষেত্র বারাসাত। তাব থেকে আবও ৪৩ কি.মি. দূবে বসিবহাট। মাঝামাঝি পড়ে বেড়াচাঁপা। এখান থেকে যদি আপনি হাড়োযা যাবাব বাস্তা ধবে মিনিট পনেব হাঁটেন, আপনি পৌঁছুবেন চন্দ্রকেতুব গড়ে। মহেঞ্জোদবোব সমসামযিক এই বন্দব-শহব আবিষ্কৃত হযেছে ১৯৫৫ সালে। দেবালয়, হাজিপুব, শানপুকুব, ঝিকিরা এইসব গ্রাম নিয়ে প্রায তিন বর্গ কি মি. এলাকাব ভিতব ২৫ ফুট উঁচু একটি ঢিবি। খনন কবে মৌর্য্য থেকে পালযুগেব সমযকাব নিদর্শন পাওয়া গেছে। কাদামাটিব নল (Pipe), নিকাশি ব্যবস্থা, তাম্রমুদ্রা, হাতির দাঁতেব চুড়ি এবং পুঁতি, ব্রোঞ্জ এবং পোড়ামাটির শৈলী মাত্র কয়েকটি উদাহবণ। এছাড়া খ্রীষ্টপূর্ব ৬-৭ শতকের ৪৫ বর্গমিটার আযতনের প্রার্থনাগৃহ এবং খ্রীষ্টপূর্ব ৪-৬ শতকেব খারোষ্ঠি বর্ণমালাও চিহ্নিত হযেছে। কিন্তু অত্যন্ত দুঃখেব কথা, প্রশাসনিক অবহেলাব কাবণে চন্দ্রকেতুব গড়-এব অমূল্য সঞ্চিত প্রাচুর্য সাধাবণের নজবেব বাইবেই রয়ে গেছে।

দমদম বিমানবন্দর

নেতাজী সুভাষচন্দ্র বসু আন্তর্জাতিক বিমানবন্দর : আন্তর্জাতিক মানেব প্রেক্ষিতে নেতাজী সুভাষচন্দ্র বসু আন্তর্জাতিক বিমানবন্দর বেশ ছোট। চাবদিকেব সমাবোহ, বিশেষ কবে নারকেল গাছগুলি একটি বিশেষ মাত্রা দিয়েছে এই সৌন্দর্য্যকে। দক্ষিণ-পূর্ব এশিয়াব সঙ্গে যোগাযোগ প্রতিষ্ঠায় একটি গুরুত্বপূর্ণ কেন্দ্রস্থল হিসেবে গড়ে ওঠাব প্রতিশ্রুতি আছে কোলকাতাব। সেক্ষেত্রে মুম্বাই আব দিল্লীব ওপর যাত্রী পবিবহণেব চাপও কমবে।

সল্টলেক ষ্টেডিয়াম (যুব ভারতী ক্রীড়াঙ্গন) : কোলকাতাবই উপনগবী সল্টলেক বা লবন হ্রদ শহবে একটি বিশাল ত্রি-স্তর ষ্টেডিযাম এই যুব ভাবতী ক্রীড়াঙ্গন। ষ্টেডিয়ামে এক লক্ষেবও বেশি দর্শক সঙ্কুলান হয।

দক্ষিণেশ্বর মন্দির : ১৮৪৭ সালে বিধবা এবং বিত্তশালিনী রানী রাসমনি পবিত্র শহব কাশী যাত্রার পবিকল্পনা কবেছিলেন। ঐশ্বরিক মাযের কাছে তাঁব ভক্তি এবং প্রণাম জানাবার উদ্দেশ্যে। তখনকার দিনে কোলকাতা আর বেনাবসেব মধ্যে বেল যোগাযোগ ছিলনা। যাঁবা ধনী ছিলেন তাঁরা সড়কপথের চেয়ে নদীপথকে বেছে নিতেন কেননা সেটা অনেক আরামপ্রদ ছিল। শোনা যায ২৪টি নৌকো নিয়ে ছিল এই দল রানীর স্বজনবন্ধু, পরিচারক ও পবিচারিকা আব রসদপত্র বহনের জন্য। এই তীর্থযাত্রাব আগের বাত্রে, ঐশ্বরিক দেবী-মা, মা-কালীর মূর্তি হয়ে স্বপ্নে দেখা দেন এবং বানীকে নির্দেশ দেন ''বেনারস যাবাব প্রয়োজন দেখিনা। গঙ্গার তীরে একটি সুন্দব মন্দির বানিয়ে আমার মূর্তি প্রতিষ্ঠা কব এবং আমাব পূজার আয়োজন কব। তাহলে আমি-ই ঐ মূর্তিরূপে, এখানে অধিষ্ঠান করব এবং পূজা গ্রহণ করব।'' বানী এই স্বপ্নাদেশ শুনে বিশেষ ভাবে প্রভাবিত হন। উপযুক্ত জমি কিনে নিয়ে মন্দিব তৈরী করানো শুরু করেন যথাশীঘ্র। ১৮৪৭ সাল থেকে ১৮৫৫ সালের মধ্যে এই মন্দির প্রাঙ্গন তৈরী শেষ হয়। এই মন্দিরের কেন্দ্র হলো মা-কালীর একটি মূ-

দব। এছাড়াও শিব এবং রাধাকৃষ্ণকে সমর্পিত মন্দিরও আছে। মুখ্য পুরোহিত হিসেবে একজন বয়স্ক এবং বিদ্বান মানুষকে নির্বাচন করা হয় এবং ১৮৫৫ সালে মন্দিরটিতে প্রাণপ্রতিষ্ঠা করা হয়। বছর না ঘুরতেই এই পুরোহিত গত হন এবং ওর ছোট ভাই রামকৃষ্ণের ওপর দায়িত্ব ন্যস্ত হয়। পরবর্তী তিরিশ বছরকাল সময়ে এই দক্ষিণেশ্বর মন্দিরের খ্যাতি ছড়িয়ে পড়ে। পরবর্তীকালে শ্রীরামকৃষ্ণ দেবীস্পর্শে সম্মোহন এবং মুক্তি প্রাপ্ত হন এবং ঐশ্বরিক ক্ষমতালাভ করেন। সে কথা আমরা সবাই জানি। পরবর্তী সময়ে কঠোর তপশ্চর্যা করে সংসারত্যাগী সংযোগী তাপস হিসেবে সিদ্ধিলাভ করেন। মা-কালীর মহাজাগতিক কৃপা শ্রী রামকৃষ্ণকে একজন সন্ন্যাসী, একত্রে শ্রীরাম ও শ্রীকৃষ্ণের অবতার হিসেবে রূপান্তরিত করে। স্বামী বিবেকানন্দ তাঁর আশীর্বাদ ধন্য হন এবং মানবজাতির সেবায়, সমস্ত জীবিত আত্মার সেবায়, দেবাদিদেব শিবের সেবায় নিজেকে নিয়োজিত করেন। সব ধর্মই যে মূলত: এক, ঈশ্বর যে অভিন্ন এবং তিনিই যে সর্বশক্তিমান এ-বানী তিনিই প্রচার করেন সারা বিশ্বব্যাপী। এমনকি আজও আমাদের আপদ বিপদ, মানসিক অশান্তি ও দুঃখ বা কোন পারিবারিক সঙ্কটে আমরা দেবীর আশীবাদ ভিক্ষা করি। শুদ্ধচিত্তে দেবীর পূজা করে এবং পূণ্য নির্মাল্য গ্রহণ করে আমাদের সঙ্কট ও সংশয়ের সমাধান পাই এবং মন প্রফুল্ল হয়।

দক্ষিণেশ্বর মন্দির

উত্তর ২৪ পরগনা জেলা ঃ মূল পরিসংখ্যান

ভৌগোলিক আয়তন (বর্গ কিলোমিটারে), ২০০১

গ্রাম এলাকা	শহর এলাকা	মোট
৩৫৯৪.৪৪	**৪৯৯.৫৬**	**৪০৯৪.০০**

প্রশাসনিক বিভাগ (সংখ্যায়)

মহকুমা ২০০৩	থানা ২০০২	ব্লক ২০০৩	পৌরসভা / পৌরনিগম ২০০৩	পঞ্চায়েত সমিতি ২০০৩	গ্রাম পঞ্চায়েত ২০০৩	মৌজা ২০০১	শহর ২০০১
৫	**৩৫**	**২২**	**২৭**	**২২**	**২০০**	**১৫৮১**	**৪৮**

জনসংখ্যা ও জনসংখ্যার ঘনত্ব (প্রতি বর্গ কিলোমিটারে)

জনসংখ্যা			জনসংখ্যার ঘনত্ব		
১৯৮১	১৯৯১	২০০১	১৯৮১	১৯৯১	২০০১
৫৫,২৯,৪৯৭	**৭২,৮১,৮৮১**	**৮৯,৩৪,২৮৬**	**১৩৫১**	**১৭৭৯**	**২১৮২**

প্রতি দশকে শতকরা হিসাবে জনসংখ্যার তফাৎ (%)

১৯৭১-১৯৮১	১৯৮১-১৯৯১	১৯৯১-২০০১
৩১.৪২	**৩১.৬৯**	**২২.৬৯**

গ্রাম ও শহর এলাকার জনসংখ্যা (সংখ্যায়)

জনসংখ্যা (সংখ্যায়)						শহর এলাকার জনসংখ্যা সমগ্র জনসংখ্যার অনুপাতে কত শতক	
১৯৯১			২০০১				
মোট	গ্রাম এলাকা	শহর এলাকা	মোট	গ্রাম এলাকা	শহর এলাকা	১৯৯১	২০০১
৭২,৮১,৮৮১	**৩৫,৫১,৫৮১**	**৩৭,৩০,৩০০**	**৮৯,৩৪,২৮৬**	**৪০,৮৩,৩৩৯**	**৪৮,৫০,৯৪৭**	**৫১.২৩**	**৫৪.৩০**

লিঙ্গ অনুসারে জনসংখ্যার বিভাজন

১৯৯১			২০০১		
পুরুষ	মহিলা	প্রতি শত মহিলা অনুপাতে পুরুষের সংখ্যা	পুরুষ	মহিলা	প্রতি শত মহিলা অনুপাতে পুরুষের সংখ্যা
৩৮,১৮,১৯৭	**৩৪,৬৩,৬৮৪**	**১১০**	**৪৬,৩৮,৭৫৬**	**৪২,৯৫,৫৩০**	**১০৮**

তপশিলী জাতি ও উপজাতির জনসংখ্যা (সংখ্যায়), ২০০১

তপশিলী জাতি			তপশিলী উপজাতি		
মোট	গ্রাম এলাকা	শহর এলাকা	মোট	গ্রাম এলাকা	শহর এলাকা
১৮,৪০,৩৯৭	**১২,০৮,৬৬১**	**৬,৩১,৭৩৬**	**১,৯৮,৯৩৬**	**১,৬৮,৬৮৬**	**৩০,২৫০**

উঃ ২৪ পরগনা জেলা ঃ গৃহপালিত প্রাণী সম্পদ সম্পর্কিত পরিসংখ্যান

দুধ ও ডিম উৎপাদনের আনুমানিক হিসাব, ২০০৩-২০০৪

দুধ উৎপাদন ('০০০টন)		ডিম উৎপাদন (লক্ষ)		মোট মাংসের উৎপাদন (মেট্রিক টন)	মোট পশম উৎপাদন (মেট্রিক টন)
মোট দুধ উৎপাদন	জনপ্রতি প্রাপ্য দুধ/দৈনিক গ্রামে	বার্ষিক উৎপাদন	জনপ্রতি প্রাপ্য ডিম/প্রতি বছর (সংখ্যায়)		
৪৪৮.৮৫	**১৩১.৬০**	**২৬২৯.৩৪**	**২৮.৭০**	**৪৭,৭২২.০০**	**১৬.৮২২**

বিভিন্ন দুধ সংঘ দ্বারা সম্পাদিত ক্রমপুঞ্জিত কাজ, ২০০৩-২০০৪

দৈনিক গড় দুধ আহরণ দুধ সমবায় সংঘ থেকে (০০০ কেজি)	দৈনিক গড় দুধ বিপণন (০০০ কেজি)	সমবায় সংঘ কর্তৃক সংঘটিত	যে কটি দুধ সমবায় সংঘ কাজ করছে	যে কটি সমবায় সংঘ পঞ্জীকৃত হয়েছে	চাষী-সভ্যর সংখ্যা	স্ত্রী-বাছুর কতটি জন্মেছে
৭৫.৮৯	**৭৫.৮৯**	**৩৮২**	**৩৫৫**	**১১৫**	**৩০,২০৬**	**৫৬২৫**

প্রতিনিধিত্বমূলক সংস্থা দ্বারা কৃত কৃত্রিম প্রজনন, ২০০৩-২০০৪

সরকারী	ব্যক্তিগত	সমবায় সমিতি	মোট কৃত কৃত্রিম প্রজনন	মোট কৃত্রিম প্রজনন কেন্দ্রের সংখ্যা
৫৩,৯২৪	**৪৩,০৩১**	**৪০,৯৫২**	**১,৩৭,৯০৭**	**৩১৯**

৩১শে মার্চ, ২০০৪-এ সংস্থা সমূহের সংখ্যা

জেলা পশু হাসপাতাল	প্রতিষ্ঠানের সংখ্যা								
	মহকুমা পশু স্বাস্থ্যকেন্দ্র	ব্লক পশু স্বাস্থ্যকেন্দ্র	অতিরিক্ত ব্লক পশু স্বাস্থ্যকেন্দ্র	পশু উন্নয়ন সাহায্যকেন্দ্র	কৃত্রিম প্রজনন কেন্দ্র	চেক পোষ্ট	রোগান্তরিত করার কেন্দ্র	নজরদারী কেন্দ্র	রোগমুক্ত বন্ধনী
১	**৫**	**২২**	**১৬**	**২০০**	**৩১৯**	-	-	**১**	-

জেলা রোগ নির্ণয় পরীক্ষাগার	রোগ নির্ণয় পরীক্ষাগার	সি.এম. এস. সাব-ডিপো	যক্ষা নিয়ন্ত্রণ কেন্দ্র	রোগ সম্পর্কিত অনুসন্ধানের পরীক্ষাগার	এম.এ. এইচ.সি. ও রোগ নির্ণয়াগার	আঞ্চলিক রোগ অনুসন্ধান পরীক্ষাগার	টি.বি.ও ব্রুসেলোসিস নিয়ন্ত্রণ কেন্দ্র	জলাতঙ্ক নিয়ন্ত্রণ কেন্দ্র	পরীক্ষাগারের পশু রাখার ঘর	পুলোর‍্যাম ও ম্যারেক অসুখের নিয়ন্ত্রণ কেন্দ্র	এল.ডি. আর.ও অন্যান্য প্রশিক্ষণ কেন্দ্র
১	**২**	-	-	-	-	-	-	-	-	**১**	-

ব্লক পশু স্বাস্থ্যকেন্দ্র, অতিরিক্ত ব্লক পশু স্বাস্থ্যকেন্দ্র এবং পশু উন্নয়ন সাহায্য কেন্দ্রে চিকিৎসা (সংখ্যায়)

ব্লক পশু স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসিত রোগের সংখ্যা				পশু উন্নয়ন সাহায্য কেন্দ্রে চিকিৎসিত রোগের সংখ্যা	মফঃস্বলে চিকিৎসিত রোগের সংখ্যা	সর্বমোট সংখ্যা
ব্লক পশু স্বাস্থ্যকেন্দ্র	অতিরিক্ত ব্লক পশু স্বাস্থ্যকেন্দ্র	ব্লক ও অতিরিক্ত ব্লক পশু স্বাস্থ্যকেন্দ্র	মোট			
১,৯০,৩৩৮	**১,০৯,৭৬৮**	-	**৩,০০,১০৬**	**২,২৬,৩০৫**	**৫৪,৯৮৭**	**৬,৫০,৯২৫**

পৌনঃপুনিকতা ও প্রজাতি বিভাজন অনুসারে বিভিন্ন রোগের চিকিৎসা, ২০০৩-২০০৪ (নতুন রোগী)

ঘোড়া জাতীয় প্রাণী	গরু জাতীয় প্রাণী	ভেড়া ও ছাগল	হাঁস ও মুরগী জাতীয় প্রাণী	অন্যান্য	শ্রেণী বহির্ভূত তথ্য	সর্বমোট
২৩	**১,৫১,০০৯**	**৯১,০০৯**	**১,৫৬,৭০৮**	**১৯,০৩৪**	**২,২৬,৩০৫**	**৬,৪৪,০৮৮**

পৌনঃপুনিকতা ও রোগের শ্রেণী বিভাগ অনুসারে বিভিন্ন ধরণের সংস্থায় বিভিন্ন রকম রোগের চিকিৎসা, ২০০৩-২০০৪ (নতুন রোগী)

ছোঁয়াচে বোগ	শল্য চিকিৎসা খাসিকবণসহ	স্ত্রীবোগ বিদ্যা সংক্রান্ত	পরজীবীয় এন.জি. এবং কুঁজে ঘা সহ	শরীরজনিত অসুখ বিসুখ
-	২৮,৫৫৬	৬০,০৯০	৭৫,৫৯৩	২,৫০,১৯৪

জলাতঙ্কজনিত	রক্তক্ষরণ জাতীয়	অন্যান্য অসুখ বিসুখ	শ্রেণী বহির্ভূত তথ্য	মোট
-	১৫৪১	১৮০৯	২,২৬,৩০৫	৬,৪৪,০৮৮

বিভিন্ন ভাইবাসজনিত অসুখের কাবণে আক্রান্ত, অসুস্থ ও মৃত পশুর সংখ্যা, ২০০৩-২০০৪

বিওার পেষ্ট			পা ও মুখেব অসুখ			শুয়োবের জ্বর			ছাগলের জলবসন্ত		
আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত
-	-	-	১৯	১১৬৩	-	-	-	-	১	৫৯	-

জলাতঙ্ক			পেষ্টে-ডি-পেটিট রুমিনান্ট			সর্বমোট সংখ্যা		
আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত
৪	৪	৪	-	-	-	২৪	১২২৬	৪

বিভিন্ন ব্যাক্টিরিয়াজনিত অসুখেব কারণে আক্রান্ত, অসুস্থ ও মৃত পশুর সংখ্যা, ২০০৩-২০০৪

অ্যান্থ্রাক্স			বক্ত বিষাক্ত হওয়ার কারণে			ব্ল্যাক কোয়ার্টার		
আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত
-	-	-	-	-	-	২	৯	৫

স্যালমনেলিওসিস			এভিযান স্যালমনেলিওসিস			সর্বমোট		
আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত
-	-	-	১	১৭৫	২৫	৩	১৮৪	৩০

বিভিন্ন পরজীবীজনিত অসুখেব কাবণে আক্রান্ত, অসুস্থ ও মৃত পশুর সংখ্যা, ২০০৩-২০০৪

ট্রাইপানাসোমিওসিস			প্যাবামনিষ্টোমিওসিস			থাইলিরিওসিস			কক্কাই ডায়োসিস			এভিয়ান কক্কাই ডায়োসিস		
আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত
-	-	-	-	-	-	২	৪	২	-	-	-	-	-	-

অ্যাম্ফিষ্টোমিওসিস			নেজাল গ্রানুলোমা			হেমোচুরিয়া			অ্যানাপ্লাসমোসিস,			সর্বমোট		
আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত
-	-	-	-	-	-	-	-	-	-	-	-	২	৪	২

হাঁস-মুরগী সংক্রান্ত অসুখে আক্রান্ত, অসুস্থ ও মৃত হাঁস-মুরগী জাতীয় পাখীর সংখ্যা, ২০০৩-২০০৪

রানীক্ষেত অসুখ			হাঁসের প্লেগ			আই.বি.ডি.			পাখীর কলেরা		
আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত
৮৫	১০,২২৯	৪৪৪১	২	১৭	১১	৩৯	৪১১৩	২০৭৬	২	২৪০	১২০

পাখীর প্লেগ			হাঁসের কলেরা			প্লাসমোসিস			বাবাসিওসিস			সর্বমোট		
আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত
১	৪২	২	-	-	-	-	-	-	-	-	-	১২৯	১৪,৬৪১	৬৬৫০

ভাইরাস, ব্যাক্টিরিয়া ও পরজীবীজনিত অসুখে, আক্রান্ত, অসুস্থ ও মৃত পশু পাখীদের সংখ্যা, ২০০৩-২০০৪

ভাইরাসজনিত অসুখ			ব্যাক্টিরিয়াজনিত অসুখ			পরজীবীজনিত অসুখ		
আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত
২৪	১২২৬	৪	৩	১৮৪	৩০	২	৪	২

হাঁস-মুরগীর ভাইরাসজনিত অসুখ			সর্বমোট		
আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত
১২৯	১৪,৬৪১	৬৬৫০	১৫৮	১৬,০৫৫	৬৬৮৬

ছোঁয়াচে ও সংক্রমণশীল অসুখ প্রতিরোধকল্পে টিকা দেওয়ার সংখ্যা, ২০০৩-২০০৪

মহামারী রোধে টিকাকরণ (প্রাণীদের)									
রিণ্ডার পেষ্ট	অ্যানথ্রাক্স	রক্ত বিষাক্ত হওয়ার কারণে	ব্ল্যাক কোয়ার্টার	পা ও মুখের অসুখ	জলাতঙ্ক	ছাগলের জলবসন্ত	শুয়োরের জ্বর	অন্যান্য	মোট
-	২০২০	৬৯১৫	৮৮৭৮	-	৩৭০	-	১৩৬৭	-	১৯,৫৪৫

মহামারীজনিত কারণে অসুস্থতা ও মৃত্যু রোধে টিকাকরণের সংখ্যা (পাখীদের), ২০০৩-২০০৪

রানীক্ষেত অসুখ	মুরগীর জলবসন্ত	মুরগীর কলেরা	হাঁসের প্লেগ	হাঁসের কলেরা	অন্যান্য	মোট
-	-	-	-	-	-	-

পশুপাখীদের ছোঁয়াচে ও সংক্রমণশীল রোগের মহামারীজনিত কারণে অসুস্থতা ও মৃত্যু রোধে টিকাকরণের সংখ্যা, ২০০৩-২০০৪

মহামারী রোধে টিকাকরণ		সর্বমোট
পশু	পাখী	
১৯,৫৪৫	-	১৯,৫৪৫

পশুদের রোগ প্রতিরোধে টিকাকরণের পৌনঃপুনিকতা, ২০০৩-২০০৪

মহামারী রোধে পাইকারী হারে টিকাকরণ (পশুদের)									
রিণ্ডার পেষ্ট	অ্যান্থ্রাক্স	রক্ত বিষাক্ত হওয়ার কারণে	ব্ল্যাক কোয়ার্টার	পা ও মুখের অসুখ	জলাতঙ্ক	ছাগলের জলবসন্ত	শুয়োরের জ্বর	অন্যান্য	মোট
২০০	-	-	-	৮৫৬৬	-	১২,০৯৮	-	-	২০,৮৬৪

পাখীদের রোগ প্রতিরোধে টিকাকরণের পৌনঃপুনিকতা, ২০০৩-২০০৪

রানীক্ষেত অসুখ	মুরগীর জলবসন্ত	মুরগীর কলেরা	হাঁসের প্লেগ	হাঁসের কলেরা	অন্যান্য	মোট
৯,৪৩,২১৪	১১,০৩১	১৪৪৯	১,২১,৪০৫	৪৭৬২	-	১০,৮১,৮৬১

পশু-পাখীদের রোগ প্রতিরোধে টিকাকরণের পৌনঃপুনিকতা, ২০০৩-২০০৪

মহামারী রোধে পাইকারী হারে টিকাকরণ		সর্বমোট
পশু	পাখী	
২০,৮৬৪	১০,৮১,৮৬১	১১,০২,৭২৫

উত্তর ২৪ পরগনা জেলা ঃ অন্যান্য পরিসংখ্যান

সর্বসমেত মোট ফসলী এলাকা, নীট ফসলী এলাকা এবং ফসল ফলানোব প্রগাঢ়ত্ব (হাজার হেক্টরে), ২০০২-২০০৩

সর্বমোট ফসলী এলাকা	নীট ফসলী এলাকা	ফসল ফলানোর প্রগাঢ়ত্ব
৫০৬.৮০	**২৬৪.৩৮**	**১৯২**

জমি সদ্ব্যবহারের মোটামুটি ধবণ (হেক্টবে), ২০০২-২০০৩

বিবৃত এলাকা	বিবৃত এলাকার শ্রেণীবিভাগ		
	চাষযোগ্য এলাকা	বন বাদে যে এলাকা চাষের জন্য ব্যবহারযোগ্য নয়	বন এলাকা
৩,৮৬,৬৮৫	**২,৭৪,৬৪৬ (৭১.০৩)**	**১,১২,০৩৯ (২৮.৯৭)**	**- (-)**

জমির সদ্ব্যবহাব (হেক্টরে)

মোট জমি	চাষযোগ্য জমি	গোখাদ্য চাষেব জমি	গোচাবণ ভূমি ও ঝোপঝাড	ফলেব বাগান	মিশ্র গাছ ও ফসল গুচ্ছ	চাষযোগ্য পতিত জমি	বনেব জমি	অ-চাষযোগ্য পতিত জমি
৩,৭৮,০৯০	**২,৬৬,৩৭০**	**৫১৭**	**-**	**১১,৯৯৫**	**৪৩৯০**	**৩৪০**	**১,০১,৭২০**	**১২৩০**

মাসিক বৃষ্টিপাত (মিলিমিটারে), (দশ বছরের গড় ১৯৯৩-২০০২)

জানুয়ারী	ফেব্রুয়ারী	মার্চ	এপ্রিল	মে	জুন	জুলাই	আগষ্ট	সেপ্টেম্বর	অক্টোবব	নভেম্বব	ডিসেম্বব
১২.১	**১৯.৬**	**৪৩.৪**	**৫৮.৫**	**১৪২.৬**	**২৭৭.৮**	**৩৫৯.৩**	**৩৪৮.১**	**৩০৫.৮**	**১৩৯.৩**	**৬০.৩**	**১.৭**

শতকরা সাক্ষর (লিঙ্গ-ভিত্তিক), ২০০১

মোট	পুরুষ	মহিলা
৭৮.০৭	**৮৩.৯২**	**৭১.৭২**

শিশু শিক্ষা কেন্দ্রের সংখ্যা

বছর	শিশু শিক্ষা কেন্দ্রের সংখ্যা
২০০২-২০০৩	**৮৬৮**

বিদ্যালয়ের সংখ্যা (সাধারণ শিক্ষা), ২০০২-২০০৩

প্রাথমিক	জুনিয়র / উচ্চ	উচ্চ ও উচ্চ মাধ্যমিক
৪১০৪	**২১০**	**১১৪৯**

ছাত্রছাত্রীর সংখ্যা (সাধারণ শিক্ষা), ২০০১-২০০২

ক্লাস	প্রথম থেকে পঞ্চম	ষষ্ঠ থেকে অষ্টম	নবম থেকে দশম	একাদশ থেকে দ্বাদশ
ছেলে	৪,৬৩,৬৬৯	১,৮২,৮৫০	৮৬,২০৩	৪৫,৪৮৭
মেয়ে	৪,৪৫,৭৬৩	১,৫৮,২৯৪	৭১,৯০০	৩৯,১০৩
মোট	**৯,০৯,৪৩২**	**৩,৪১,১৪৪**	**১,৫৮,১০৩**	**৮৪,৫৯০**

শিক্ষকের সংখ্যা (সাধারণ শিক্ষা), ২০০১-২০০২

বিদ্যালয়	প্রাথমিক	জুনিয়র উচ্চ	উচ্চ	উচ্চ মাধ্যমিক
পুরুষ	৬৯৭৮	৫৬০	৫৪৬৯	৫০০৪
মহিলা	৪৭০৪	২৫৮	২৭৬০	২৭২০
মোট	**১১,৬৮২**	**৮১৮**	**৮২২৯**	**৭৭২৪**

কলেজের শ্রেণীবিভাগ, ২০০২-২০০৩

নাম	সংখ্যা
সাধাবণ ডিগ্রী (বি.এ.,বি.এস.সি.,বি.কম.) কলেজ	৩৮ (১ গভ.)
বি.এড./ফার্মাসী, স্নাতকোত্তর বি.টি. কলেজ	৫ (১ গভ.)
শারীর শিক্ষার কলেজ	১ (১ গভ.)
আইন কলেজ	-
গার্হস্থ্য বিজ্ঞান কলেজ	-
গানেব কলেজ	-
চারুকলার কলেজ	-
ইঞ্জিনিয়াবিং ও প্রযুক্তিবিদ্যার কলেজ	৪
চিকিৎসা শাস্ত্রের কলেজ	-
ব্যবসায় ব্যবস্থাপনা শিক্ষার বিদ্যায়তন	৩
বিশেষ প্রকাবেব বিদ্যায়তন	-
মোট	**৫১**

স্বাস্থ্য সম্পর্কিত সুবিধাবলী, ২০০২

হাসপাতাল	সংখ্যা	বিছানা সংখ্যা
হাসপাতাল (সবকাবী, স্থানীয় অর্থে পরিচালিত ও স্বেচ্ছা সেবামূলক প্রতিষ্ঠান	৪৭	৩৮৮৪
স্বাস্থ্যকেন্দ্র (গ্রামীণ, ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র)	৭৫	৭৫১
সাব-সেন্টার	৬০২	
মোট স্বাস্থ্য প্রতিষ্ঠান	**৭২৪**	**৪৬৩৫**

জেলায় শিল্পে উৎপাদিত দ্রব্যের নীট আনুমানিক হিসাব ও তার বর্তমান মূল্য ২০০১-২০০২ (লাখ টাকায়)

কৃষি (পশুপালন সহ)	বনসৃজন	মৎস্য পালন	খনি ও খাদান	শিল্পোৎপাদন		নির্মাণ	বিদ্যুৎ, গ্যাস ও জল সরবরাহ
				পঞ্জীকৃত	অ-পঞ্জীকৃত		
২,৬৩,৭১০	**৬৩০৫**	**৪৪,২৮১**	**-**	**১,৩৯,৫০৩**	**১,০৯,৪৭৮**	**৫৮,২৪১**	**৬৮০০**

পরিবহণ, সংবক্ষণ ও যোগাযোগ			বাণিজ্য, হোটেল ও রেষ্টুরেন্ট
রেলপথ	অন্যান্য উপায়ে পরিবহণ ও সংরক্ষণ	যোগাযোগ	
৮৫৮৫	**৮৩,০৪৩**	**৮৮০২**	**১,৮৩,২৭৮**

ব্যাঙ্ক, ব্যবসায় ও বীমা	স্থাবর সম্পত্তি, বাসস্থান ও ব্যবসা সংক্রান্ত সেবাসমূহের মালিকানা	জন প্রশাসন	অন্যান্য সেবাসমূহ	মোট	বাৎসরিক মাথাপিছু আয়
১,৫২,১৭৪	**৯৪,৭৯৬**	**৬১,৫৪৮**	**১,০২,৪১০**	**১৩,২২,৯৫৪**	**১৪,৬৩৮.৯২**

কৃষি-আবহ অঞ্চলের থানা অনুসারে মোটামুটি বিভাজন

কৃষি-আবহ অঞ্চল	কৃষি-আবহ উপ-অঞ্চল	থানাসমূহ
নিম্ন গাঙ্গেয় সমতল অঞ্চল, এলাকা - ৩	গাঙ্গেয় বন্যাপ্রবণ সমতলভূমি	বাদুড়িয়া, স্বরূপনগর, গাইঘাটা, বনগাঁ, বাগদা, হাবড়া, আমডাঙ্গা, বারাসাত, দেগঙ্গা, রাজারহাট, দমদম, বরাহনগর, বেলঘরিয়া, খড়দহ, টিটাগড়, ব্যারাকপুর, নোয়াপাড়া-জগদ্দল, নৈহাটি,
	তীরবর্তী বন্যাপ্রবণ সমতলভূমি	হিঙ্গলগঞ্জ, হাসনাবাদ, সন্দেশখালি, মিনাখাঁ, হাড়োয়া

কৃষি-আবহ উপ-অঞ্চলের চরিত্রগত বিভাজন

গাঙ্গেয় বন্যাপ্রবণ সমতল অঞ্চলের আবহাওয়া

আবহাওয়ার বৈশিষ্ট্য	মার্চ থেকে মে	জুন থেকে অক্টোবর	নভেম্বর থেকে ফেব্রুয়ারী
বৃষ্টিপাত (মিঃ মিঃ)	২৩৩.৮	১২০৬.০	৬৭.৮
বায়ুর তাপমাত্রা অধিকতম সে.	৩৫.০	৩২.২	২৭.৪
বায়ুর তাপমাত্রা নিম্নতম সে.	২৩.১	২৫.৬	১৫.৬
আপেক্ষিক আর্দ্রতা (%)	৫৮.০	৮০.০	৬৫.০
শিশিরপাত	অপর্যাপ্ত	অপর্যাপ্ত	অপর্যাপ্ত

সমুদ্রতীরবর্তী বন্যাপ্রবণ সমতলভূমি অঞ্চলের আবহাওয়া

আবহাওয়ার বৈশিষ্ট্য	মার্চ থেকে মে	জুন থেকে অক্টোবর	নভেম্বর থেকে ফেব্রুয়ারী
বৃষ্টিপাত (মিঃ মিঃ)	১৯৫.০	১৪৭৫.২	৮২.৮
বায়ুর তাপমাত্রা অধিকতম সে.	৩৪.০	৩২.০	২৮.২
বায়ুর তাপমাত্রা নিম্নতম সে.	২৪.৮	২৬.০	১৬.০
আপেক্ষিক আর্দ্রতা (%)	৭২.০	৮২.০	৬৮.০
শিশিরপাত	অপর্যাপ্ত	অপর্যাপ্ত	পর্যাপ্ত

জেলাভিত্তিক পশুখাদ্য ও পশুখাদ্য গাছ বিভাজন

কৃষি-আবহ উপ-অঞ্চল	জেলা অনুসারে বিভাজন	পশুখাদ্য	পশুখাদ্য গাছ
গাঙ্গেয় বন্যাপ্রবণ সমতলভূমি	উত্তর ২৪ পরগণার উত্তরাংশ	নেপিয়ার ঘাস, সঙ্কর নেপিয়ার, গিনি ঘাস, পারা ঘাস, দুব ঘাস, কাউপী, ওট্স, টিওসিন্টে সেন্ট্রো, অঞ্জন ঘাস, সুদান ঘাস, লুসার্ণ, জওয়ার, বারসিম, মকাই, গুয়ার, সূর্যমুখী, কুডজি, সেটারিয়া, স্টাইলো, রোড্স ঘাস, নাট ঘাস	আম, বাঁশ, বাবুল, বট, কাঁঠাল, কলা, সুবাবুল, নিম, শিশু, বিলাতী বাবুল, ধৈঞ্চা, অ্যাকাসিয়া, অশ্বত্থ,টারমিনলিয়া, তেতালী, ঘোড়ানিম, বকফুল, শিরীষ, বের
তীরবর্তী বন্যাপ্রবণ সমতলভূমি	উত্তর ২৪ পরগণার দক্ষিণাংশ	গিনি ঘাস, পারা ঘাস, দুব ঘাস, নাট ঘাস, অঞ্জন ঘাস, স্টাইলো, সেন্ট্রো	বাঁশ, কাঁঠাল, আম, সুবাবুল, অশ্বত্থ, বট, বাবুল

উত্তর ২৪ পরগনা জেলা ঃ এক নজরে

বিষয়	সংখ্যা	সংখ্যা প্রতি হাজাব জনে (প্রক্ষিপ্ত)	ঘনত্ব (প্রতি বর্গ কি.মি তে)	গ্রামীণ অংশ (%)	ঘনত্ব (প্রতি বর্গ কি.মি.তে) পশ্চিমবঙ্গ	ঘনত্ব (প্রতি বর্গ কি.মি.তে) ভারত (সাময়িক)
সংকব জাতীয় গরু	২০৮,৭৯৩	২১	৫২	৮০.০৪	২৩	৮
দেশিয় গরু	৬৯৬,৬৯২	৭২	১৭৫	৯১.৯১	১৮০	৫২
মোট গরু	৯০৫,৪৮৫	৯৩	২২৭	৮৯.১৭	২০৩	৬০
মহিষ	৩৮,৫৫১	৪	১০	২৬.৮৯	১০	৩২
ভেড়া	৬০,৯০০	৬	১৫	৯৯.০১	১৬	২০
ছাগল	৬৩৯,৫৩৬	৬৬	১৬০	৯১.৪৮	১৩২	৪১
শূকব	৪৩,৭৪০	৫	১১	৮৮.৭৫	১০	৫
কুকুব	১৩২,৪৪১	১৪	৩৩	৬৫.২৩	১৮	৯
দেশি মুবগি	২,০১৬,২০২	২০৭	৫০৬	৯২.১৫	৩১৯	৭৮
উন্নত মুবগি	২,১৮৪,৪৩৫	২২৫	৫৪৮	৮৩.৬১	১০৫	৭২
মোট মুবগি	৪,২০০,৬৩৭	৪৩২	১,০৫৪	৮৭.৭১	৪২৫	১৪৯
দেশি হাঁসা, হাঁস ও হাঁসের বাচ্চা	৮৫৭,১০৪	৮৮	২১৫	৯৪.৬০	১৪২	৯
উন্নত হাঁসা, হাঁস ও হাঁসেব বাচ্চা	৭৬,৫৩৩	৮	১৯	৯৪.৬৮	৫	১
মোট হাঁসা, হাঁস ও হাঁসেব বাচ্চা	৯৩৩,৬৩৭	৯৬	২৩৪	৯৪.৬১	১৪৭	১০
টার্কি, বোযেল ও অন্যান্য পোল্ট্রি পাখি	৮,৮৩৭	১	২	৫২.৪০	৫	১
মোট পোল্ট্রি পাখি	৫,১৪৩,১১১	৫২৯	১,২৯০	৮৮.৯০	৫৭৬	১৬০
কাঠেব লাঙ্গল	৪৮,৫৮৮	৫	১২	৯৯.১২	২১	-
ইস্পাতের লাঙ্গল	১,৫৪৯	০	০	৮৬.৯৬	৪	-
পশুচালিত গাড়ি	৭,৬৩৪	১	২	৯৯.১২	৮	৩৩
কৃষি ট্রাক্টব	২,১২২	০	১	৯৪.৪৪	০	৮
শক্তিচালিত লাঙ্গল	১,১৭৮	০	০	৯৭.৮৮	০	১
মৎস্যজীবী পবিবাবেব সভ্য সংখ্যা	২০৬,২৬৬	২২	৫৪	৯১.০৬	১০	৪৭
মৎস্য-সংক্রান্ত কার্যে যুক্ত সভ্য সংখ্যা ঃ						
অর্ন্তদেশীয় (মাছ ধবা)	৩৮,৪৫৪	৪	১০	৯৪.০৮	২	২
অর্ন্তদেশীয় (মাছ চাষ)	২০,৬৯৩	২	৫	৯৫.৮১	১	২
সামুদ্রিক (মাছ ধবা)	১৩৪	০	০	৯৬.২৭	০	১

সংকর জাতীয় গরুর সংখ্যার ঘনত্ব
বাগদা
বনগাঁ পৌরসভা
কাঁচড়াপাড়া পৌরসভা
অশোকনগর কল্যাণগড় পৌরসভা
হালিশহর পৌরসভা
নৈহাটী পৌরসভা
গোবরডাঙ্গা পৌরসভা
উঃ
পঃ
পূঃ
দঃ
ভাটপাড়া পৌরসভা
গাড়ুলিয়া পৌরসভা
উত্তর ব্যারাকপুর পৌরসভা
ব্যারাকপুর পৌরসভা
টিটাগড় পৌরসভা
বাদুড়িয়া পৌরসভা
খড়দহ পৌরসভা
পাণিহাটি পৌরসভা
কামারহাটি পৌরসভা
বরানগর পৌরসভা
উত্তর দমদম পৌরসভা
দমদম পৌরসভা
দক্ষিণ দমদম পৌরসভা
বাজারহাট গোপালপুর পৌরসভা
বিধাননগর পৌরসভা
মধ্যমগ্রাম পৌরসভা
নিউ ব্যারাকপুর পৌরসভা
বসিরহাট-১
বসিরহাট-২
বসিরহাট পৌরসভা
টাকি পৌরসভা
হাসনাবাদ
সন্দেশখালি-১
সন্দেশখালি-২
হিঙ্গলগঞ্জ
ঘনত্ব
(সংখ্যা প্রতি বর্গ কিঃ মিঃ)
৪ এর কম
৪ - ১৪
১৫ - ৩৫
৩৬ - ৪৩
৪৪ - ৪৭
৪৮ - ৫১
৫২ - ৬৮
৬৯ - ৯৮
৯৯ - ১২১
১২২ - ১৭৭
১৭৮ - ২৩৪
২৩৪ এর বেশি

জন প্রতি সংকর জাতীয় গরুর অনুপাত
বনগাঁ পৌরসভা
কাঁচড়াপাড়া পৌরসভা
অশোকনগর কল্যাণগড় পৌরসভা
হালিশহর পৌরসভা
নৈহাটী পৌরসভা
বারাকপুর-
ভাটপাড়া পৌরসভা
গাড়ুলিয়া পৌরসভা
উত্তর বারাকপুর পৌরসভা
বারাকপুর পৌরসভা
টিটাগড় পৌরসভা
খড়দহ পৌরসভা
পাণিহাটি পৌরসভা
কামারহাটি পৌরসভা
বরানগর পৌরসভা
উত্তর দমদম পৌরসভা
দমদম পৌরসভা
দক্ষিণ দমদম পৌরসভা
রাজারহাট গোপালপুর পৌরসভা
বিধাননগর পৌরসভা
নিউ বারাকপুর পৌরসভা
মধ্যমগ্রাম পৌরস
গাইঘাটা
গোবরডাঙ্গা পৌরসভা
হাবড়া-২
হাবড়া-১
বাদুরিয়া পৌরসভা
বসিরহাট পৌরসভা
টাকি পৌরসভা
মিনাখান
সন্দেশখালি-১
সন্দেশখালি-২
হিঙ্গলগঞ্জ
উঃ
পঃ
পূঃ
দঃ
প্রতি হাজার জনে সংকর জাতীয় গরুর সংখ্যা
২ এর কম
২ - ৩
৪ - ৫
৬ - ১০
১১ - ১৪
১৫ - ২০
২১ - ৩০
৩১ - ৩৬
৩৭ - ৪৪
৪৫ - ৫০
৫১ - ৫৮
৫৮ এর বেশি

ভিত্তি তারিখ ঃ ১৫.১০.২০০৩

জন প্রতি দেশিয় গরুর অনুপাত
বনগাঁ পৌরসভা
অশোকনগর কল্যাণগড় পৌরসভা
কাঁচড়াপাড়া পৌরসভা
হালিশহর পৌরসভা
নৈহাটী পৌরসভা
ভাটপাড়া পৌরসভা
গাড়ুলিয়া পৌরসভা
উত্তর বারাকপুর পৌরসভা
বারাকপুর পৌরসভা
টিটাগড় পৌরসভা
খড়দহ পৌরসভা
পাণিহাটি পৌরসভা
কামারহাটি পৌরসভা
বরানগর পৌরসভা
উত্তর দমদম পৌরসভা
দমদম পৌরসভা
দক্ষিণ দমদম পৌরসভা
বাজারহাট গোপালপুর পৌরসভা
বিধাননগর পৌরসভা
নিউ বারাকপুর পৌরসভা
মধ্যমগ্রাম পৌরসভা
গোবরডাঙ্গা পৌরসভা
বাদুরিয়া পৌরসভা
বসিরহাট পৌরসভা
টাকি পৌরসভা
বারাসাত-২
মিনাখাঁন
সন্দেশখালি-১
সন্দেশখালি ২
হিঙ্গলগঞ্জ
উঃ
পঃ
পূঃ
দঃ
প্রতি হাজার জনে দেশিয় গরুর সংখ্যা
৪ এর কম
৪ - ৬
৭ - ৯
১০ - ১৮
১৯ - ২৪
২৫ - ৪০
৪১ - ৭৫
৭৬ - ১১২
১১৩ - ১২৯
১৩০ - ১৭৭
১৭৮ - ২০৭
২০৭ এর বেশি

মহিষের সংখ্যার ঘনত্ব
বাগদা
বনগাঁ
বনগাঁ পৌরসভা
কাঁচড়াপাড়া পৌরসভা
অশোকনগর কল্যাণগড় পৌরসভা
হালিশহর পৌরসভা
নৈহাটী পৌরসভা
গাইঘাটা
গোবরডাঙ্গা পৌরসভা
উঃ
পঃ
পূঃ
দঃ
ভাটপাড়া পৌরসভা
গাড়ুলিয়া পৌরসভা
আমডাঙ্গা
স্বরূপনগর
উত্তর বারাকপুর পৌরসভা
হাবড়া-১
বাদুড়িয়া
বারাকপুর পৌরসভা
টিটাগড় পৌরসভা
বাদুরিয়া পৌরসভা
দেগঙ্গা
খড়দহ পৌরসভা
পাণিহাটি পৌরসভা
বসিরহাট-১
কামারহাটি পৌরসভা
বসিরহাট-২
বসিরহাট পৌরসভা
বরানগর পৌরসভা
উত্তর দমদম পৌরসভা
হাড়োয়া
টাকি পৌরসভা
দমদম পৌরসভা
দক্ষিণ দমদম পৌরসভা
মধ্যমগ্রাম পৌরসভা
নিউ বারাকপুর পৌরসভা
রাজারহাট গোপালপুর পৌরসভা
মিনাখান
বিধাননগর পৌরসভা
ঘনত্ব
(সংখ্যা প্রতি বর্গ কিঃ মিঃ)
১ এর কম
১ - ২
৩ - ৬
৭ - ৮
৯ - ১২
১৩ - ২১
২২ - ২৯
৩০ - ৪৫
৪৬ - ১০৫
১০৬ - ১৯৮
১৯৯ - ২৬৮
২৬৮ এর বেশি

জন প্রতি মহিষের অনুপাত
বাগদা
বনগাঁ
বনগাঁ পৌরসভা
কাঁচড়াপাড়া পৌরসভা
অশোকনগর কল্যাণগড় পৌরসভা
হালিশহর পৌরসভা
নৈহাটী পৌরসভা
ভাটপাড়া পৌরসভা
গাড়ুলিয়া পৌরসভা
উত্তর বারাকপুর পৌরসভা
বারাকপুর পৌরসভা
টিটাগড় পৌরসভা
খড়দহ পৌরসভা
পাণিহাটি পৌরসভা
কামারহাটি পৌরসভা
বরানগর পৌরসভা
উত্তর দমদম পৌরসভা
দমদম পৌরসভা
দক্ষিণ দমদম পৌরসভা
রাজারহাট গোপালপুর পৌরসভা
বিধাননগর পৌরসভা
নিউ বারাকপুর পৌরসভা
মধ্যমগ্রাম পৌরসভা
আমডাঙ্গা
গাইঘাটা
গোবরডাঙ্গা পৌরসভা
হাবড়া পৌরসভা
হাবড়া-১
স্বরূপনগর
বাদুড়িয়া
বাদুড়িয়া পৌরসভা
দেগঙ্গা
বসিরহাট-১
বসিরহাট-২
বসিরহাট পৌরসভা
হাড়োয়া
টাকি পৌরসভা
মিনাখান
হাসনাবাদ
সন্দেশখালি-১
উঃ
পঃ
পূঃ
দঃ
প্রতি হাজার জনে মহিষের সংখ্যা
১ এর কম
১
২
৩ - ৪
৫
৬ - ৮
৯ - ১০
১১ - ১২
১৩
১৪ - ১৫
১৬ - ১৭
১৭ এর বেশি

ভেড়ার সংখ্যার ঘনত্ব
বাগদা
বনগাঁ
বনগাঁ পৌরসভা
কাঁচড়াপাড়া পৌরসভা
অশোকনগর কল্যাণগড় পৌরসভা
হালিশহর পৌরসভা
নৈহাটী পৌরসভা
বারাকপুর ১
গাইঘাটা
গোবরডাঙ্গা পৌরসভা
ভাটপাড়া পৌরসভা
গাড়ুলিয়া পৌরসভা
উত্তর বারাকপুর পৌরসভা
আমডাঙ্গা
হাবড়া-২
হাবড়া পৌরসভা
হাবড়া-১
স্বরূপনগর
বাদুড়িয়া
বারাকপুর পৌরসভা
বারাকপুর-২
বারাসাত-১
টিটাগড় পৌরসভা
বারাসাত পৌরসভা
বাদুরিয়া পৌরসভা
দেগঙ্গা
খড়দহ পৌরসভা
পাণিহাটি পৌরসভা
কামারহাটি পৌরসভা
বরানগর পৌরসভা
উত্তর দমদম পৌরসভা
বসিরহাট পৌরসভা
টাকি পৌরসভা
দমদম পৌরসভা
দক্ষিণ দমদম পৌরসভা
মধ্যমগ্রাম পৌরস
নিউ বারাকপুর পৌরসভা
মিনাখান
রাজারহাট গোপালপুর পৌরসভা
বিধাননগর পৌরসভা
উঃ
পঃ
পূঃ
দঃ
ঘনত্ব
(সংখ্যা প্রতি বর্গ কিঃ মিঃ)
১ এর কম
১
২
৩
৪
৫ - ১১
১২ - ১৫
১৬ - ২৩
২৪ - ৪৬
৪৭ - ৬৬
৬৭ - ৭৩
৭৩ এর বেশি

জন প্রতি ভেড়ার অনুপাত
বাগদা
বনগাঁ
বনগাঁ পৌরসভা
কাঁচড়াপাড়া পৌরসভা
অশোকনগর কল্যাণগড় পৌরসভা
হালিশহর পৌরসভা
নৈহাটী পৌরসভা
গাইঘাটা
গোবরডাঙ্গা পৌরসভা
উঃ
পঃ
পূঃ
দঃ
বারাকপুর-১
ভাটপাড়া পৌরসভা
গাড়ুলিয়া পৌরসভা
হাবড়া-২
হাবড়া পৌরসভা
আমডাঙ্গা
স্বরূপনগর
উত্তর বারাকপুর পৌরসভা
হাবড়া-১
বাদুড়িয়া
বারাকপুর পৌরসভা
বারাকপুর-২
বারাসাত-১
বাদুরিয়া পৌরসভা
টিটাগড় পৌরসভা
বারাসাত পৌরসভা
দেগঙ্গা
খড়দহ পৌরসভা
পাণিহাটি পৌরসভা
বসিরহাট-১
বসিরহাট পৌরসভা
কামারহাটি পৌরসভা
বরানগর পৌরসভা
উত্তর দমদম পৌরসভা
টাকি পৌরসভা
দমদম পৌরসভা
দক্ষিণ দমদম পৌরসভা
মধ্যমগ্রাম পৌরস
নিউ বারাকপুর পৌরসভা
রাজারহাট গোপালপুর পৌরসভা
বিধাননগর পৌরসভা
সন্দেশখালি-১
সন্দেশখালি-২
প্রতি হাজার জনে ভেড়ার সংখ্যা
১ এর কম
১
২
৩
৪ - ৬
৭ - ১১
১২ - ১৯
২০ - ৪১
৪২ - ৯৮
৯৯ - ১০১
১০১ এর বেশি

ছাগলের সংখ্যার ঘনত্ব

জন প্রতি ছাগলের অনুপাত

শূকরের সংখ্যার ঘনত্ব
বনগাঁ পৌরসভা
অশোকনগর
কল্যাণগড়
পৌরসভা
কাঁচড়াপাড়া পৌরসভা
হালিশহর পৌরসভা
নৈহাটী
পৌরসভা
ভাটপাড়া পৌরসভা
গাড়ুলিয়া
পৌরসভা
উত্তর
বারাকপুর
পৌরসভা
বারাকপুর
পৌরসভা
টিটাগড়
পৌরসভা
খড়দহ পৌরসভা
পাণিহাটি পৌরসভা
কামারহাটি পৌরসভা
বরানগর পৌরসভা
উত্তর দমদম পৌরসভা
দমদম পৌরসভা
দক্ষিণ দমদম
পৌরসভা
রাজারহাট গোপালপুর
পৌরসভা
বিধাননগর পৌরসভা
মধ্যমগ্রাম পৌরসভা
নিউ বারাকপুর
পৌরসভা
গোবরডাঙ্গা পৌরসভা
বাদুরিয়া পৌরসভা
বসিরহাট পৌরসভা
টাকি পৌরসভা
হাবড়া-২
আমডাঙ্গা
বারাসাত-১
বসিরহাট-২
উঃ
পঃ
পূঃ
দঃ
ঘনত্ব
(সংখ্যা প্রতি বর্গ কিঃ মিঃ)
২ এর কম
২ - ৩
৪ - ৫
৬ - ৭
৮ - ১০
১১ - ১২
১৩ - ১৬
১৭ - ১৯
২০ - ২২
২৩ - ৩৪
৩৫ - ৪৪
৪৪ এর বেশি

জন প্রতি শূকরের অনুপাত
বনগাঁ পৌরসভা
অশোকনগর কল্যাণগড় পৌরসভা
কাঁচড়াপাড়া পৌরসভা
হালিশহর পৌরসভা
নৈহাটী পৌরসভা
ভাটপাড়া পৌরসভা
গাড়ুলিয়া পৌরসভা
উত্তর বারাকপুর পৌরসভা
বারাকপুর পৌরসভা
টিটাগড় পৌরসভা
খড়দহ পৌরসভা
পাণিহাটি পৌরসভা
কামারহাটি পৌরসভা
বরানগর পৌরসভা
উত্তর দমদম পৌরসভা
দমদম পৌরসভা
দক্ষিণ দমদম পৌরসভা
রাজারহাট গোপালপুর পৌরসভা
বিধাননগর পৌরসভা
নিউ বারাকপুর পৌরসভা
মধ্যমগ্রাম পৌরসভা
গোবরডাঙ্গা পৌরসভা
বাদুরিয়া পৌরসভা
বারাসাত-১
বসিরহাট-১
বসিরহাট পৌরসভা
টাকি পৌরসভা
সন্দেশখালি-১
সন্দেশখালি-২
উঃ
পঃ
পূঃ
দঃ
প্রতি হাজার জনে শূকরের সংখ্যা
১ এর কম
১
২
৩
৪
৫ - ৭
৮ - ৯
১০ - ১১
১২ - ১৪
১৫
১৬ - ৪০
৪০ এর বেশি

মুরগির সংখ্যার ঘনত্ব
বনগাঁ পৌরসভা
অশোকনগর
কল্যাণগড়
পৌরসভা
কাঁচড়াপাড়া পৌরসভা
হালিশহর পৌরসভা
নৈহাটী
পৌরসভা
ভাটপাড়া পৌরসভা
গাড়ুলিয়া
পৌরসভা
উত্তর
বারাকপুর
পৌরসভা
বারাকপুর
পৌরসভা
টিটাগড়
পৌরসভা
খড়দহ পৌরসভা
পাণিহাটি পৌরসভা
কামারহাটি পৌরসভা
বরানগর পৌরসভা
উত্তর দমদম পৌরসভা
দমদম পৌরসভা
দক্ষিণ দমদম
পৌরসভা
রাজারহাট গোপালপুর
পৌরসভা
বিধাননগর পৌরসভা
রাজারহাট
মধ্যমগ্রাম পৌরসভা
নিউ বারাকপুর
পৌরসভা
গোবরডাঙ্গা পৌরসভা
বাদুরিয়া পৌরসভা
বসিরহাট-১
বসিরহাট পৌরসভা
টাকি পৌরসভা
হাসনাবাদ
উঃ
পঃ
পূঃ
দঃ
ঘনত্ব
(সংখ্যা প্রতি বর্গ কিঃ মিঃ)
১০৮ এর কম
১০৮ - ২৫৮
২৫৯ - ৩৪৫
৩৪৬ - ৫২৩
৫২৪ - ৫৮১
৫৮২ - ৬৬৪
৬৬৫ - ৮৩৫
৮৩৬ - ১১৪৮
১১৪৯ - ১৬৮০
১৬৮১ - ৩০৬১
৩০৬২ - ৫২৮৩
৫২৮৩ এর বেশি

জন প্রতি মুরগির অনুপাত

হাঁসের সংখ্যার ঘনত্ব
বনগাঁ পৌরসভা
কাঁচড়াপাড়া পৌরসভা
অশোকনগর কল্যাণগড় পৌরসভা
হালিশহর পৌরসভা
নৈহাটী পৌরসভা
ভাটপাড়া পৌরসভা
গাড়ুলিয়া পৌরসভা
উত্তর বারাকপুর পৌরসভা
বারাকপুর পৌরসভা
বারাকপুর
টিটাগড় পৌরসভা
খড়দহ পৌরসভা
পাণিহাটি পৌরসভা
কামারহাটি পৌরসভা
বরানগর পৌরসভা
উত্তর দমদম পৌরসভা
দমদম পৌরসভা
দক্ষিণ দমদম পৌরসভা
রাজারহাট গোপালপুর পৌরসভা
বিধাননগর পৌরসভা
মধ্যমগ্রাম পৌরসভা
নিউ বারাকপুর পৌরসভা
গোবরডাঙ্গা পৌরসভা
বাদুড়িয়া
বাদুরিয়া পৌরসভা
বসিরহাট পৌরসভা
হাড়োয়া
টাকি পৌরসভা
মিনাখান
উঃ
পঃ
পূঃ
দঃ
ঘনত্ব
(সংখ্যা প্রতি বর্গ কিঃ মিঃ)
২৩ এর কম
২৩ - ৬১
৬২ - ৮২
৮৩ - ১১৪
১১৫ - ১৪৪
১৪৫ - ১৬৫
১৬৬ - ১৭৭
১৭৮ - ২৪৭
২৪৮ - ২৭৯
২৮০ - ৩৩০
৩৩১ - ৩৮০
৩৮০ এর বেশি

জন প্রতি হাঁসের অনুপাত
বনগাঁ পৌরসভা
কাঁচড়াপাড়া পৌরসভা
অশোকনগর কল্যাণগড় পৌরসভা
হালিশহর পৌরসভা
নৈহাটী পৌরসভা
গোবরডাঙ্গা পৌরসভা
ভাটপাড়া পৌরসভা
গাড়ুলিয়া পৌরসভা
উত্তর বারাকপুর পৌরসভা
হাবড়া-১
বারাকপুর পৌরসভা
টিটাগড় পৌরসভা
বাদুরিয়া পৌরসভা
খড়দহ পৌরসভা
পাণিহাটি পৌরসভা
কামারহাটি পৌরসভা
বসিরহাট পৌরসভা
বরানগর পৌরসভা
উত্তর দমদম পৌরসভা
টাকি পৌরসভা
দমদম পৌরসভা
দক্ষিণ দমদম পৌরসভা
মধ্যমগ্রাম পৌরসভা
নিউ বারাকপুর পৌরসভা
রাজারহাট গোপালপুর পৌরসভা
বিধাননগর পৌরসভা
সন্দেশখালি-১
সন্দেশখালি-২
উঃ
পঃ
পূঃ
দঃ
প্রতি হাজার জনে হাঁসের সংখ্যা
৩ এর কম
৩ - ৫
৬ - ১৩
১৪ - ২৩
২৪ - ৩৭
৩৮ - ৭৪
৭৫ - ১৪১
১৪২ - ১৮৪
১৮৫ - ২১৭
২১৮ - ২৭০
২৭১ - ৩৪৩
৩৪৩ এর বেশি

অংশচিত্র ঃ গবাদি পশু, ছোট ও অন্যান্য পশু
অন্যান্য গবাদি পশু
০.০২%
শূকর
২.৫৯%
সংকর জাতীয় গরু
১২.৩৭%
ছাগল
৩৭.৮৮%
দেশিয় গরু
৪১.২৬%
ভেড়া
৩.৬১%
মহিষ
২.২৮%

অংশচিত্র ঃ মুরগি, হাঁস ও অন্যান্য পোল্ট্রী পাখি
অন্যান্য পোল্ট্রী পাখি
০.১৭%
হাঁস
১৮.১৫%
দেশি মুরগি
৩৯.২০%
উন্নত মুরগি
৪২.৪৭%

গবাদি পশুর সংখ্যা
সংকর জাতীয় গরু
দেশির গরু
মহিষ
০
১০০০০
২০০০০
৩০০০০
৪০০০০
৫০০০০
৬০০০০
৭০০০০

গবাদি পশুর সংখ্যার ঘনত্ব (সংখ্যা প্রতি বর্গ কি.মি.তে)

সপ্তদশ সর্বভারতীয় গৃহপালিত প্রাণী, কৃষি যন্ত্রপাতি ও মৎস্য - সংক্রান্ত শুমারি, পশ্চিমবঙ্গ

উত্তর ২৪ পরগনা জেলা

ভিত্তি তারিখ : ১৫.১০.২০০৩

গবাদি পশুর সংখ্যা প্রতি হাজার জনে (প্রক্ষিপ্ত)

উত্তর ২৪ পরগনা

ছোট পশুর সংখ্যা

উত্তর ২৪ পরগনা

মোট পশুর সংখ্যার ঘনত্ব (সংখ্যা প্রতি বর্গ কি.মি.তে)

ছোট পশুর সংখ্যা প্রতি হাজার জনে (গ্রামীণ)

সপ্তদশ সর্বভারতীয় গৃহপালিত প্রাণী, কৃষি যন্ত্রপাতি ও মৎস্য - সংক্রান্ত শুমারি, পশ্চিমবঙ্গ

ভিত্তি তারিখ : ১৫.১০.২০০৩

উত্তর ২৪ পরগনা জেলা

পোল্ট্রী পাখির সংখ্যা

সপ্তদশ সর্বভারতীয় গৃহপালিত প্রাণী, কৃষি যন্ত্রপাতি ও মৎস্য - সংক্রান্ত শুমারি, পশ্চিমবঙ্গ
ভিত্তি তারিখ : ১৫.১০.২০০৩
উত্তর ২৪ পরগনা জেলা

পোল্ট্রি পাখির সংখ্যার ঘনত্ব (সংখ্যা প্রতি বর্গ কি.মি.তে)

পোল্ট্রি পাখির সংখ্যা প্রতি হাজার জনে (প্রক্ষিপ্ত)

ভিত্তি তারিখ : ১৫.১০.২০০৩

উত্তর ২৪ পরগণা জেলা　গোখাদ্য　জার্সি সংকর গরু

জেলা/ মহকুমা / ব্লক / পৌবসভা (গ্রা.-গ্রামাঞ্চল, শ.-শহরাঞ্চল)	কতখানি জমিতে ফডাব (গোখাদ্য) চাষ কবছেন (কাঠা)			পুং জাতীয় জার্সি সংকব গরু							স্ত্রী জাতীয় জার্সি সংকর গরু							মোট জার্সি সংকর গরু (১২+১৯)
						আড়াই বছবেব উপবে				মোট পুং জাতীয় জার্সি সংকব গরু (৬+৭+৮+৯+১০+১১)			আড়াই বছবেব উপবে				মোট স্ত্রী জাতীয় জার্সি সংকব গরু (১৩+১৪+১৫+১৬+১৭+১৮)	
অনুমান করা হয় যে হাওড়া জেলার নাম ও জেলা সদরের নাম ১৮৫৪ সালে হাওড়া থেকে রেলপথ খোলার সময় বহুল প্রচারিত হয়। সম্ভবত 'হাড়িরা' নামে একটি গ্রাম, যেটি হাওড়া শহর বা তার আশপাশে ছিল - সেই নাম থেকেই জেলার বর্তমান নামের উদ্ভব। ১৭১৩ খ্রীষ্টাব্দে দিল্লীতে সম্রাট ফারুকশিয়ারের সিংহাসনে আরোহণের সময় ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর বেঙ্গল কাউন্সিল তাঁর কাছে এক প্রতিনিধিদল পাঠিয়ে অন্যান্য প্রসঙ্গের সাথে ভাগীরথীর পশ্চিমে কলকাতার মুখোমুখি তাঁদের উপনিবেশ স্থাপনের জন্য কয়েকটি গ্রাম, যেমন শালিকা (শালকিয়া), হাড়িরা (হাওড়া), কাসুন্দী (কাসুন্দিয়া), রামকৃষ্ণপুর ও বাত্তের (বেতোর), দেবার আবেদন করলেন।

ভাষাতত্ত্ব অনুযায়ী 'হাড়িরা' থেকে 'হাওড়া' নামের উৎপত্তি মোটেই অসম্ভব নয়, বাংলা কথ্য ভাষাতে শব্দের এ ধরণের ক্রমবিবর্তন খুবই স্বাভাবিক। ফলে ধ্বনিগত মাধুর্য এবং প্রকৃতিগত রূপান্তর প্রক্রিয়ায় হাড়িরা>হাইড়িয়া>হাইড্যা থেকে হয় হাওড়া।

হাওড়া নামটির, অপর একটি মতানুসারে, হাবড় অর্থাৎ মুখ থুবড়ে পড়া, থেকে উৎপত্তি হয়েছে। এটির কারণ হচ্ছে হাওড়া নগরীর রাস্তার অসংখ্য গর্ত যা পূর্বে কোন অসাবধান পথচারীর মুখ থুবড়ে পড়ার কারণ হত। এটি খুবই কষ্টকল্পিত ব্যাখ্যা বলে মনে হয়। পূর্ববঙ্গে হাওড় বলে একটি কথা আছে যার অর্থ জলাভূমির গর্ত যা বর্ষাকালে জলে ভরা থাকে। এটি আপাতদৃষ্টিতে মোটামুটি বিশ্বাসযোগ্য উৎস কিন্তু আবার অন্যদিকে এই শব্দটি পশ্চিমবঙ্গে পরিচিত বলে মনে হয় না।

আরেকজন গবেষক অনুমান করেছেন যে হাওড়া নামটি হাড়িরা থেকে এসেছে, সেটি হয়তো আবার এসেছে হাড়োয়া বা হাওয়ার বা হাযব বা সায়র অর্থাৎ সমুদ্র যা একসময় এ পর্যন্ত বিস্তৃত ছিল অথবা হাবড়, যা ওড়িয়া ভাষা অনুসারে বহু গর্ত, খানাখন্দ ও খাঁড়িতে ভর্তি জমি। হাওড়া একসময় উড়িষ্যার অংশ ছিল এবং এখানে ওড়িয়া রাজা শাসন করতেন।

আপাতদৃষ্টিতে মনে হয় খুব সম্ভব জেলার ও জেলা সদরের নামের উদ্ভব প্রকৃতিগত রূপান্তর ও ধ্বনিগত মাধুর্যের জন্য হাড়িরা থেকে উৎপন্ন হয়েছিল, যা অষ্টাদশ শতাব্দীতে একটি গ্রাম ছিল ও বর্তমান হাওড়া ও তার আশপাশেই অবস্থিত ছিল।

আধুনিক অর্থে প্রশাসনিক একক হিসাবে এই জেলার রূপান্তর বহুদিন ধরে ধাপে ধাপে হয়েছে এবং প্রতিবেশী জেলাগুলির প্রশাসনিক কাঠামোর সাথে যুক্ত, যেমন হুগলী, বর্ধমান, ২৪ পরগনা ও কলকাতা, ১৭৬০ খ্রীষ্টাব্দে মীর কাসিম হাওড়াকে বর্ধমানের সঙ্গে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীকে দিয়ে দেন। কোম্পানীর উচ্চপদস্থ কর্মীদের দ্বারা এর রক্ষণাবেক্ষণ হত। এরা কোম্পানীতে যুক্ত হওয়ার সর্তাবলী অনুসারে এই জেলার নিষ্কর ও অনন্তকাল স্বত্ব পেয়েছিলেন। এই যুক্ত জমিগুলি সাময়িকভাবে তিন বছরের জন্য খাজনার বিনিময়ে চাষীদের ইজারা দেওয়া হয়েছিল। এই সময়কালে কোম্পানীর কাছে এই জমি রক্ষণাবেক্ষণের ব্যাপারে তাদের কোন দায় দায়িত্ব ছিল না। যেহেতু হাওড়া জেলার জমিগুলি তুলনামূলকভাবে অন্যান্য যুক্ত জায়গার জমির থেকে বেশী হারে ইজারা দেওয়া হয়েছিল। ফলস্বরূপ জেলার পাট্টাদার চাষীরা নির্ণিত মালগুজারি (জমির নির্ণিত খাজনা) দিতে পারলেন না। অর্পিত জেলাগুলির পাট্টাদার চাষীদের সাথে তিন বছর চুক্তির মেয়াদ শেষে ১৭৬৫ সালে কোম্পানী সারা বাংলার দেওয়ানী পেল। ১৭৬৯ সালের প্রবর্তিত প্রশাসনিক ব্যবস্থায় ভেরেলষ্ট বর্ধমানের প্রথম তত্বাবধায়ক হওয়ার ফলস্বরূপ হাওড়ারও তত্ত্বাবধায়ক হলেন।

মিঃ এস. ডেভিস বর্ধমানের প্রথম জেলা অফিসার হলেন ও তাঁর কর্তৃত্ব হাওড়াতেও বিস্তৃত হল। কিন্তু ফৌজদারী আইন প্রয়োগের ক্ষেত্রে হাওড়াকে কলকাতার অধীনে রাখা হল। পরবর্তীকালে যে সমস্ত প্রশাসনিক পরিবর্তন ১৭৭৪, ১৭৮১ ও ১৭৯০ সালে হল তার ফলে জেলাটি বর্ধমানের সাধারণ কর্তৃত্বাধীনই রয়ে গেল। ১৭৯৩ সালে কালেক্টরদের হাত থেকে সমস্ত বিচার সংক্রান্ত ক্ষমতা নিয়ে জজদের হাতে ন্যস্ত করা হল এবং হাওড়া বর্ধমানের সঙ্গে কলকাতার ভ্রাম্যমান বিচারালয়ের অন্তর্ভুক্ত হল। ১৭৯৩ সালে দশম বর্ষীয় জমি জরীপ ও কর নির্ধারনের ব্যবস্থা পাকা করা হল। এই ব্যবস্থার বিস্তার বর্ধমানেও করা হল যা স্বাভাবিক ভাবেই হাওড়াতেও বিস্তৃতি লাভ করল।

আবার ১৭৯৩ থেকে ১৮০০ খ্রীষ্টাব্দের ভেতর ২৪ পরগনাতে দেওয়ানী আদালতের অস্তিত্ব না থাকা থেকে বোঝা যায় যে হাওড়া হয় কলকাতার সাথে নয় বর্ধমানের সাথে যুক্ত ছিল। হাওড়ায় যে আইন বলবৎ ছিল সেটি আবার কলকাতায় বলবৎ ছিল না। ফলে প্রমাণিত হয় যে হাওড়া প্রকৃত পক্ষে একটি মফস্বল জেলার একটি অংশ ছিল এবং সেই জেলাটি বর্ধমান জেলা ছাড়া অন্য কোন জেলা হতে পারেনা। হাওড়ার শিবপুর ও শালকিয়া থানা দেওয়ানী ও ফৌজদারী সংক্রান্ত বিষয়ে ২৪ পরগনার কর্তৃত্বের অধীনে দিয়ে দেওয়া হল।

এর পরবর্তীকালে হাওড়া ধীরে ধীরে প্রশাসনিক দিক থেকে এত গুরুত্বপূর্ণ হয়ে উঠল যে ১৮৪১ সালে হাওড়া, শালকিয়া ও শিবপুরের জন্য একজন আলাদা যুগ্ম-ম্যাজিষ্ট্রেট নিয়োগ করার প্রস্তাব হল। এর আগে ২৪ পরগনার ম্যাজিষ্ট্রেট সপ্তাহে একবার করে আসতেন, সমস্ত ফৌজদারী মামলার বিচার আলিপুরেই হত। প্রস্তাবটি কার্যকর হতে দুবছর সময় লেগেছিল। দুজন ইউরোপীয় সার্জেন্টকে জনগণের সুরক্ষার জন্য নিযুক্ত করা হল। ১৮৪৩ সালের প্রথমভাগে সরকার যুগ্ম-ম্যাজিষ্ট্রেটের স্থলে একজন ম্যাজিষ্ট্রেট ৯০০ টাকা মাস মাইনেয় নিযুক্ত করতে বদ্ধপরিকর হলেন। নতুন কর্তৃত্বের পরিধি যা স্থিরীকৃত হল তাতে ২৪ পরগনার শালকিয়া থানা, আমতা, রাজাপুর, উলুবেড়িয়া, খাতড়া এবং হুগলীর বাগনান অন্তর্ভুক্ত হল, কিন্তু দেওয়ানী ও কর সংক্রান্ত সব বিষয়ের কর্তৃত্ব আগের মতই হুগলীর অধীনে রইল। ১৮৪৫ সালে হাওড়া প্রশাসনের কর্তৃত্বের পরিধিতে হুগলীর বৈদ্যবাটি থানার অধীন রিষড়া ও কেষ্টোরামপুরের দক্ষিণের কিছু গ্রাম যুক্ত হল। ১৮৪৬ সালে নদীর পশ্চিম দিকের অর্ধাংশ হাওড়ায় যোগ হবার ফলে হাওড়ার প্রশাসনিক কর্তৃত্ব আরও বৃদ্ধি পেল। এই বছর এবং ১৮৬১ সালের মধ্যে আরও কয়েকটি থানা যোগ হয়েছিল আবার তাদের বিযুক্তও করা হয়েছিল।

১৮৬৩ সাল পর্যন্ত হাওড়া প্রশাসন আইনগত ভাবে ২৪ পরগনার সাথেই যুক্ত ছিল। যখন ভারত সরকার হুগলী নদীকে ২৪ পরগণা জেলার পশ্চিম সীমানা করলেন তখনও কোন ব্যবস্থাই নেওয়া হলনা হাওড়াকে অন্য কোন জজের কর্তৃত্বাধীনে আনার। এই ভুলটি ১৮৬৪ সালে নজরে আসে, তখন যে-সমস্ত থানা হুগলীর অন্তর্গত ছিল সেই থানাগুলিকে হুগলীর সাথে যুক্ত করে এই ভুল শোধরানো হয়। ২৪ পরগনা ও হুগলীর অতিরিক্ত জজকে সে বছর হাওড়াতে নির্দিষ্ট সময়ের ব্যবধানে জুরির সাহায্য নিয়ে বিচার করার ক্ষমতা দেওয়া হয়।

১৮৬১ সালে পূর্বতন সদর দেওয়ানী আদালত একটি প্রস্তাব রাখেন যে হাওড়াতে একজন দেওয়ানী ও দায়রা জজ নিযুক্ত করা হোক যিনি ২৪ পরগনা ও হুগলীরও অতিরিক্ত জজ হবেন। এর প্রয়োজনীয়তা স্বীকার করা সত্ত্বেও সরকার এই প্রস্তাবের ব্যাপারে নিরব থাকল। যতক্ষণ না ১৮৬৫ সালে এটির পুনর্নবীকরণ ও পরিবর্তন সাধিত হল। যথা, সরকারী রাজস্ব সংক্রান্ত একটি কর্তৃত্ব হাওড়ায় সৃষ্টি করা, কিন্তু আগের মতই এটিও কার্যকর করা হলনা। আবার ১৮৬৭ সালে হাওড়াকে রাজস্ব, দেওয়ানী, ও ফৌজদারী সব বিষয়েই একটি আলাদা জেলা করবার জন্য সরকার সমীপে আরেকটি নতুন প্রস্তাব পেশ হল । শুধু নিয়মিত কোষাগার বিষয়টি বাদ থাকল। কিন্তু খরচের কথা ভেবে এই পরিবর্তন সমীচীন মনে না হওয়াতে, বিষয়টি আবার চাপা পড়ে গেল।

উনবিংশ শতাব্দীর চল্লিশ দশকে হাওড়ার জন্য আলাদাভাবে একজন ম্যাজিষ্ট্রেট নিযুক্ত হলেন। পুরোপুরি একটি স্বাধীন জেলা এর অনেকদিন পর পর্যন্ত হয়নি। এমনকি ১৯০৯ সালে জেলার শেষ গেজেটিয়ার ও' ম্যালি (O' Malley) যখন লেখেন তখনও রাজস্ব ও দেওয়ানী বিচার ব্যবস্থা হুগলীর কর্তৃত্বাধীন ছিল। ১৯৩৭ পর্যন্ত হাওড়ার জেলা ও দায়রা জজ হাওড়াতে হুগলীর অতিরিক্ত জেলা ও দায়রা জজ হিসাবে কাজ করতেন। এই দুই জেলার দেওয়ানী বিচার ব্যবস্থার বিভাজন ৮ই ডিসেম্বর, ১৯৩৭-এর বিজ্ঞপ্তি নং ৯১৫০-জে অনুসারে সম্পূর্ণ হয়। ফলস্বরূপ ১লা জানুয়ারী, ১৯৩৮ সাল থেকে হাওড়াতে একটি আলাদা জজের পদ সৃষ্টি হয়, এর আগেই ১৯২০ সালে কালেক্টরেটের রাজস্ব দপ্তরগুলি গঠিত হয়েছিল । তখন থেকে হাওড়ার কালেক্টর হুগলীর কালেক্টর থেকে মুক্ত হয়ে এসব ব্যাপারে স্বাধীন হলেন।

১৯৫৯ সালে উদয়নারায়ণপুরে পচাঁত্তরটি মৌজা নিয়ে একটি থানা হল যা আগে আমতা থানার অধীনে ছিল। অবশেষে ১৯৬৩ সালে এই জেলাকে বর্ধমান বিভাগ থেকে বের করে নিয়ে প্রেসিডেন্সি বিভাগের সাথে যুক্ত করা হয়।

ভূ-প্রকৃতি ঃ

পূর্বে হুগলী (ভাগীরথী) এবং পশ্চিমে রূপনারায়ণের মাঝে, আড়াআড়িভাবে দামোদর দ্বারা খণ্ডিত হাওড়া জেলা সমতল পাললিক ভূমি দিয়ে গঠিত। এই দুটো নদী এবং তাদের শাখা নদীগুলি জেলার ভেতর দিয়ে প্রবাহিত হওয়ার সময় দুটি ভাগ সৃষ্টি করে - উঁচু নদীর তীর এবং বড় জলাভূমি অথবা নীচুভূমি, যা এই দুরকম ভূমিকে আলাদা করে। এভাবে পরিষ্কার তিনটি ভূখণ্ড সৃষ্টি করে। একটি পূর্বের ভূখণ্ড যা হুগলী (ভাগীরথী) এবং এর শাখা সরস্বতী থেকে প্রসারিত হচ্ছে, একটি মাঝের ভূখণ্ড যার ওপর দিয়ে দামোদর ও তার শাখা কানা-দামোদর বা কৌশিকী প্রবাহিত হচ্ছে এবং পশ্চিমের ভূখণ্ড যা দামোদর ও রূপনারায়ণের মধ্যে বিস্তৃত।

ভূমি ঃ

ভূতত্ত্ব অনুসারে হাওড়া জেলা বাংলার অববাহিকার দক্ষিণ-পশ্চিম শাখার ওপর একটি স্থিতিশীল উঁচু ভূভাগে অবস্থিত। এই এলাকার প্রস্তরসমূহ একটি পুরু কালো আগ্নেয়শিলার ও তৃতীয় পর্যায়ভুক্ত পাললিক শিলাস্তরের নীচে বিন্যস্ত।

বিগত ভূতাত্ত্বিক পর্যায়ে এই জেলার অধঃক্ষেপণের পরিবেশ বেশীরভাগ অংশেই বদ্বীপশ্রেণীভুক্ত ছিল এবং বর্তমানে নদীমাতৃক। ফলে এটি একটি উচিত প্রশ্ন যে এই ভূমিখণ্ড গাঙ্গেয় (ভাগীরথীর) বদ্বীপে অন্তর্ভুক্ত হবে কিনা। ভূতাত্ত্বিক দিক দিয়ে দামোদরের শাখা প্রশাখা ও ছোটনাগপুরের নদীগুলি যেমন দামোদর, রূপনারায়ণ ইত্যাদি সবই ভাগীরথীর থেকে পুরোনো কারণ সবগুলিরই উৎপত্তি এমন এলাকাতে যা স্থিতিশীল ও বহু পুরোনো। কিন্তু হিমালয়, যেখান থেকে গঙ্গার উৎপত্তি হয়েছে, অতি সাম্প্রতিক ভূতাত্ত্বিক যুগের। দামোদরের প্রাচীন সঞ্চয় মূলতঃ মেটে রঙের বালি যা বর্তমান ভূপৃষ্ঠতলের নীচে পাওয়া যায়, এই মতবাদই প্রমাণ করে যে এই ভূখণ্ডটি তৈরী হয়েছে গঙ্গার (ভাগীরথীর) ও ছোটনাগপুরের নদীগুলির বদ্বীপগুলির সম্মিলনে।

ওপরের দিকের মাটি দামোদর থেকে প্রাপ্ত যা একেবারে উত্তর-পশ্চিমে (উদয়নারায়ণপুর থানায়) পাওয়া যায়, নোনা মাটি পাওয়া যায় দক্ষিণের অর্ধাংশে (শ্যামপুর, বাগনানের অংশ, উলুবেড়িয়া ও পাঁচলা থানায়), গঙ্গার নিম্নভূমির মাটি পাওয়া যায় পূর্বের অংশগুলিতে (সম্পূর্ণ বালী, মালিপাঁচঘরা, গোলাবাড়ী, হাওড়া, শিবপুর বাঁটরা, দুগাছা, ডোমজুর এবং সাঁকরাইলের কিছু অংশে এবং জগৎবল্লভপুর থানাতে) এবং দামোদরের সমতলের মাটি জেলার বাকী অংশে পাওয়া যায়।

খনিজ সম্পদ ঃ

এই জেলায় খনিজসম্পদ নেই বললেই চলে। এই জেলার পাললিকভূমি কৃষিকাজে খুবই প্রয়োজনীয়। এখানকার কাদামাটি ইঁট ও মাটির বাসনপত্রের কাঁচামালের সীমাহীন সরবরাহের একটি উৎস। প্যালিওসিন ও নিম্ন ইওসিন সময়কার বালির নীচে পেট্রোলিয়াম ও গ্যাস আছে।

জলসম্পদ

প্রধান নদী ও তাদের শাখাসমূহ ঃ

জেলার প্রধান নদীগুলি হল ভাগীরথী এবং এব শাখানদী সরস্বতী, দামোদর ও এর দুটি শাখা কানা-দামোদর (কৌশিকী) ও পুরোনো দামোদর এবং রূপনারায়ণ, জেলায় বহু খালও প্রবাহিত হয়েছে। ভাগীরথীর শাখানদীগুলি বেশীরভাগই প্রধান নদীর জোয়ার ভাঁটা থেকে সৃষ্ট এবং এগুলি দিয়ে ছোট গ্রাম্য নৌকা নিয়ে স্বল্পদূরত্বে যাওয়া যায়। সাঁকরাইল ও সিজবেরিয়া খালদুটি সরস্বতী নদী ও কানা-দামোদরের নিম্নাংশ। দামোদর থেকে প্রায় বারোটি শাখানদী বেরিয়েছে ও রূপনারায়ণেব থেকে তাব প্রায় অর্ধেক। দামোদরের শাখানদীগুলির মধ্যে অপেক্ষাকৃতি বেশী গুরুত্বপূর্ণ হচ্ছে মাদারিয়া, বাঁশপতি, ও গাইঘাটা (অথবা গিয়াঘাটা) খাল, রূপনারায়ণের হল হুড়হুড়িয়া ও বক্সী। বক্সী ও গাইঘাটা খাল একত্র হয়ে দামোদর ও রূপনারায়ণেব মাঝে একটি আঁকাবাঁকা জলস্রোত তৈরী করে। জেলার দক্ষিণ দিকে অপেক্ষাকৃত গুরুত্বপূর্ণ যে খালগুলি দুই নদী ব্যবস্থাই যুক্ত কবে সেগুলো হল উলুবেড়িয়া, লাহিড়ীপাড়া ও নাকালী খাল। উত্তরের দিকে, ২২°৩০´ উত্তরের ওপবে খালগুলো সাধারণত: উত্তর-দক্ষিণে প্রবাহিত হয়েছে, আবাব দক্ষিণে প্রবাহিত পশ্চিম-পূর্ব দিকে। ভাগীরথী হচ্ছে পশ্চিমের প্রধান জলপথ যার মাধ্যমে গঙ্গার জল বঙ্গোপসাগরে প্রবেশ করে।

ভাগীরথী ঃ

প্রাচীন সাহিত্য থেকে নিম্নবাংলার নদীপথ ও বনাঞ্চল সংক্রান্ত এক ভাসাভাসা ও ত্রুটিপূর্ণ ধাবণা ছাড়া আর কিছুই পাওয়া যায় না। নদীব গতিপথেব পবিবর্তন, বিশেষ কবে ভাগীবথীব, অবশ্য জেলাব গঠিই বলে দেয়। এব প্রধান ও সুপ্রাচীন গতিপথ ছিল সরস্বতীব আরও পশ্চিমে।

মহাদেশীয় কিছু পরিবর্তনেব ফলে হাওড়া জেলার উদ্ভব হয়। ভাগীবথী ছোটনাগপুবের বিভিন্ন নদীর উপবদ্বীপগুলির সাথে যুক্ত হয় ও গাঙ্গেয় বদ্বীপকে সমুদ্রেব দিকে এগিয়ে দেয যা উপদ্বীপের নদী প্রবাহে বাধা সৃষ্টি করে। এর ফলে উপদ্বীপের জলধারাগুলিও বাধাপ্রাপ্ত হয ও এদেব বয়ে আনা পলি ভাগীবথীকে আবও পূর্বে সরিযে দেয়। ভাগীবথীর কালনার দক্ষিণে ভাগীরথীর, বর্ধমানের দক্ষিণে দামোদবের ও আবামবাগের কাছে দ্বাবকেশ্বরের ঘাটালের উত্তরে শিলাই-এর এবং নোনা জমির সীমানার কাছে হলদি নদীর হঠাৎ বেঁকে যাওয়া এই উপসংহারের যথার্থতা প্রমাণ করে। এই বাঁকগুলি সম্ভবত: ছোটনাগপুরেব নদীগুলির প্রাচীন ভাগীরথীর খাঁড়িতে গিযে অবতরণ করত। বদ্বীপ যেমন দক্ষিণে এগিয়েছে ভাগীরথীর বিনুনীর আকাবেব খাঁড়িগুলি উধাও হযে গেছে।

সম্ভবত সাম্প্রতিক কালেই হাওড়ার নদীপথগুলির গতিপথের আঁকাবাঁকা চরিত্র আরও স্পষ্ট রূপ নিয়েছে যা বিনুনী পাকানো জলস্রোতের (যা কয়েক হাজাব বছব আগে ছিল) পববর্তী পর্যায়ে হয়েছে যখন অত্যধিক জলস্রোতের ভারে পাশের ভূমিক্ষয় হয়ে যাওয়ায় আঁকাবাঁকাভাবে যাওয়া অসম্ভব হয়ে দাঁড়ায়। যতটা পূর্বপবম্পরা থেকে জানা যায় ভাগীরথীর প্রধান স্রোত ১৮শ শতাব্দীর প্রথম দিক থেকেই বর্তমান গতিপথ বরাবর দক্ষিণের দিকে প্রবাহিত হত। নিশ্চিতভাবে অবশ্য এখনকার মজে যাওয়া সরস্বতী সম্বন্ধে কিছু জানা যায়না । কথিত আছে মধ্যযুগে সাতগাঁও-এর দক্ষিণে ভাগীরথীর প্রধান গতিপথ ছিল। আরও সম্প্রতিককালে ভাগীরথী (অথবা এর বিনুনী পাকানো স্রোতধারাগুলি) বর্তমান টালীর নালার একটি অংশ দিয়ে রাজাপুর-বারুইপুর এলাকাব (২৪ পরগনার মধ্যে) ভেতর দিয়ে প্রবাহিত হত যেখানে এর পলিতে ভরা পুরোনো খাত এখনও খুঁজে পাওয়া যায়। ভাগীরথী সম্ভবত সাঁকরাইলের নীচে সরস্বতীর খাঁড়ির কিছু অংশ গ্রাস করে নেয়। নীচু তীর ও অ-থিতোনো জমি বিচার করে এটা অসম্ভব মনে হয় যে ভাগীরথী তার প্রচুর পলিমাটিসহ বরাবর এখনকার খাঁড়ি দিয়েই প্রবাহিত হত অথবা এই খাঁড়িটি ওপরের দিকে সরস্বতীর মতই প্রবহমান ছিল যার তীরে পুরোনো বসতির চিহ্ন আবিষ্কৃত হয়েছে।

জাও ডি বারোস ও ব্লায়েভের (১৭শ শতাব্দীর প্রথমার্ধে) মানচিত্রে বেতোরের উল্লেখ দেখা যায় কিন্তু আবার ভ্যান ডেন ব্রুকের (১৭শ শতাব্দীর দ্বিতীয়ার্ধে) এবং পরবর্তীকালের মানচিত্রগুলিতে দেখা যায়না। ১৭শ শতাব্দীর পরবর্তী অংশে দুটি নতুন বসতির উদ্ভব হয় শালকিয়া ও থানা মাকুয়াতে। পরবর্তী স্থলে শিবপুরের বর্তমানের বটানিকাল গার্ডেনের সংলগ্ন দক্ষিণে, বাংলার বারো ভুঁইয়াদের অন্যতম প্রতাপাদিত্য ১৬শ শতাব্দীতে ওখানকার অধিবাসীদের আরাকানী ও পর্তুগীজ জলদস্যু ও ক্রীতদাস ব্যবসায়ীদের হাত থেকে রক্ষা করবার জন্য একটি মাটির দুর্গ তৈরী করিয়েছিলেন। স্থানীয় অধিবাসীদের সুরক্ষা দেওয়ার ফলে এই বসতিগুলি যশোহর, ত্রিবেণী, নিমতা ও হালিশহর থেকে অনেক সংখ্যক ব্রাহ্মণ পরিবারকে আকর্ষিত করে এনেছিল যাঁরা শহরের পার্থিব বৈভব ও সাংস্কৃতিক উন্নতির ব্যাপারে উৎসাহ যুগিয়েছিলেন।

ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর সময় শালকিয়াতে নুনের গোলা (গুদামঘর) তৈরী করা এখানকার গুরুত্ব বৃদ্ধিই নির্দেশ করে। আসলে শালকিয়ার দক্ষিণাংশ গোলাবাড়ী নামে এই নুনের গোলার জন্যই পরিচিত হয়েছিল। পরবর্তীকালে পূর্বতীরে কলকাতার দ্রুত বৃদ্ধির সাথে সাথে নদীর অপর তীরের বসতি সমূহ আনুষঙ্গিক হয়ে পড়ল। মাটির তৈরী জাহাজঘাটা, শিল্পের কেন্দ্র হিসাবে ১৭০৬ সালের আগেই শুরু হয়েছিল এবং ঐ সময়ের মধ্যে বেতোরের পতন সম্পূর্ণ হয়ে এসেছিল। ১৮শ শতাব্দীর শেষ দিকে মদের কারখানা, নীল কারখানা ও দড়ির কারখানা স্থাপনের সঙ্গে সঙ্গে নদীর ধারের গ্রাম্য চরিত্রের পরিবর্তন হ'তে লাগল। এই সময়কালকে জাহাজ তৈরী কারখানার উন্নতির সময়কাল হিসাবে চিহ্নিত করা যায় যা শতবর্ষ পরে ১৮৬৯ সালে কলকাতা পোর্ট ট্রাষ্ট ও ১৮৮৪ সালে ভিজে - জাহাজঘাটার (Wet dock) প্রতিষ্ঠাতে শেষ হয়।

কাটা গঙ্গা বলে ভাগীরথীর টালীর নালার নীচে বর্তমান গতিপথের উল্লেখ, অর্থাৎ গঙ্গার খোঁড়া খাঁড়ি, ওলন্দাজ ইঞ্জিনিয়ারদের দ্বারা আলিবর্দী খানের রাজত্বকালে (১৪শ শতাব্দীর মধ্যভাগে) নদীর তল কাটা ও তল গভীর করার কাজ মনে করিয়ে দেয়। বেতোরের ওপরে বর্তমান গতিপথের অংশটি যে ১৬শ শতাব্দীর প্রথম থেকে নদীর প্রধান খাঁড়ি ছিল তার প্রমাণ অনেক পুরোনো পুঁথি ও প্রচলিত বিশ্বাস থেকে মেলে।

১৯শ শতাব্দীর প্রথমার্ধে ভাগীরথী যে হাওড়ার পূর্বদিকে সরে গেছে তা এই ঘটনা থেকে বোঝা যায় যে ১৮০০ থেকে ১৮৫৪ খ্রীষ্টাব্দের মধ্যে নদীর তীর শালকিয়া থেকে ১০০ ফুট সরে গিয়ে খাঁড়িটিকে যথেষ্ট সংকীর্ণ করে দিয়েছে। খননের পরে শালকিয়া ও শিবপুরে পাওয়া নৌকার ভগ্নাবশেষ থেকে অনুমান করা যায় যে নদীটি আগে আরও পশ্চিম দিক দিয়ে প্রবাহিত হত, হাওড়া শহরের ভেতর গ্র্যাণ্ড ট্রাঙ্ক রোডের প্রায় ৪০০ ফুট পশ্চিমে একটি জলবিভাজিকা ইঙ্গিত করে যে এটি এই স্থানে ভাগীরথীর দক্ষিণ তীরের সবচেয়ে পুরোনো বাঁধ ছিল। নদী পূর্বদিকে সরে যাওয়ার ফলে ঘুসুড়ি, রামকৃষ্ণপুর ও শিবপুরে পলি জমে যায়।

হাওড়ার ওপরে নদীর ধারে বন্দর ও সামুদ্রিক বাণিজ্য ১৪শ শতাব্দী থেকেই চলেছে। পুরোনো ইউরোপীয় ব্যবসাদাররা হাওড়ার দিকের সমতল মাটির পাড় তাঁদের জাহাজ রক্ষণাবেক্ষণ ও মেরামতির প্রয়োজনে একটি মাটির জাহাজঘাটা তৈরীর জন্য উপযুক্ত মনে করেছিলেন, বেতোরের পুরোনো নোঙরখানা থেকে সম্ভবত: এই চিন্তার উদ্ভব। ১৭০৬ সালে এখানে জাহাজের তলার অংশ মেরামতি ও লাগাবার জন্য জাহাজঘাটা স্থাপনের পরিকল্পনা শুরু হয়েছিল যা সম্ভবত ভারতে এ ধরণের প্রথম কাজ ছিল। ১৭৯৬ সালে শালকিয়াতে একটি জাহাজঘাটা ছিল যা জনৈক মি: বেকনের জাহাজঘাটা নামে পরিচিত ছিল। গোলাবাড়ীতে পর্যায়ক্রমে ১৮০০ সালে ম্যাকেঞ্জি'র জাহাজঘাটা, ১৮১০ সালে 'পেটেন্ট স্লিপ' যা ১৮৪৯ সালে ক্যালেডোনিয়ান ডক হিসেবে নামকরণ করা হল, এবং ১৮১৫ সালে কমার্শিয়াল ডক তৈরী হল। ১৮২৩ সালে কলকাতায় স্ট্রেন্ড রোডের নির্মাণ করার ফলে এদিকের জাহাজঘাটাগুলি ভাঙ্গা পড়ল। জাহাজ প্রস্তুতকারীরা ধীরে ধীরে হাওড়ায় গিয়ে ওখানে জাহাজঘাটা বানালেন।

সরস্বতীর তীরে অবস্থিত সাতগাঁও বাংলার প্রাচীন রাজসিক বন্দর ছিল। কিন্তু যখন পর্তুগীজেরা ১৫১৮ ও ১৫৩০-এ ভারতে এলেন তখন তাঁরা চট্টগ্রামে পদার্পণ করলেন। এটা আপাতদৃষ্টিতে বোঝা গেল যে বাংলা বদ্বীপের প্রধান প্রবেশদ্বার পূর্বদিকেই ছিল। এই ব্যাপারটি আংশিকভাবে ডি' ব্যারোস সমর্থন করেছেন। উনি ১৫৪০ সালে বলেছেন-''সাতগাঁও' হচ্ছে বিশাল ও অভিজাত নগর যদিও চট্টগ্রামের মত এখানে লোক তত যাওয়া আসা করেনা যেহেতু এই বন্দরে জাহাজ ঢোকা ও বেরোবার জন্য তেমন সুবিধে নেই'' সীজার ফ্রেডরিকের বক্তব্য অনুসারে ১৫৬৫ সালেও বেতোরের (শিবপুরের) ওধারে বড় জাহাজ যেতোনা ''কারণ নদীর ওপরদিকে নদী খুবই অগভীর ও জলও স্বল্প, ছোট জাহাজগুলো সাতগাঁও-এ গিয়ে নোঙর করত।'' এখান থেকে বোঝা যায় এমনকি সরস্বতীর নিম্নভাগ মজে গিয়েছিল ও সাতগাঁও-এর প্রবেশপথ ছিল ভাগীরথী বরাবর ত্রিবেণী গিয়ে তারপর সরস্বতী দিয়ে প্রায় মাইল চারেক গিয়ে, সরস্বতীর নিম্নভাগে। বর্তমানে এটি এর নাম হারিয়ে সাঁকরাইল খাল হিসেবে পরিচিত হয়েছে।

দামোদর ঃ

দামোদর, যা সমুদ্রপৃষ্ঠ থেকে ৫৮২ ফুট উচ্চতায় হাজারীবাগ জেলা ছাড়ে, এই স্থান থেকে ভাগীরথীর সঙ্গে মিলিত হওয়ার স্থল পর্যন্ত এর দৈর্ঘ্য হচ্ছে ২৫০ মাইল। এটি হাওড়া জেলায় ঢোকে ডিহি ভুরসুট নামে একটি গ্রামের পাশ দিয়ে। দামোদরের বিভিন্ন শাখার মধ্যে কেবল দুটি বিশেষ উল্লেখযোগ্য, যথা কানা-দামোদর বা কৌশিকী ও অপর শাখাটি পশ্চিমে যেটাকে দামোদরই বলা হয়। কানা-দামোদর এই জেলাতে ইছানগর গ্রামের পূর্বে ঢুকে দক্ষিণে প্রবাহিত হয়ে এঁকেবেঁকে রাজাপুর ঝিলের পশ্চিমে যায়। শেষে দক্ষিণপূর্বে ঘুরে উলুবেড়িয়া শহর থেকে এক মাইল উত্তরে, এই জেলাতে প্রায় ২০ মাইল প্রবাহিত হয়ে, হুগলী নদীতে মিলিত হয়। পশ্চিমের শাখাটি জেলার একেবারে উত্তরে দামোদরের প্রধান স্রোতধারা থেকে বেরিয়ে প্রায ১৪ মাইল একেঁবেঁকে বয়ে আবার আমতার উত্তর-পশ্চিমে ৩ মাইল দূরে দামোদরের সাথে পুনর্মিলিত হয়।

দামোদরের এই ব-দ্বীপ সৃষ্টিকারী কাজ জোয়ার ভাঁটার ওপর নির্ভরশীল নয়, এটা শুরু হয় অনেক ওপরে যেখানে এটি পাহাড় থেকে বয়ে আনা অতিরিক্ত বালির বোঝা আর বইতে পারেনা। কাজেই এই বোঝা তলে নিক্ষিপ্ত হয়। এর ফলে নদী-উপত্যকার গভীরতা ও প্রস্থ কমে গিয়ে এর ধারাকে পার ভেঙ্গে সমতলে অসংখ্য শাখাতে বিভক্ত হয়ে বইতে বাধ্য করে।

১৮শ শতাব্দীর মধ্যভাগের পূর্বে ভাগীরথীর জলস্রোতের একটা বড় অংশ মায়াপুর বারের ওপরে প্রবেশ করে থাকবে যখন ওপারের শাখাগুলি, যেমন বাঁকা নদী কুন্তী নদী এবং কানা - দামোদর পালা করে সক্রিয় ছিল। ১৬০ বছর আগে দামোদরের শেষ গতিমুখ পরিবর্তনের সময় থেকে ভাগীরথীর ওপরের অংশ এই অতিরিক্ত জল সরবরাহ থেকে বঞ্চিত হয়েছে। পূর্ববর্তী বর্ণনা থেকে এটি পরিষ্কার যে ১৬শ শতাব্দী পর্যন্ত দামোদরের প্রধান স্রোত কানা - দামোদরেই সীমিত ছিল। ১৭শ শতাব্দীতে এটি বাঁকা-বেহুলা-গাঙ্গুর খাঁড়ি দিয়ে বয়েছে। ১৮শ শতাব্দীর প্রথমার্ধে নিম্ন দামোদরের আমতা গতিপথ গুরুত্ব লাভ করে কিন্তু এটিও পলিতে বুজে যায় এবং অবশেষে এই জলস্রোত কাকি ও মুন্ডেশ্বরী খাঁড়িতে সরে যায়।

রূপনারায়ণ ঃ

শিলাবতী ও দ্বারকেশ্বরের, যাদের উৎপত্তি পুরুলিয়াব পূর্বে, মিলিত ধারা দিয়ে ঘাটালের ঠিক পূর্বে রূপনারায়ণ গঠিত হয়েছে। এটি উত্তর ভাটোরা গ্রামে মুন্ডেশ্বরী নদীর সাথে মিলিত হয়ে এই জেলাতে প্রবেশ করেছে। কোলাঘাট পেরোবার পরে এটি একটি বিশাল চওড়া জলধারা হয়ে ভাগীরথীতে গেঁওখালির কাছে একটি সরু কিন্তু গভীর পথ দিয়ে হুগলী পয়েন্টেব বিপবীতে, জেমস ও মেবী রীচের নীচের দিকে, ভাগীরথীতে প্রবেশ করে। এই নদটি জেলাকে কোথাও ছেদ করে প্রবাহিত হয়নি কিন্তু পশ্চিম ও দক্ষিণ সীমানা বরাবর ৩৫ মাইলের মত প্রবাহিত হয়েছে।

খাল ও অন্যান্য নিকাশী খাঁড়ি ঃ

হাওড়া হচ্ছে পশ্চিমবঙ্গেব প্রথম জেলাগুলিব অন্যতম যেখানে অতি দূরত্ব বিশিষ্ট খালগুলিকে জলপোত জলাচলেব জন্য খোঁড়া হযেছিল, মেদিনীপুর খাল যা এই জেলাব ভেতব দিয়ে গেছে, ইডেন খাল তৈরী হওয়াব আগেই যাতাযাতের জন্য খুলে দেওয়া হযেছিল। বেঙ্গল-নাগপুব রেলপথ (বর্তমান দক্ষিণ-পূর্ব বেলপথ) খোলবাব আগেই খালটি কলকাতা থেকে মেদিনীপুর যাবাব প্রধান পথেব একটি অংশ ছিল। কিন্তু যাতায়াতেব ভীড় একসময় যা যথেষ্ট ছিল এখন রেলপথের প্রতিযোগিতার জন্য পড়ে গেছে।

একটি উন্নত প্রাকৃতিক খাঁড়ি আছে যাকে বলা হয় গাইঘাটা ও বক্সী খাল, ৭ মাইল লম্বা যা দামোদব ও রূপনাবায়ণ নদীর সংযোগস্থাপনকাবী হিসেবে কাজ কবে, দামোদব ভ্যালী কর্পোবেশনেব মত একটি সংস্থা স্থাপন কবাব ভাবনা ১৯২৫ সালে প্রথম শুরু হয়েছিল।

ডি.ভি.সি.-র পবস্পরছেদী খালেব সমন্বয়কৃত মোট আওতাভুক্ত এলাকা এই জেলায় হল ৫৬,৩৮৫ একর আমতা, জগতবল্লভপুর ও ডোমজুড় থানার মধ্যে। এখন পর্যন্ত পুরো এলাকায় সেচেব জল সরববাহ করার ব্যবস্থা করা যায়নি কিন্তু খাল খোঁড়া ও আনুষঙ্গিক কাজেব যথেষ্ট অগ্রগতি হয়েছে। ১৯৬৩-৬৪ সাল থেকে খবিফ ও রবি ফসল ডি.ভি.সি.ব খাল থেকে নিয়মিত সেচেব জল পাচ্ছে। ১৯৬৫-৬৬ সালে মোট ৩,৮৯৭ একর এই জেলাতে খরিফ ফসলেব জন্য ও ১,৭৭৭ একব রবি ফসলের জন্য সিঞ্চিত হয়েছিল।

উদ্ভিদ ও প্রাণী ঃ

শিবপুরেব উদ্ভিদ উদ্যানের বাইরে, যার একটি বিবরণ অধ্যায় -১৩-তে পাওয়া যাবে, জেলাতে বেশী কিছু নেই যা কোন উদ্ভিদ বিশারদের বিশেষ মনোযোগ আকৃষ্ট করবে। বেশীর ভাগ জমিতেই ধান চাষ হয় আর প্রাকৃতিক উদ্ভিদের দখলে খুব কমই থাকে। জেলাতে আর কোন বন বাকী নেই এবং যা উদ্ভিদ পাওয়া যায় তা তিনভাগে ভাগ করা যায় - জমি, গবাণগাছ ও জলজ।

জেলাব দক্ষিণ-পূর্বের সীমানায় ভাগীরথী বরাবর কিছু গরাণ জাতীয় গাছ পাওয়া যায়। জলপথে ও গ্রামাঞ্চলে অসংখ্য পুকুর ও জলাতে ব্যাপক কাজ হওয়াতে জেলাটি জলজ ও জলাভূমির উদ্ভিদে ধনী।

গুরুত্বপূর্ণ স্থানসমূহ ঃ

বোটানিকাল গার্ডেন

উদ্ভিদ উদ্যান বোটানিকাল গার্ডেন ঃ দক্ষিণ হাওড়ার ভারতীয় উদ্ভিদ উদ্যান পৃথিবীর সর্বাপেক্ষা বড উদ্যানগুলির অন্যতম। বিশাল বটগাছটিব (Great Banyan Tree) ওপবেব আচ্ছাদন পৃথিবীব সর্বাপেক্ষা বৃহৎ এবং গিনেস বুকস অফ রেকর্ড্স-এ (Guinness Books of Records) জায়গা কবে নিয়েছে। উদ্যানটিতে সারা পৃথিবীব থেকে সংগৃহীত গাছ ও লতাগুল্মের নানা বৈচিত্র্য আছে।

হাওড়া সেতু

হাওড়া সেতু (হাওড়া ব্রীজ) ঃ হাওড়া সেতু সম্ভবত: হাওড়া ও কলকাতাব প্রতীক হিসেবে পরিচিত। এটি পৃথিবীব সর্বাপেক্ষা ব্যস্ত সেতু। এটি হাওড়া ষ্টেশনের সাথে কলকাতার সংযোগ স্থাপন কবে। হাওড়া ষ্টেশন হচ্ছে দেশের সব থেকে বড় ষ্টেশনগুলিব অন্যতম।

বেঙ্গল ইঞ্জিনিয়ারিং কলেজ ঃ
উদ্ভিদ উদ্যানের সংলগ্ন বেঙ্গল ইঞ্জিনিয়াবিং কলেজ রাজ্যের সব থেকে পুবোনো প্রযুক্তিবিদ্যা শিক্ষার প্রতিষ্ঠান ও বিবেচিত (deemed) বিশ্ববিদ্যালয়।

বেলুড় মঠ

বেলুড় মঠ ঃ বেলুড় মঠ হচ্ছে হাওড়াব তৃতীয় আকর্ষণ। এটি বামকৃষ্ণ মিশনেব সদর দপ্তর।

গাদিয়ারা ঃ হাওড়ায় গাদিযারা হচ্ছে সবচেয়ে সুন্দর ও জনপ্রিয় বনভোজনেব জায়গা। এটি তিনটি নদীব মিলনক্ষেত্র হুগলী (গঙ্গা), রূপনাবায়ণ ও দামোদর। এখানে একটি ভগ্নপ্রাপ্ত দুর্গ-ফোর্ট মর্মিংটন আছে যা লর্ড ক্লাইভ দ্বারা নির্মিত হয়েছিল। ১৯৪২ সালের প্রলয়ঙ্করী বন্যায় দুর্গটির বিশাল ক্ষতি হয়েছিল। গাদিয়ারাতে একটি ছোট লাইট হাউস স্থাপিত হয়েছে।

বিদ্যাসাগর সেতু ঃ বিদ্যাসাগর সেতু আধুনিক কালেব বিস্ময়কব প্রযুক্তির নিদর্শন। এটি রেসকোর্সের কাছে অবস্থিত। এটি চিত্তাকর্ষক ও অতি আধুনিক দ্বিতীয় হুগলী সেতু। সেতুটি যমজ নগবী কলকাতা ও হাওড়াকে সংযুক্ত কবে। এটির উদ্বোধন ১৯৯২ সালে হয়েছিল, তৈরী কবতে খরচ পড়েছিল ৩৮৮ কোটি টাকা। এটি রোজ ৮৫,০০০ গাড়ীর ভার বহন করতে সক্ষম। এই সুন্দর সেতুটি হুগলীব দুই তীরে প্রসারিত, এটি নির্মিত হয়েছে বিদ্যমান হাওড়া সেতুর ভার লাঘব করার জন্য। এখান থেকে কলকাতা ও তার পাবিপার্শ্বিক অঞ্চলের মনোরম দৃশ্য দেখা যায়।

বিদ্যাসাগর সেতু

প্রাণী সম্পদ উন্নয়ন

প্রজাতি ও প্রজনন ঃ

স্বাধীনতার আগে থেকেই এই জেলার ঘোষ সম্প্রদায় উলুবেড়িয়া মহকুমার ৯ (নয়টি) কৃষিভিত্তিক ব্লকে, যেমন আমতা, বাগনান, উদয়নারায়ণপুর এলাকাগুলিতে, হাওড়া এবং কলকাতাতেও দুধের ব্যবসার জন্য গো-পালনে নিযুক্ত আছেন।

যেহেতু সারা দেশে বাংলার মিষ্টি বিখ্যাত, জেলাতে দুগ্ধজাত দ্রব্যের, যেমন ছানা, ঘি, মাখনের এক বিশাল চাহিদা আছে। হাওড়া জেলাতে দৈনিক দুধের উৎপাদন ৩.৭০ লাখ লিটার, ছাগলের দুধ সহ। মাথাপিছু প্রাপ্য দুধ হচ্ছে ৮১.৭ গ্রাম প্রতিদিন। জেলার গো-সংখ্যার মধ্যে দেশী গরুই বেশী (৯১%)। ক্রমাগত নিজেদের মধ্যে গ্রহণযোগ্য পরিবেশে প্রজননই এই জাতীয় প্রাণীর বিবর্তিত হওয়াব জন্য দায়ী। সাধারণত: বৃষ্টিপাত সমৃদ্ধ এলাকার গরুগুলি ছোট গঠনেব হয়। প্রাণীদের গঠনসংক্রান্ত বিদ্যাব অনুশীলন থেকে জানা যায় যে এ জেলার গরুগুলির সাথে বর্ণনা রহিত দেশী ধরনের গরু যার বৃদ্ধির হার খারাপ (১৫০ গ্রাম দিন), বিলম্বে পরিণত হওয়া (৬০মাস), দুধের স্বল্প উৎপাদন (৫০০ কেজি ৩০০দিনে)।

পশ্চিমবঙ্গ রাজ্যে দুধের বিশাল চাহিদা বিবেচনা করে সরকারের প্রাণীসম্পদ দপ্তর সংকর প্রজননের কর্মসূচী বর্ণনা-রহিত প্রকারের গরুর মধ্যে প্রজনন ক্ষমতা উন্নত করবার জন্য গ্রহণ করেছেন। এতে দুধের উৎপাদন বাড়াবার জন্য প্রাকৃতিক প্রজনন নয়, তরল বীর্য দিয়ে কৃত্রিম প্রজননের মাধ্যমে, গত পঞ্চাশের দশকের প্রথম দিক থেকে কয়েকটি গ্রাম বেছে নিয়ে এবং পরবর্তীকালে আই.সি.ডি.পি. কর্মসূচীর মাধ্যমে ব্যবস্থা করা হয়েছে। ফলে অনেক সংখ্যায় বিদেশী জাতের অস্তিত্ব দেখা গেল যেটা আরও বহু সমস্যার সৃষ্টি করল, যেমন, নিম্নগামী দুধ উৎপাদন, বন্ধ্যাত্ব ইত্যাদি। ফলস্বরূপ এই কর্মসূচী বাতিল করা হল। তারপর জোর দেওয়া হল কৃষি-আবহ অঞ্চল অনুসারে যৌন মিলনের পরিকল্পনার ওপর। হাওড়া জেলা পুরোনো পাললিক শ্রেণীর অঞ্চলে পড়ে যেখানে জমি খুবই উর্বর। কৃষকেরা বেশীর ভাগই অর্থকরী ফসল চাষে যুক্ত। গড় পরিব্যাপ্ত তাপমান ১০০° সে. থেকে ৪৪০° সে. মত উচ্চতায় পৌঁছায়। গড় বৃষ্টিপাত ১১৬২-৪১৪১ মি:মি:। এই অঞ্চলের জন্য যে প্রজনন নীতি গ্রহণ করা হয়েছে সেটা হল - সংকর প্রজনন জার্সি গির ও বিদেশী গরু দিয়ে এবং সংকর প্রজাতির নিজেদের মধ্যে ৫০%-এর ভেতর সীমিত রাখতে হবে।

সাধারণত: মোষেদের দুধ উৎপাদনের ব্যাপারে অবহেলা করা হয় যদিও মুড়া প্রজাতি একনাগাড়ে দুধ দিতে পারে। এ ব্যাপারে হাওড়া জেলাও ব্যতিক্রম নয়। কিন্তু শহর এলাকায় দুধ ব্যবসার জন্য এখানে বসবাসকারী বিহারী লোকদের মোষ পালন করতে দেখা যায়।

সেজন্য কোন প্রজনন নীতি এদের উন্নয়নের জন্য বিবেচিত হচ্ছে না। যদিও মোষের ক্ষেত্রে কৃত্রিম প্রজনন সম্প্রতি রাজ্য শুরু করেছে।

হাঁস-মুরগীর খামার ঃ

মাথাপ্রতি মাংস গ্রহণের পবিমান হচ্ছে ১.১৫ কেজি আর আই.সি.এম.আর.-এর সুপারিশ হচ্ছে মাথাপ্রতি বাৎসরিক ৯.৫ কেজি। মাথাপ্রতি ডিমের ব্যবহার হচ্ছে প্রতি বছর ২৩টি। দুধ উৎপাদনের যা অবস্থা তার মতই কোন বিশেষ প্রজাতির হাঁস মুবগী পাওয়া যায না এবং এখানে দেশী মুরগীর সংখ্যাই বেশী। গ্রামাঞ্চলে দেশী মুরগী ব্যবহার করা হয বাচ্চা ফোটাবাব জন্য, কিন্তু এদের ডিম পাড়ার ক্ষমতা নিম্নমানের। বাণিজ্যিক দিক দিয়ে ব্রয়লার খামার স্বনিযুক্তিব মাধ্যম হিসেবে বেকাব যুবকেবা পবিচালনা করেন ও এ দিয়ে বাজারের মাংসের চাহিদা পূরণ কবেন কিন্তু শুধু ডিম কেনা হয় অন্ধ্রপ্রদেশ থেকে কারণ ব্রয়লারের মত ডিম-পাড়া মুরগীর পালন অতটা লাভজনক নয়। সাধাবণত: ডিম-পাড়া মুবগী পালনে মুনাফা পেতে অনেক সময় নেয় ও ব্যবসায়িক দৃষ্টিভঙ্গী থেকে দামের দিক দিযেও প্রতিযোগিতামূলক নয়। তা সত্বেও এখনও এই জেলার ৬০% ডিমের উৎপাদন ঐ মুরগীর মাধ্যমে হয যারা ঘুবে ঘুবে জঞ্জাল থেকে খুঁদ-কুড়ো ইত্যাদি খেযেই বেঁচে থাকে এবং তাদের পালনে খরচ প্রায় নেই। এই ব্যবস্থা বিশেষ কবে দাবিদ্র্যসীমার নীচে বসবাসকাবীদেব জন্য, বিশেষ করে তাঁদের মধ্যে মহিলাদের জন্য খুবই উপযুক্ত ও তাঁদের এ ব্যাপারে উৎসাহ দেওয়া প্রয়োজন। উন্নত ধরনের মোরগ ও পুরুষ হাঁস বিতরণ করা হয় প্রাণী সম্পদ উন্নয়ন দপ্তবেব ভর্তুকি-যুক্ত পবিবার ভিত্তিক কর্মসূচীর মাধ্যমে, প্রতিবছর ফলস্বরূপ ডিমের উৎপাদন দিনে দিনে দেশী মুরগীর বংশগত উন্নতি সাধনের ফলে বৃদ্ধি পাচ্ছে যা ১৬ লাখ হাঁস-মুরগীর সংখ্যার মধ্যে মোটামুটি জেলাতে ১০ লাখ হবে।

ছাগলের খামার ঃ

কালো বাংলা প্রজাতির ছাগল হচ্ছে বিখ্যাত তার মাংসের গুণমান ও চামড়ার উৎকৃষ্ট গুণমানের জন্য। এ প্রজাতিই হাওড়া জেলাতে খুব বেশী পাওয়া যায়। কিন্তু পালন কবাব রেওয়াজ এখনও সনাতনী প্রথায়, বিশেষ করে খোলা অবস্থায় চলে বেড়ানোর, যা এখনও গ্রামাঞ্চলের গৃহবধুরা করে থাকেন। বৈজ্ঞানিক প্রথায় ও বাণিজ্যিক প্রয়োজনে ছাগল পালনে স্বল্প নিবিড় ব্যবস্থান্বিত অবস্থা এখনও চালু হয়নি। জেলার চাষীদের মধ্যে জ্ঞানের অভাবও আছে। সুতরাং প্রাণীসম্পদ উন্নয়ন দপ্তরেব প্রশাসন ক্রমাগত বৈজ্ঞানিক প্রথায় ছাগল পালনে ও সচেতনতা বৃদ্ধির কর্মসূচী নিয়ে চলেছেন ত্রিস্তর সচেতনতা বৃদ্ধিব প্রশিক্ষণের মাধ্যমে। এছাড়াও সময়সূচী অনুসারে স্বাস্থ্যশিবিরও করা হয়। ছাগলপালনে উদ্যোক্তাদের উন্নত করার কর্মসূচী বালী-জগাছা, ডোমজুড় ও শ্যামপুর-১ ও ২ নম্বর ব্লকে হাতে নেওয়া হয়েছে।

শুয়োরের খামার ঃ

নিম্নতম আর্থ-সামাজিক স্তরে অবস্থিত গ্রামের গরীব শ্রেণীর জীবিকা হিসেবে শুয়োর পালন করা হয়ে থাকে এবং তাঁদের বিজ্ঞান ভিত্তিক শুয়োর পালনের কোন ক্ষমতাই নেই। অতএব পরিবার-ভিত্তিক কর্মসূচী সমূহ (শুয়োরের বাচ্চা পালন) দারিদ্র্যসীমার নীচে বসবাসকারীদের মধ্যে শুয়োরপালন জনপ্রিয় করবার জন্য রূপায়িত হচ্ছে। এরা কালো গ্রাম্যপ্রজাতির শুয়োর পালনে অভ্যস্ত। এদেব থেকে পঞ্চায়েত দ্বাবা নির্বাচিত লোকের মধ্যে সাদা ইয়র্কশায়ার-প্রজাতির শুয়োরের বাচ্চার উৎপাদনশীলতা বাড়াবার জন্য বিতরণ করা হয় যাতে উপকৃত লোকেরা লাভজনক ভাবে রোজগার করে নিজেদের জীবিকা নির্বাহ করতে পারেন। এ পর্যন্ত ভালো সংখ্যক শুয়োরের-খামার স্বল্প নিবিড় উপায়ে শ্যামপুরে ১ ও ২, বালী-জগাছা ব্লকে তৈরী কবা হয়েছে।

প্রাণীস্বাস্থ্য ও অসুখ অনুসন্ধান ঃ

জেলাতে প্রাণীস্বাস্থ্য যত্নের ব্যবস্থা নিম্নরূপ ঃ

১। এস.এ.এইচ.সি, বি.এ.এইচ. সি, এ.বি.এ.এইচ.সি ও এ.ডি.এ.সি.-তে অসুস্থদের চিকিৎসা।

২। অসুখের তত্ত্বাবধান

৩। প্রতিষেধক দ্বারা টীকাকরণের মাধ্যমে মহামারী প্রতিরোধ করা।

৪। জাতীয় গুরুত্বপূর্ণ অসুখের সুষ্ঠু নিয়ন্ত্রণ।

৫। পরজীবি-উদ্ভূত অসুখের নিয়ন্ত্রণ।

৬। নিয়মিত স্বাস্থ্য শিবিরের আয়োজন।

এই জেলার প্রাণীস্বাস্থ্য শাখা আই.এ.এইচ ও ভ.বি., কলকাতা-র সাহায্য নিয়ে স্বাস্থ্য যত্ন-ব্যবস্থার তত্ত্বাবধান ও রূপায়ণে যুক্ত আছে পশুরোগ-লক্ষণ সংক্রান্ত পরীক্ষাগার (২), বি.এ.এইচ.সি (১৪), এ.বি.এ.এইচ.সি. (১১) ও এ.ডি.এ.সি. (১৫৭)-র মাধ্যমে।

জাতীয় গুরুত্বপূর্ণ অসুখের সুষ্ঠু নিয়ন্ত্রণের ব্যাপারে আঞ্চলিক রোগ নির্ণয় পরীক্ষাগার, কলকাতা থেকে তাদের প্রদর্শিত রূপরেখা অনুসারে ব্যবস্থা নেওয়া হয় গবাদিপশু ও হাঁস-মুরগীর প্রত্যেকটি অসুখ অনুসারে।

ও.আই.ই. প্রয়োজন সম্পাদনের জন্য প্রাণীরোগ তত্ত্বাবধানের নিমিত্ত খবর আদানপ্রদানের জন্য (এ.ডি.এস.আই.এস.) সফ্টওয়ার তৈরী করা হয়েছে জেলা তথ্য-অধিকারীর মাধ্যমে রূপায়ণের জন্য। সচেতনতা সৃষ্টি ও পঞ্চায়েত অধিকারীদের উৎসাহিত করাই তাঁর দায়িত্ব। ফলস্বরূপ প্রাণীসম্পদ উন্নয়ন দপ্তরের এককের মাধ্যমেই অসুখ হওয়া ও তা টের পাওয়া মাত্রই খবর পাওয়া যাবে।

প্রাণীখাদ্যের উন্নয়ন ঃ

নিয়মিত ও স্বল্পব্যয়ে দুধ উৎপাদনের জন্য ও প্রাণীস্বাস্থ্য বজায় রাখবার জন্য প্রাণীখাদ্য অত্যন্ত প্রয়োজনীয়। প্রাণীসম্পদ উন্নয়ন দপ্তর এর প্রসার শাখার মাধ্যমে চাষীদের উৎসাহিত করছেন যখন থেকে মূল গ্রামীণ কর্মসূচী (key village scheme) প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার সময় শুরু হয়। কিন্তু এই কর্মসূচী প্রচণ্ড জমির অভাবের জন্য বহু জনসংখ্যাকীর্ণ জেলাতে বিরূপভাবে প্রভাবিত হয়। (জনসংখ্যার ঘনত্ব ২৯১৩ প্রতি বর্গ হেক্টর)।

পরিসংখ্যান থেকে দেখা যায় ৮৯৬৯০ হেক্টর জমি মোট ১,৪৮,৪৫০ হেক্টর জমির মধ্যে কৃষির জন্য প্রাপ্তব্য। অতি সামান্য ৪৬০ হেক্টর জমি প্রাণীখাদ্য চাষের জন্য প্রয়োজনীয় ৬৬৬৭ হেক্টরের মধ্যে প্রাণীখাদ্য চাষের জন্য ব্যবহার্য। সুতরাং ৬২০৭ হেক্টর জমি কম পড়ছে। প্রাণীখাদ্য চাষের জমির অভাব খেয়াল রেখে প্রাণীসম্পদ উন্নয়ন দপ্তর থেকে পতিত জমিতে (১৮০ হেক্টর) ও পশুচারণক্ষেত্র (১০ হেক্টর) পঞ্চায়েতের সাহায্যে প্রাণীখাদ্য চাষের উদ্যোগ নেওয়া হচ্ছে।

এই জেলায় ১৯৯৯ থেকে নিয়মিত প্রাণীখাদ্য বিতরণ ও প্রাণীখাদ্য উন্নয়নের পরিবার-ভিত্তিক কর্মসূচী নেওয়া হচ্ছে।

এ পর্যন্ত যে সব কর্মসূচী হাতে নেওয়া হয়েছিল ও সাফল্য লাভ কবা গেছে (২০০৪-২০০৪) তা নিম্নে দেওয়া হল ঃ

ক্রমিক সংখ্যা	কর্মসূচী	ব্যবহৃত বীজ (কেজি)	উপকৃত চাষীদেব সংখ্যা	প্রাণীখাদ্য চাষের জমি (আয়তন)	প্রাণীখাদ্যে উৎপাদন (মেট্রিক টন)
১।	কেন্দ্রীয় মিনিকিট				
	(ক) খরিফ	২০১ প্যাকেট	৩৫১	৩৪	৪০.০০
	(খ) রবি	১৫০ প্যাকেট	-	১১	৮.৯০
২।	রাজ্য মিনিকিট				
	(ক) খরিফ	৮৫ প্যাকেট	২০১	১৩	৭৪.০০
	(খ) রবি	১.৬ প্যাকেট	-	১৬	৯.০০
৩।	বিক্রয়যোগ্য বীজ				
	(ক) খরিফ	১৫৫ প্যাকেট		৬	৩২
	(খ) রবি	১০২ প্যাকেট		২	৩৩
৪।	সর্বসময়ের বীজ (বিক্রয়যোগ্য)	৪.৫ প্যাকেট		৬	৪৫

ওপরের জিনিসগুলি ছাড়া পঞ্চায়েত দ্বারা নির্বাচিত উপকৃতদের ১৫টি কিষাণ ভ্যান, ৯৫টি একক সমৃদ্ধ খড় ও সেলুলোজের বাতিল পদার্থ ও ১৩০টি প্রাণীখাদ্য প্রদর্শনেব জমি পঞ্চায়েত নির্বাচিত উপকৃতদেব মধ্যে বিতরণ করা হয়েছিল।

আগেকার সি.এম.সি.এস. খামারকে বাগনান-২ নং ব্লকে অবস্থিত, প্রাণীখাদ্য উন্নয়ন কেন্দ্র হিসেবে পরিবর্তিত করা হয়েছে প্রাণীখাদ্যের বীজ ও কলম হাওড়া জেলার বিভিন্ন ব্লকে বিতরণেব জন্য।

হাওড়া জেলা ঃ মূল পরিসংখ্যান

ভৌগোলিক আয়তন (বর্গ কিলোমিটারে), ২০০১

গ্রাম এলাকা	শহর এলাকা	মোট
১২৪৭.৭৬	**২১৯.২৪**	**১৪৬৭.০০**

প্রশাসনিক বিভাগ (সংখ্যায়)

মহকুমা ২০০৩	থানা ২০০২	ব্লক ২০০৩	পৌরসভা / পৌরনিগম ২০০৩	পঞ্চায়েত সমিতি ২০০৩	গ্রাম পঞ্চায়েত ২০০৩	মৌজা ২০০১	শহর ২০০১
২	**১৯**	**১৪**	**২+১ (পৌঃনিঃ)**	**১৪**	**১৫৭**	**৭৩৪**	**৫৩**

জনসংখ্যা ও জনসংখ্যার ঘনত্ব (প্রতি বর্গ কিলোমিটারে)

জনসংখ্যা			জনসংখ্যার ঘনত্ব		
১৯৮১	১৯৯১	২০০১	১৯৮১	১৯৯১	২০০১
২৯,৬৬,৮৬১	**৩৭,২৯,৬৪৪**	**৪২,৭৩,০৯৯**	**২০২২**	**২৫৪২**	**২৯১৩**

প্রতি দশকে শতকবা হিসাবে জনসংখ্যার তফাৎ (%)

১৯৭১-১৯৮১	১৯৮১-১৯৯১	১৯৯১-২০০১
২২.৭৪	**২৫.৭১**	**১৪.৫৭**

গ্রাম ও শহর এলাকার জনসংখ্যা (সংখ্যায়)

জনসংখ্যা (সংখ্যায)						শহর এলাকার জনসংখ্যা সমগ্র জনসংখ্যার অনুপাতে কত শতক	
১৯৯১			২০০১				
মোট	গ্রাম এলাকা	শহর এলাকা	মোট	গ্রাম এলাকা	শহর এলাকা	১৯৯১	২০০১
৫৭,১৫,০৩০	**৪৯,৫৪,৬৫৩**	**৭,৬০,৩৭৭**	**৬৯,০৬,৬৮৯**	**৫৮,২০,৪৬৯**	**১০,৮৬,২২০**	**১৩.৩০**	**১৫.৭৩**

লিঙ্গ অনুসারে জনসংখ্যার বিভাজন

১৯৯১			২০০১		
পুরুষ	মহিলা	প্রতি শত মহিলা অনুপাতে পুরুষের সংখ্যা	পুরুষ	মহিলা	প্রতি শত মহিলা অনুপাতে পুরুষের সংখ্যা
১৯,৮২,৪৫৭	**১৭,৪৭,১৮৭**	**১১৩**	**২২,৪১,৮৯৮**	**২০,৩১,২০১**	**১১০**

তপশিলী জাতি ও উপজাতির জনসংখ্যা (সংখ্যায়), ২০০১

তপশিলী জাতি			তপশিলী উপজাতি		
মোট	গ্রাম এলাকা	শহর এলাকা	মোট	গ্রাম এলাকা	শহর এলাকা
৬,৫৮,৭০৭	**৪,৬৫,৮৩৭**	**১,৯২,৮৭০**	**১৯,১৬৮**	**৮৫৪৩**	**১০,৬২৫**

হাওড়া জেলা ঃ গৃহপালিত প্রাণী সম্পদ সম্পর্কিত পরিসংখ্যান

দুধ ও ডিম উৎপাদনের আনুমানিক হিসাব, ২০০৩-২০০৪

দুধ উৎপাদন ('০০০টন)		ডিম উৎপাদন (লক্ষ)		মোট মাংসের উৎপাদন (মেট্রিক টন)	মোট পশম উৎপাদন (মেট্রিক টন)
মোট দুধ উৎপাদন	জনপ্রতি প্রাপ্য দুধ/দৈনিক গ্রামে	বার্ষিক উৎপাদন	জনপ্রতি প্রাপ্য ডিম/প্রতি বছর (সংখ্যায়)		
১৩১.১৯	**৮১.৭০**	**১০৬৫.৪২**	**২৪.৫৫**	**২৬,৪৫৫.০০**	**০.৬৮৬**

বিভিন্ন দুধ সংঘ দ্বারা সম্পাদিত ক্রমপুঞ্জিত কাজ, ২০০৩-২০০৪

দৈনিক গড় দুধ আহরণ দুধ সমবায় সংঘ থেকে (০০০ কেজি)	দৈনিক গড় দুধ বিপণন (০০০ কেজি)	সমবায় সংঘ কর্তৃক সংঘটিত	যে কটি দুধ সমবায় সংঘ কাজ করছে	যে কটি সমবায় সংঘ পঞ্জীকৃত হয়েছে	চাষী-সভ্যর সংখ্যা	স্ত্রী-বাছুর কতটি জন্মেছে
৫০.০০	**৫০.০০**	**২১০**	**১২৬**	**১২৬**	**২২,১০২**	**২০৫৭**

প্রতিনিধিত্বমূলক সংস্থা দ্বারা কৃত কৃত্রিম প্রজনন, ২০০৩-২০০৪

সরকারী	ব্যক্তিগত	সমবায় সমিতি	মোট কৃত কৃত্রিম প্রজনন	মোট কৃত্রিম প্রজনন কেন্দ্রের সংখ্যা
২৭,৮৫৮	**৭৯৮৭**	-	**৩৫,৮৪৫**	**২১৩**

৩১শে মার্চ, ২০০৪-এ সংস্থা সমূহের সংখ্যা

জেলা পশু হাসপাতাল	প্রতিষ্ঠানের সংখ্যা								
	মহকুমা পশু স্বাস্থ্যকেন্দ্র	ব্লক পশু স্বাস্থ্যকেন্দ্র	অতিরিক্ত ব্লক পশু স্বাস্থ্যকেন্দ্র	পশু উন্নয়ন সাহায্যকেন্দ্র	কৃত্রিম প্রজনন কেন্দ্র	চেক পোষ্ট	রোগান্তরিত করাব কেন্দ্র	নজরদারী কেন্দ্র	রোগমুক্ত বন্ধনী
১	**২**	**১৪**	**১১**	**১৫৭**	**২১৩**	**২**	-	-	-

জেলা বোগ নির্ণয় পরীক্ষাগার	রোগ নির্ণয় পরীক্ষাগার	সি.এম. এস. সাব-ডিপো	যক্ষা নিয়-ন্ত্রণ কেন্দ্র	রোগ সম্পর্কিত অনুসন্ধানের পবীক্ষাগার	এম.এ. এইচ.সি. ও বোগ নির্ণয়াগার	আঞ্চলিক বোগ অনুসন্ধান পরীক্ষাগাব	টি.বি.ও ব্রুসেলো-সিস নিযন্ত্রণ কেন্দ্র	জলাতঙ্ক নিয়ন্ত্রণ কেন্দ্র	পবীক্ষা-গাবেব পশু বাখাব ঘব	পুলোব্যাম ও মাবেক অসুখেব নিয়ন্ত্রণ কেন্দ্র	এল.ডি. আর.ও অন্যান্য প্রশিক্ষণ কেন্দ্র
১	**১**	-	-	-	-	-	-	-	-	-	-

ব্লক পশু স্বাস্থ্যকেন্দ্র, অতিরিক্ত ব্লক পশু স্বাস্থ্যকেন্দ্র এবং পশু উন্নয়ন সাহায্য কেন্দ্রে চিকিৎসা (সংখ্যায়)

ব্লক পশু স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসিত রোগের সংখ্যা				পশু উন্নয়ন সাহায্য কেন্দ্রে চিকিৎসিত রোগের সংখ্যা	মফঃস্বলে চিকিৎসিত রোগের সংখ্যা	সর্বমোট সংখ্যা
ব্লক পশু স্বাস্থ্যকেন্দ্র	অতিরিক্ত ব্লক পশু স্বাস্থ্যকেন্দ্র	ব্লক ও অতিরিক্ত ব্লক পশু স্বাস্থ্যকেন্দ্র	মোট			
৭৫,১১৪	**৪৯,৮৭৯**	-	**১,২৪,৯৯৩**	**১,২৭,১১৯**	-	**২,৭২,২৩৩**

পৌনঃপুনিকতা ও প্রজাতি বিভাজন অনুসারে বিভিন্ন রোগের চিকিৎসা, ২০০৩-২০০৪ (নতুন রোগী)

ঘোড়া জাতীয় প্রাণী	গরু জাতীয় প্রাণী	ভেড়া ও ছাগল	হাঁস ও মুরগী জাতীয় প্রাণী	অন্যান্য	শ্রেণী বহির্ভূত তথ্য	সর্বমোট
-	**১,২৪,৮৮৮**	**৬৩,০৪১**	**৭৩,৪৬২**	**৭৭৫৬**	-	**২,৬৯,১৪৭**

পৌনঃপুনিকতা ও রোগের শ্রেণী বিভাগ অনুসারে বিভিন্ন ধরণের সংস্থায় বিভিন্ন রকম রোগের চিকিৎসা, ২০০৩-২০০৪ (নতুন রোগী)

ছোঁয়াচে রোগ	শল্য চিকিৎসা খাসিকরণসহ	স্ত্রীরোগ বিদ্যা সংক্রান্ত	পরজীবীয় এন.জি. এবং কুঁজে ঘা সহ	শরীরজনিত অসুখ বিসুখ
৫৬৭৪	১৩,৭৬০	২৬,৮৪০	৭৫,৮৮৮	৮৯,৩৮৪

জলাতঙ্কজনিত	রক্তক্ষরণ জাতীয়	অন্যান্য অসুখ বিসুখ	শ্রেণী বহির্ভূত তথ্য	মোট
১১৭	৭৯৬	৫৬,৬৮৮	-	২,৬৯,১৪৭

বিভিন্ন ভাইরাসজনিত অসুখের কারণে আক্রান্ত, অসুস্থ ও মৃত পশুর সংখ্যা, ২০০৩-২০০৪

রিণ্ডার পেষ্ট			পা ও মুখের অসুখ			শুয়োরের জ্বর			ছাগলের জলবসন্ত		
আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত
-	-	-	১৯	১৩২০	২	-	-	-	১	১৬	-

জলাতঙ্ক			পেষ্টে-ডি-পেটিট রুমিনান্ট			সর্বমোট সংখ্যা		
আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত
১	১	১	২	৩৪	২৩	২৩	১৩৭১	২৬

বিভিন্ন ব্যাক্টিরিয়াজনিত অসুখের কারণে আক্রান্ত, অসুস্থ ও মৃত পশুর সংখ্যা, ২০০৩-২০০৪

অ্যান্থ্রাক্স			রক্ত বিষাক্ত হওয়ার কারণে			ব্ল্যাক কোয়ার্টার		
আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত
-	-	-	-	-	-	৪	৬	৪

স্যালমনেলিওসিস			এভিয়ান স্যালমনেলিওসিস			সর্বমোট		
আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত
-	-	-	-	-	-	৪	৬	৪

বিভিন্ন পরজীবীজনিত অসুখের কারণে আক্রান্ত, অসুস্থ ও মৃত পশুর সংখ্যা, ২০০৩-২০০৪

ট্রাইপানাসোমিওসিস			প্যারামনিস্টোমিওসিস			থাইলিরিওসিস			কক্কাই ডায়োসিস			এভিয়ান কক্কাই ডায়োসিস		
আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত
-	-	-	-	-	-	-	-	-	-	-	-	-	-	-

অ্যাম্ফিস্টোমিওসিস			নেজাল গ্রানুলোমা			হেমোচুরিয়া			অ্যানাপ্লাসমোসিস			সর্বমোট		
আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত
-	-	-	-	-	-	-	-	-	-	-	-	-	-	-

হাঁস-মুরগী সংক্রান্ত অসুখে আক্রান্ত, অসুস্থ ও মৃত হাঁস-মুরগী জাতীয় পাখীর সংখ্যা, ২০০৩-২০০৪

রানীক্ষেত অসুখ			হাঁসের প্লেগ			আই.বি.ডি.			পাখীর কলেরা		
আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত
৩৩	২৯৪৮	১৭৩০	২	৫৭	১১	২৯	১১৮৩	৫২৮	-	-	-

পাখীর প্লেগ			হাঁসের কলেরা			প্লাসমোসিস			বাবাসিওসিস			সর্বমোট		
আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত
২	১১৭	-	-	-	-	-	-	-	-	-	-	৬৬	৪৩০৫	২২৬৯

ভাইরাস, ব্যাক্টিরিয়া ও পরজীবীজনিত অসুখে, আক্রান্ত, অসুস্থ ও মৃত পশু পাখীদের সংখ্যা, ২০০৩-২০০৪

ভাইরাসজনিত অসুখ			ব্যাক্টিরিয়াজনিত অসুখ			পরজীবীজনিত অসুখ		
আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত
২৩	১৩৭১	২৬	৪	৬	৪	-	-	-

হাঁস-মুরগীর ভাইরাসজনিত অসুখ			সর্বমোট		
আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত
৬৬	৪৩০৫	২২৬৯	৯৩	৫৬৮২	২২৯৯

ছোঁয়াচে ও সংক্রমণশীল অসুখ প্রতিরোধকল্পে টিকা দেওয়ার সংখ্যা, ২০০৩-২০০৪

মহামারী রোধে টিকাকরণ (প্রাণীদের)									
রিণ্ডার পেষ্ট	অ্যানথ্রাক্স	রক্ত বিষাক্ত হওয়ার কারণে	ব্ল্যাক কোয়ার্টার	পা ও মুখের অসুখ	জলাতঙ্ক	ছাগলের জলবসন্ত	শুয়োরের জ্বর	অন্যান্য	মোট
-	৯৮০	১৫	৫৬৭	-	৪৮৯	-	৮৮	-	২১৮৯

মহামারীজনিত কারণে অসুস্থতা ও মৃত্যু রোধে টিকাকরণের সংখ্যা (পাখীদের), ২০০৩-২০০৪

রানীক্ষেত অসুখ	মুরগীর জলবসন্ত	মুরগীর কলেরা	হাঁসের প্লেগ	হাঁসের কলেরা	অন্যান্য	মোট
-	-	-	-	-	-	-

পশুপাখীদের ছোঁয়াচে ও সংক্রমণশীল রোগের মহামারীজনিত কারণে অসুস্থতা ও মৃত্যু রোধে টিকাকরণের সংখ্যা, ২০০৩-২০০৪

মহামারী রোধে টিকাকরণ		সর্বমোট
পশু	পাখী	
২১৩৯	-	২১৩৯

পশুদের রোগ প্রতিরোধে টিকাকরণের পৌনঃপুনিকতা, ২০০৩-২০০৪

মহামাবী রোধে পাইকাবী হারে টিকাকরণ (পশুদেব)									
রিণ্ডার পেষ্ট	অ্যান্থ্রাক্স	রক্ত বিষাক্ত হওয়ার কাবণে	ব্ল্যাক কোয়ার্টাবি	পা ও মুখের অসুখ	জলাতঙ্ক	ছাগলের জলবসন্ত	শুয়োরের জ্বর	অন্যান্য	মোট
–	–	–	–	৫৬,২৯৩	–	৯৪২৪	–	–	৬৫,৭১৭

পাখীদের রোগ প্রতিরোধে টিকাকরণের পৌনঃপুনিকতা, ২০০৩-২০০৪

রানীক্ষেত অসুখ	মুরগীর জলবসন্ত	মুবগীর কলেবা	হাঁসের প্লেগ	হাঁসের কলেরা	অন্যান্য	মোট
১,৬৪,৪০৮	৯৫২	–	২৩,৯৮০	–	–	১,৮৯,৩৪০

পশু-পাখীদের রোগ প্রতিরোধে টিকাকরণের পৌনঃপুনিকতা, ২০০৩-২০০৪

মহামারী রোধে পাইকারী হাবে টিকাকবণ		সর্বমোট
পশু	পাখী	
৬৫,৭১৭	১,৮৯,৩৪০	২,৫৫,০৫৭

হাওড়া জেলা ঃ অন্যান্য পরিসংখ্যান

সর্বসমেত মোট ফসলী এলাকা, নীট ফসলী এলাকা এবং ফসল ফলানোর প্রগাঢ়ত্ব (হাজার হেক্টরে), ২০০২-২০০৩

সর্বমোট ফসলী এলাকা	নীট ফসলী এলাকা	ফসল ফলানোর প্রগাঢ়ত্ব
১৭৬.৫০	**৮৩.১৩**	**২১২**

জমি সদ্ব্যবহারের মোটামুটি ধরণ (হেক্টরে), ২০০২-২০০৩

বিবৃত এলাকা	বিবৃত এলাকার শ্রেণীবিভাগ		
	চাষযোগ্য এলাকা	বন বাদে যে এলাকা চাষের জন্য ব্যবহারযোগ্য নয়	বন এলাকা
১,৩৮,৬৭৫	**৯২,১৭১ (৬৬.৪৭)**	**৪৬,৫০৪ (৩৩.৫৩)**	**- (-)**

জমির সদ্ব্যবহার (হেক্টরে)

মোট জমি	চাষযোগ্য জমি	গোখাদ্য চাষের জমি	গোচারণ ভূমি ও ঝোপঝাড়	ফলের বাগান	মিশ্র গাছ ও ফসল গুচ্ছ	চাষযোগ্য পতিত জমি	বনের জমি	অ-চাষযোগ্য পতিত জমি
১,৩৬,০২০	**৮৯,৬৯০**	**৪৬০**	**-**	**২০২৪**	**২৩৪০**	**১০০**	**-**	**১৪০**

মাসিক বৃষ্টিপাত (মিলিমিটারে), (দশ বছরের গড় ১৯৯৩-২০০২)

জানুয়ারী	ফেব্রুয়ারী	মার্চ	এপ্রিল	মে	জুন	জুলাই	আগষ্ট	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
১৪.৬	**২৪.০**	**৪২.৬**	**৬০.০**	**১১৬.৭**	**২১৬.২**	**৩০২.৪**	**৩০৫.২**	**২৬৭.৩**	**১০৫.৭**	**৩৮.৫**	**১.৭**

শতকরা সাক্ষর (লিঙ্গ-ভিত্তিক), ২০০১

মোট	পুরুষ	মহিলা
৭৭.০১	**৮৩.২২**	**৭০.১১**

শিশু শিক্ষা কেন্দ্রের সংখ্যা

বছর	শিশু শিক্ষা কেন্দ্রের সংখ্যা
২০০২-২০০৩	**২৮৫**

বিদ্যালয়ের সংখ্যা (সাধারণ শিক্ষা), ২০০২-২০০৩

প্রাথমিক	জুনিয়র / উচ্চ	উচ্চ ও উচ্চ মাধ্যমিক
২২১৬	**১১২**	**৫০৬**

ছাত্রছাত্রীর সংখ্যা (সাধারণ শিক্ষা), ২০০১-২০০২

ক্লাস	প্রথম থেকে পঞ্চম	ষষ্ঠ থেকে অষ্টম	নবম থেকে দশম	একাদশ থেকে দ্বাদশ
ছেলে	২,০৬,২৩৪	১,২৩,৮৪১	৬৩,৬৩৬	২৯,৮৪৬
মেয়ে	২,০২,৭৩৩	৬১,৬০৪	২০,২১২	৬৩৫৮
মোট	**৪,০৮,৯৬৭**	**১,৮৫,৪৪৫**	**৮৩,৮৪৮**	**৩৬,২০৪**

শিক্ষকের সংখ্যা (সাধারণ শিক্ষা), ২০০১-২০০২

বিদ্যালয়	প্রাথমিক	জুনিয়র উচ্চ	উচ্চ	উচ্চ মাধ্যমিক
পুরুষ	৪৩৯০	৩৭০	২৫৭০	১৭৯৮
মহিলা	২৪৭৮	১৪৯	১১১১	১১০৩
মোট	**৬৯৬৯**	**৫১৯**	**৩৬৮১**	**২৯০১**

কলেজের শ্রেণীবিভাগ, ২০০২-২০০৩

নাম	সংখ্যা
সাধারণ ডিগ্রী (বি.এ.,বি.এস.সি.,বি.কম.) কলেজ	১৬
বি.এড./ফার্মাসী, স্নাতকোত্তর বি.টি. কলেজ	১
শারীরশিক্ষার কলেজ	-
আইন কলেজ	-
গার্হস্থ্য বিজ্ঞান কলেজ	-
গানের কলেজ	-
চারুকলার কলেজ	-
ইঞ্জিনিয়ারিং ও প্রযুক্তিবিদ্যার কলেজ	২
চিকিৎসা শাস্ত্রের কলেজ	০
ব্যবসায় ব্যবস্থাপনা শিক্ষার বিদ্যায়তন	১ (ইউ.ডি.)
বিশেষ প্রকারের বিদ্যায়তন	-
মোট	**২০**

স্বাস্থ্য সম্পর্কিত সুবিধাবলী, ২০০২

হাসপাতাল	সংখ্যা	বিছানা সংখ্যা
হাসপাতাল (সরকারী, স্থানীয় অর্থে পরিচালিত ও স্বেচ্ছা সেবামূলক প্রতিষ্ঠান	**২৫**	**২৮৭৬**
স্বাস্থ্যকেন্দ্র (গ্রামীণ, ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র)	**৫৬**	**৫৬৩**
সাব-সেন্টার	**৩৪৮**	
মোট স্বাস্থ্য প্রতিষ্ঠান	**৪২৯**	**৩৪৩৯**

জেলায় শিল্পে উৎপাদিত দ্রব্যের নীট আনুমানিক হিসাব ও তার বর্তমান মূল্য, ২০০১-২০০২ (লাখ টাকায়)

কৃষি (পশুপালন সহ)	বনসৃজন	মৎস্য পালন	খনি ও খাদান	শিল্পোৎপাদন		নির্মাণ	বিদ্যুৎ, গ্যাস ও জল সরবরাহ
				পঞ্জীকৃত	অ-পঞ্জীকৃত		
৯১,৯৪৬	**৩২৭৩**	**৭৩৩৩**	-	**৫১,৭৭৯**	**১,৩০,৩৭৯**	**২৮,৫৭৯**	**৭৪৪৫**

পরিবহণ, সংরক্ষণ ও যোগাযোগ			বাণিজ্য, হোটেল ও রেষ্টুরেন্ট
রেলপথ	অন্যান্য উপায়ে পরিবহণ ও সংরক্ষণ	যোগাযোগ	
৭৭০৮	**৩৩,২০৬**	**১৩,৫৭২**	**১,৩৪,৯৭৭**

ব্যাঙ্ক, ব্যবসায় ও বীমা	স্থাবর সম্পত্তি, বাসস্থান ও ব্যবসা সংক্রান্ত সেবাসমূহের মালিকানা	জন প্রশাসন	অন্যান্য সেবাসমূহ	মোট	বাৎসরিক মাথাপিছু আয়
৮৯,৫৮৮	**৫৯,৭৬৫**	**২৯,৫৮০**	**৬৯,২৩১**	**৭,৫৮,৩৬১**	**১৭,৬০৩.০৮**

কৃষি-আবহ অঞ্চলের থানা অনুসারে মোটামুটি বিভাজন

কৃষি-আবহ অঞ্চল	কৃষি-আবহ উপ-অঞ্চল	থানাসমূহ
নিম্ন গাঙ্গেয় সমতল অঞ্চল, এলাকা - ৩	গাঙ্গেয় বন্যাপ্রবণ সমতলভূমি	শ্যামপুর (এস.পি), উলুবেড়িয়া (এল.পি), বাউড়িয়া, সাঁকরাইল,পাঁচলা (এস.পি), ডোমজুড় (এল.পি) লিলুয়া, বালী, হাওড়া
	তীববর্তী বন্যাপ্রবণ সতমলভূমি	শ্যামপুব (এল.পি), বাগনান (পি) ডোমজুড় (এস.পি)
পূর্ব মালভূমি এবং পার্বত্য অঞ্চল, এলাকা - ৭	বিন্ধ্যাযণ পুবোনো বন্যাপ্রবণ সমতলভূমি	উদয়নারায়ণপুর, জগতবল্লভপুর, পাঁচলা (এল.পি), উলুবেড়িয়া (পি), বাগনান

পি = থানার আংশ, এল.পি = থানাব বড় অংশ (মোটামুটি ৭৫% - ৮৫%)

এস.পি = থানার সামান্য অংশ (মোটামুটি ৫% - ১৫%)

কৃষি-আবহ উপ-অঞ্চলের চরিত্রগত বিভাজন

গাঙ্গেয় বন্যাপ্রবণ সমতল অঞ্চলের আবহাওয়া

আবহাওয়ার বৈশিষ্ট্য	মার্চ থেকে মে	জুন থেকে অক্টোবর	নভেম্বর থেকে ফেব্রুয়ারী
বৃষ্টিপাত (মিঃ মিঃ)	২৩৩.৮	১২০৬.০	৬৭.৮
বায়ুর তাপমাত্রা অধিকতম সে.	৩৫.০	৩২.২	২৭.৪
বায়ুর তাপমাত্রা নিম্নতম সে.	২৩.১	২৫.৬	১৫.৬
আপেক্ষিক আর্দ্রতা (%)	৫৮.০	৮০.০	৬৫.০
শিশিরপাত	অপর্যাপ্ত	অপর্যাপ্ত	অপর্যাপ্ত

সমুদ্রতীরবর্তী বন্যাপ্রবণ সমতলভূমি অঞ্চলের আবহাওয়া

আবহাওয়ার বৈশিষ্ট্য	মার্চ থেকে মে	জুন থেকে অক্টোবর	নভেম্বর থেকে ফেব্রুয়ারী
বৃষ্টিপাত (মিঃ মিঃ)	১৯৫.০	১৪৭৫.২	৮২.৮
বায়ুব তাপমাত্রা অধিকতম সে.	৩৪.০	৩২.০	২৮.২
বায়ুর তাপমাত্রা নিম্নতম সে.	২৪.৮	২৬.০	১৬.০
আপেক্ষিক আর্দ্রতা (%)	৭২.০	৮২.০	৬৮.০
শিশিরপাত	অপর্যাপ্ত	অপর্যাপ্ত	পর্যাপ্ত

বিন্ধ্যায়ন পুরোনো বন্যাপ্রবণ সমতলভূমি অঞ্চলের আবহাওয়া

আবহাওয়ার বৈশিষ্ট্য	মার্চ থেকে মে	জুন থেকে অক্টোবর	নভেম্বর থেকে ফেব্রুয়ারী
বৃষ্টিপাত (মিঃ মিঃ)	১৩৭.২৩	১২০৬.১২	৬৬.৬৮
বায়ুর তাপমাত্রা অধিকতম সে.	৩৫.৩৭	৩২.০	২৭.০
বায়ুর তাপমাত্রা নিম্নতম সে.	২৩.২৪	২৫.২৬	১৫.১৬
আপেক্ষিক আর্দ্রতা (%)	৪৪.৫৮	৭৮.৮০	৫৫.৬৫
শিশিরপাত	অপর্যাপ্ত	অপর্যাপ্ত	পর্যাপ্ত

জেলাভিত্তিক পশুখাদ্য ও পশুখাদ্য গাছ বিভাজন

কৃষি-আবহ উপ-অঞ্চল	জেলা অনুসারে বিভাজন	পশুখাদ্য	পশুখাদ্য গাছ
গাঙ্গেয় বন্যাপ্রবণ সমতলভূমি	হাওড়ার পূর্বাংশ	নেপিয়ার ঘাস, সঙ্কব নেপিয়ার, গিনি ঘাস, পারা ঘাস, দুব ঘাস, কাউপী, ওট্‌স, টিওসিন্টে সেন্ট্রো, অঞ্জন ঘাস, সুদান ঘাস, লুসার্ণ, জওয়ার, বারসিম, মকাই, গুয়ার, সূর্যমুখী, কুডজি, সেটারিয়া, স্টাইলো, রোড্‌স ঘাস, নাট ঘাস	আম, বাঁশ, বাবুল, বট, কাঁঠাল, কলা, সুবাবুল, নিম, শিশু, বিলাতী বাবুল, ধৈঞ্চা, অ্যাকাসিয়া, অশ্বত্থ,টারমিনলিয়া, তেতালী, ঘোড়ানিম, বকফুল, শিরীষ, বের
তীরবর্তী বন্যাপ্রবণ সমতলভূমি	হাওড়ার দক্ষিণাংশ	গিনি ঘাস, পারা ঘাস, দুব ঘাস, নাট ঘাস, অঞ্জন ঘাস, স্টাইলো, সেন্ট্রো	বাঁশ, কাঁঠাল, আম, সুবাবুল, অশ্বত্থ, বট বাবুল
বিন্ধ্যায়ণ পুরোনো বন্যাপ্রবণ সমতলভূমি	হাওড়ার মধ্যাংশ	নেপিয়ার ঘাস, সঙ্কর নেপিয়ার, গিনি ঘাস, পারা ঘাস, দুব ঘাস, কাউপী, ওট্‌স, টিওসিন্টে সেন্ট্রো, অঞ্জন ঘাস, সুদান ঘাস, লুসার্ণ, জওয়ার, বারসিম, মকাই, গুয়ার, সূর্যমুখী, কুডজি, সেটারিয়া, রোড্‌স ঘাস, স্টাইলো,	আম, বাঁশ, বাবুল, বট, কাঁঠাল, কলা, সুবাবুল, নিম, শিশু বিলাতী বাবুল, ধৈঞ্চা, অ্যাকাসিয়া, অশ্বত্থ,টারমিনলিয়া, তেতালী, ঘোড়ানিম, বকফুল, শিরীষ, বের

সপ্তদশ সর্বভারতীয় গৃহপালিত প্রাণী, কৃষি যন্ত্রপাতি ও মৎস্য – সংক্রান্ত শুমারি, পশ্চিমবঙ্গ

হাওড়া জেলা ভিত্তি তারিখ ঃ ১৫.১০.২০০৩

হাওড়া জেলা ঃ এক নজরে

বিষয়	সংখ্যা	সংখ্যা প্রতি হাজার জনে (প্রক্ষিপ্ত)	ঘনত্ব (প্রতি বর্গ কি.মি.তে)	গ্রামীণ অংশ (%)	ঘনত্ব (প্রতি বর্গ কি.মি.তে) পশ্চিমবঙ্গ	ঘনত্ব (প্রতি বর্গ কি.মি.তে) ভারত (সাময়িক)
সংকর জাতীয় গরু	৩৭,১৪৭	৮	২৭	৮৬.৯৩	২৩	৮
দেশিয় গরু	৩০৩,০২৫	৬৮	২১৮	৯৭.০৭	১৮০	৫২
মোট গরু	৩৪০,১৭২	৭৭	২৪৫	৯৫.৯৫	২০৩	৬০
মহিষ	৯,১১৫	২	৭	৪৭.৯৫	১০	৩২
ভেড়া	৩৭০	০	০	১০০.০০	১৬	২০
ছাগল	১৮৯,৩৪৪	৪৩	১৩৬	৯৫.৪৩	১৩২	৪১
শূকব	১,১৫০	০	১	৬৫.৯১	১০	৫
কুকুর	৪০,৪৪৬	৯	২৯	৬৪.৭৭	১৮	৯
দেশি মুরগি	৪৪৩,৪৬৯	১০০	৩১৯	৯৫.৭৭	৩১৯	৭৮
উন্নত মুরগি	৩৪৪,৭৫৬	৭৮	২৪৮	৮৩.৬৬	১০৫	৭২
মোট মুরগি	৭৮৮,২২৫	১৭৭	৫৬৭	৯০.৪৭	৪২৫	১৪৯
দেশি হাঁসা, হাঁস ও হাঁসের বাচ্চা	২৪৪,৯৩৩	৫৫	১৭৬	৯৬.৯৬	১৪২	৯
উন্নত হাঁসা, হাঁস ও হাঁসের বাচ্চা	১২,৯৩৮	৩	৯	৭৮.৬০	৫	১
মোট হাঁসা, হাঁস ও হাঁসেব বাচ্চা	২৫৭,৮৭১	৫৮	১৮৫	৯৬.০৪	১৪৭	১০
টার্কি, কোয়েল ও অন্যান্য পোল্ট্রি পাখি	১৭,৬৯৯	৪	১৩	৫৫.৫৮	৫	১
মোট পোল্ট্রি পাখি	১,০৬৩,৭৯৫	২৩৯	৭৬৫	৯১.২৪	৫৭৬	১৬০
কাঠের লাঙ্গল	২,৫৪১	১	২	১০০.০০	২১	-
ইস্পাতেব লাঙ্গল	৫৯	০	০	১০০.০০	৪	-
পশুচালিত গাড়ি	৩	০	০	১০০.০০	৮	৩৩
কৃষি ট্রাক্টর	১,৪৪৪	০	১	৯৯.৯৩	০	৮
শক্তিচালিত লাঙ্গল	৩৪৫	০	০	১০০.০০	০	১
মৎস্যজীবী পবিবারের সভ্য সংখ্যা	১৯,২৮০	৪	১৪	৭৮.৪৫	১০	৪৭
মৎস্য-সংক্রান্ত কার্যে যুক্ত সভ্য সংখ্যা ঃ						
অর্ন্তদেশীয় (মাছ ধরা)	৩,২০১	১	২	৫৫.১৭	২	২
অর্ন্তদেশীয় (মাছ চাষ)	১,০৭৭	০	১	৩৯.০০	১	২
সামুদ্রিক (মাছ ধরা)	৩২০	০	০	১০০.০০	০	১

ভিত্তি তারিখ ঃ ১৫.১০.২০০৩

জন প্রতি সংকর জাতীয় গরুর অনুপাত
উঃ
পঃ
পূঃ
দঃ
বালী পৌরসভা
উদয়নারায়ণপুর
ডোমজুড়
হাওড়া পৌরনিগম
বাগনান-১
প্রতি হাজার জনে সংকর জাতীয় গরুর সংখ্যা
২ এর কম
২ - ৪
৫
৬
৭
৮
৯ - ১০
১১
১২ - ১৩
১৪ - ১৯
১৯ এর বেশি

ভিত্তি তারিখ ঃ ১৫.১০.২০০৩

জন প্রতি দেশিয় গরুর অনুপাত
উঃ
পঃ
পূঃ
দঃ
বালী পৌরসভা
উদয়নারায়ণপুর
আমতা-২
হাওড়া পৌরনিগম
প্রতি হাজার জনে দেশিয় গরুর সংখ্যা
৪ এর কম
৪ - ৫
৬ - ১৭
১৮ - ৩০
৩১ - ৪৩
৪৪ - ৫১
৫২ - ৮৩
৮৪ - ১০২
১০৩ - ১১৬
১১৭ - ১৮৫
১৮৬ - ১৯৪
১৯৪ এর বেশি

মহিষের সংখ্যার ঘনত্ব
উঃ
পঃ
পূঃ
দঃ
বালী পৌরসভা
উদয়নারায়ণপুর
আমতা-১
আমতা-২
হাওড়া পৌরনিগম
পাঁচলা
উলুবেড়িয়া-২
বাগনান-১
বাগনান-২
উলুবেড়িয়া-১
শ্যামপুর-২
শ্যামপুর-১
ঘনত্ব
(সংখ্যা প্রতি বর্গ কিঃ মিঃ)
১ এর কম
১
২ - ৬
৭
৮ - ৩২
৩৩ - ৫০
৫১ - ৫৫
৫৫ এর বেশি

জন প্রতি মহিষের অনুপাত
উঃ
পঃ
পূঃ
দঃ
বালী পৌরসভা
উদয়নারায়ণপুর
জগৎবল্লভপুর
বালী-জগাছা
আমতা-১
আমতা-২
পাঁচলা
উলুবেড়িয়া-২
বাগনান-১
উলুবেড়িয়া পৌরসভা
বাগনান-২
উলুবেড়িয়া-১
শ্যামপুর-২
শ্যামপুর-১
প্রতি হাজার জনে
মহিষের সংখ্যা
১ এর কম
১
২
৩
৪ - ৬
৭
৭ এর বেশি

জন প্রতি ভেড়ার অনুপাত
উঃ
পঃ
পূঃ
দঃ
বালী পৌরসভা
উদয়নারায়ণপুর
জগৎবল্লভপুর
ডোমজুড়
বালী-জগাছা
আমতা-১
হাওড়া পৌরনিগম
আমতা-২
সাঁকরাইল
পাঁচলা
উলুবেড়িয়া-২
বাগনান-১
উলুবেড়িয়া পৌরসভা
বাগনান-২
উলুবেড়িয়া-১
শ্যামপুর-২
শ্যামপুর-১
প্রতি হাজার জনে ভেড়ার সংখ্যা
০
১

ভিত্তি তারিখ ঃ ১৫.১০.২০০৩

জন প্রতি ছাগলের অনুপাত
উঃ
পঃ
পূঃ
দঃ
বালী পৌরসভা
উদয়নারাযণপুব
জগৎবল্লভপুর
বালী-জগাছা
হাওড়া পৌরনিগম
উলুবেড়িয়া পৌরসভা
উলুবেড়িয়া-১
প্রতি হাজার জনে ছাগলের সংখ্যা
৫ এর কম
৫ - ৮
৯ - ১৬
১৭ - ২৮
২৯ - ৩৯
৪০ - ৪৫
৪৬ - ৫৪
৫৫ - ৬২
৬৩ - ৭৭
৭৮ - ৮৪
৮৫ - ৯২
৯২ এর বেশি

ভিত্তি তারিখ ঃ ১৫.১০.২০০৩

জন প্রতি শূকরের অনুপাত
উঃ
পঃ
পূঃ
দঃ
বালী পৌরসভা
উদয়নারায়ণপুর
জগৎবল্লভপুব
ডোমজুড়
বালী-জগাছা
আমতা-১
আমতা-২
হাওড়া পৌরনিগম
সাঁকরাইল
পাঁচলা
উলুবেড়িয়া-২
বাগনান-১
উলুবেড়িয়া পৌবসভা
বাগনান-২
উলুবেড়িয়া-১
শ্যামপুর-১
প্রতি হাজার জনে
শূকরের সংখ্যা
০
১

মুরগির সংখ্যার ঘনত্ব
উঃ
পঃ
পূঃ
দঃ
বালী পৌরসভা
ডোমজুড়
আমতা-১
আমতা-২
বাগনান-১
উলুবেড়িয়া-১
শ্যামপুর-২
ঘনত্ব
(সংখ্যা প্রতি বর্গ কিঃ মিঃ)
১০২ এর কম
১০২ - ২৯২
২৯৩ - ৩০৮
৩০৯ - ৩৮৯
৩৯০ - ৪৩৩
৪৩৪ - ৪৬১
৪৬২ - ৫১৮
৫১৯ - ৫৬৬
৫৬৭ - ৬৬৮
৬৬৯ - ৭৬৫
৭৬৬ - ১১২৮
১১২৮ এর বেশি

জন প্রতি মুরগির অনুপাত
উঃ
পঃ
পূঃ
দঃ
বালী পৌরসভা
বালী-জগাছা
হাওড়া পৌরনিগম
সাঁকরাইল
উলুবেড়িয়া-১
শ্যামপুর-২
শ্যামপুর-১
প্রতি হাজার জনে মুরগির সংখ্যা
৫ এর কম
৫ - ৫৭
৫৮ - ৭১
৭২ - ১৩৬
১৩৭ - ১৬৯
১৭০ - ১৯৮
১৯৯ - ২৩৭
২৩৮ - ২৪৫
২৪৬ - ২৫৯
২৬০ - ২৮২
২৮৩ - ৩২৪
৩২৪ এর বেশি

ভিত্তি তারিখ ঃ ১৫.১০.২০০৩

জন প্রতি হাঁসের অনুপাত
উঃ
পঃ
পূঃ
দঃ
বালী পৌরসভা
জগৎবল্লভপুব
আমতা-১
হাওড়া পৌরনিগম
উলুবেড়িয়া-১
প্রতি হাজার জনে হাঁসের সংখ্যা
৩ এর কম
৩
৪ - ১৩
১৪ - ৩০
৩১ - ৩৭
৩৮ - ৬৫
৬৬ - ৮৭
৮৮ - ১১৩
১১৪ - ১২৪
১২৫ - ১২৯
১৩০ - ১৪৪
১৪৪ এর বেশি

সপ্তদশ সর্বভারতীয় গৃহপালিত প্রাণী, কৃষি যন্ত্রপাতি ও মৎস্য - সংক্রান্ত শুমারি, পশ্চিমবঙ্গ

হাওড়া জেলা

ভিত্তি তারিখ ঃ ১৫.১০.২০০৩

গবাদি পশুর সংখ্যা

সংকর জাতীয় গরু
দেশীয় গরু
মহিষ
আমতা-১
আমতা-২
বাগনান-১
বাগনান-২
বালী-জগাছা
ডোমজুড়
জগৎবল্লভপুর
পাঁচলা
সাঁকরাইল
শ্যামপুর-১
শ্যামপুর-২
উদয়নারায়ণপুর
উলুবেড়িয়া-১
উলুবেড়িয়া-২
বালী (পৌ.)
হাওড়া (পৌ.নি.)
উলুবেড়িয়া (পৌ.)
০
